# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১৭-২০১৮; ইউনিট: ঘ

### বাংলা

01. 'সম্ + কার = সংস্কার' কোন সন্ধির অন্তর্ভুক্ত?
Ⓐ বিশেষ নিয়মে সাধিত সন্ধি Ⓑ বিসর্গ সন্ধি
Ⓒ বিশেষ বিসর্গ সন্ধি Ⓓ ব্যঞ্জনসন্ধি
Ⓐ Solve বিশেষ নিয়মে সাধিত কতকগুলো সন্ধি : উৎ + স্থান = উত্থান, সম + কৃত = সংস্কৃত, পরি + কার = পরিষ্কার, সম্ + কৃতি = সংস্কৃতি।

02. 'এতক্ষণে অরিন্দম কহিলা বিষাদে' এখানে 'বিষাদে' কোন কারকে কোন বিভক্তি?
Ⓐ করণে সপ্তমী Ⓑ অপাদানে সপ্তমী Ⓒ অধিকরণে সপ্তমী Ⓓ কর্মে সপ্তমী
Ⓐ Solve বাক্যস্থিত ক্রিয়াপদের সঙ্গে 'কীসের দ্বারা' বা 'কী উপায়ে' প্রশ্ন করলে যে উত্তরটি পাওয়া যায়, তা-ই করণ কারক। যেমন : এতক্ষণে অরিন্দম কহিলা বিষাদে। (করণে সপ্তমী বিভক্তি)।

03. 'Archetype' শব্দের অর্থ কী?
Ⓐ ধাতব বর্ণ Ⓑ স্থপতি Ⓒ স্থাপত্যকলা Ⓓ আদিরূপ
Ⓓ Solve 'Archetype' শব্দের অর্থ : আদিরূপ। Architect- স্থপতি, Architecture- স্থাপত্যকলা, Metallic Element- ধাতব উপাদান, Metallic colour- ধাতব বর্ণ, Aboriginal- আদিবাসী, Wellhead- আদি উৎস।

04. 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত' এটি কোন ধরনের বাক্য?
Ⓐ সরল বাক্য Ⓑ যৌগিক বাক্য Ⓒ মিশ্র বাক্য Ⓓ জটিল বাক্য
Ⓐ Solve যে বাক্যে একটিমাত্র কর্তা (উদ্দেশ্য) এবং একটিমাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে, তাকে সরল বাক্য বলে। যেমন : সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত। বিদ্বান সকলের শ্রদ্ধার পাত্র। সত্য বললে মুক্তি পাবে।

05. 'শিশিরসিক্ত' কোন সমাস?
Ⓐ তৎপুরুষ Ⓑ দ্বন্দ্ব Ⓒ বহুব্রীহি Ⓓ দ্বিগু
Ⓐ Solve শিশির দ্বারা সিক্ত = শিশিরসিক্ত – এটি তৃতীয়া তৎপুরুষ সমাস। এ সমাসের কতিপয় উদাহরণ : মনগড়া, স্বভাবসিদ্ধ, পুষ্পাঞ্জলি, তমসাচ্ছন্ন, শোকাকুল, জ্ঞানশূন্য।

06. কোনটিতে অপপ্রয়োগ ঘটেছে?
Ⓐ একত্রিত Ⓑ জবাবদিহি Ⓒ মিথস্ক্রিয়া Ⓓ স্বায়ত্ত
Ⓐ Solve 'একত্রিত' শব্দটিতে গঠনগত অপপ্রয়োগ ঘটেছে। 'একত্রিত' শব্দের শুদ্ধ রূপ : একত্র।

07. 'নিজের দ্বারা অর্জিত।' এক কথায় কী হবে?
Ⓐ স্ব-অর্জিত Ⓑ স্বর্জিত Ⓒ স্বোপার্জিত Ⓓ আত্মোর্জিত
Ⓒ Solve গুরুত্বপূর্ণ এক কথায় প্রকাশ : নিজেদের দ্বারা পরিচালিত শাসন = স্বায়ত্তশাসন, নিজেকে হত্যা করে যে = আত্মঘাতী, নিজেকে ধন্য মনে করে যে = ধন্যম্মন্য, নিজেকে হীন মনে করে যে = হীনম্মন্য, নিজেকে পণ্ডিত মনে করে যে = পণ্ডিতম্মন্য।

08. নিচের কোনটি সংকোচক অব্যয় নয়?
Ⓐ অথচ Ⓑ কিন্তু Ⓒ ও Ⓓ বরং
Ⓒ Solve অথচ, কিন্তু, বরং, তবু, তথাপি প্রভৃতি সংকোচক অব্যয়ের উদাহরণ। ও, এবং, আর, তথা, সুতরাং প্রভৃতি সংযোজক অব্যয়ের উদাহরণ।

09. কে 'অপরিচিতা' গল্পের চরিত্র নয়?
Ⓐ শম্ভুনাথ Ⓑ লোকনাথ Ⓒ হরিশ Ⓓ বিনু
Ⓑ Solve কল্যাণীর পিতা শম্ভুনাথ, অনুপমের বন্ধু হরিশ, অনুপমের পিসতুতো ভাই বিনু 'অপরিচিতা' গল্পের চরিত্র।

10. 'আকাশে মেঘ করিয়াছে' কোন বাচ্যের উদাহরণ?
Ⓐ ভাববাচ্যের Ⓑ কর্মবাচ্যের Ⓒ কর্তৃবাচ্যের Ⓓ কর্ম-কর্তৃবাচ্যের
Ⓓ Solve যে বাক্যে কর্মপদই কর্তৃস্থানীয় হয়ে বাক্য গঠন করে, তাকে কর্মকর্তৃবাচ্য বলে। যেমন : আকাশে মেঘ করেছে। চাঁদ দেখা যাচ্ছে। বাঁশি বাজে ওই দূরে। এখানে 'আকাশ' কর্ম হলেও কর্তার মতো কাজ করছে বলে কর্মকর্তৃবাচ্য হবে।

11. 'দীক্ষা' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?
Ⓐ দীশ্ + অ Ⓑ দীক্ষ্ + অ Ⓒ দিক্ষ্ + আ Ⓓ দী + ক্ষা
Ⓑ Solve 'দীক্ষা' শব্দের প্রকৃতি-প্রত্যয় : √দীক্ষ্ + অ + আ। কতিপয় প্রত্যয় সাধিত শব্দ : √লস্‌জ + অ + আ = লজ্জা, √শিক্ষ্ + অ + আ = শিক্ষা, √হিন্‌স + অ + আ = হিংসা, √রক্ষ্ + অ + আ = রক্ষা, শ্রৎ + √ধা + অ + আ = শ্রদ্ধা।

12. 'অর্ক' এর সমার্থক শব্দ কোনটি?
Ⓐ বায়ু Ⓑ সমুদ্র Ⓒ প্রভাকর Ⓓ নভোমণ্ডল
Ⓒ Solve 'অর্ক'-এর সমার্থক শব্দ : সূর্য, প্রভাকর, রবি, আদিত্য, দিবাকর, ভানু, সবিতা, বিভাকর, মিহির, আফতাব, তপন, ভাস্কর।

13. 'ক্ষ্ম' যুক্তবর্ণ কীভাবে গঠিত?
Ⓐ ক + ষ Ⓑ ক্ষ + ম Ⓒ হ + ম Ⓓ খ + ম
Ⓒ Solve কতিপয় যুক্তবর্ণের বিশ্লিষ্ট রূপ : ষ্ণ = ষ্ + ণ, ক্ষ = ক্ + ষ, ক্ষ্ম = ক্ + ষ্ + ম, জ্ঞ = জ্ + ঞ, হ্ম = হ্ + ম, হ্ন = হ্ + ন, হ্ণ = হ্ + ণ।

14. 'পঞ্চত্বপ্রাপ্তি' বাগ্‌ধারাটির অর্থ কী?
Ⓐ সিদ্ধি লাভ Ⓑ মৃত্যু Ⓒ আরোগ্য লাভ Ⓓ দেবত্ব লাভ
Ⓑ Solve 'পঞ্চত্বপ্রাপ্তি' বাগ্‌ধারাটির অর্থ : মারা যাওয়া। গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : পাকে-প্রকারে = কলাকৌশলে, পাণ্ডববর্জিত = সভ্য লোকের বাসের অযোগ্য, পটের বিবি = সুসজ্জিত।

15. 'আইলা' কোন ভাষার শব্দ?
Ⓐ তামিল Ⓑ মালয় Ⓒ পেরুর শব্দ Ⓓ সিংহলি
Ⓑ Solve আইলা, কিরিচ, কাকাতুয়া– মালয় ভাষার শব্দ; তামিল ভাষার শব্দ– চুরুট; পেরুর শব্দ– কুইনাইন; সিংহলি ভাষার শব্দ– সিডর, বেরিবেরি।

16. 'নক্ষত্র' কী ধরনের শব্দ?
Ⓐ তৎসম Ⓑ বিদেশি Ⓒ তদ্ভব Ⓓ দেশি
Ⓐ Solve কিছু তৎসম শব্দ : গ্রহ, পর্বত, সূর্য, স্রোত, পুরুষ, দন্ত, প্রশ্ন, সন্ধ্যা, নৃত্য, ধর্ম, পণ্ডিত, অন্ন, স্মৃতি, জল, পুষ্প।

17. ণ-ত্ব বিধি অনুসারে কোন গুচ্ছ অশুদ্ধ বানান?
Ⓐ ত্রিকোণ, পুরোনো Ⓑ নেত্রকোনা, নিরূপণ
Ⓒ ধরণ, ঝর্ণা Ⓓ হরিণ, রূপায়ণ
Ⓒ Solve ণ-ত্ব বিধি অনুসারে অশুদ্ধ বানানগুচ্ছ : ধরণ, ঝর্ণা। শুদ্ধ রূপ : ধরন, ঝরনা।

18. কোনটি শুদ্ধ বানান?
Ⓐ উর্দ্ধমুখী Ⓑ উর্ধমুখী Ⓒ উর্ধ্বমুখী Ⓓ উর্ধমুখী
Ⓒ Solve বানান সতর্কতা : অনূর্ধ্ব, উর্ণনাভ, উর্মিলা, উর্বশী, উষ্ণীষ।

19. বক্তা বললেন, 'শত্রুর অত্যাচারে দেশ আজ বিপন্ন।' বাক্যটি কোন কালের উদাহরণ?
Ⓐ সাধারণ বর্তমান Ⓑ ঘটমান বর্তমান
Ⓒ পুরাঘটিত বর্তমান Ⓓ ঘটমান অতীত
Ⓑ Solve বক্তার প্রত্যক্ষ উক্তিতে ঘটমান বর্তমান কাল ব্যবহৃত হয়। যথা : বক্তা বললেন, "শত্রুর অত্যাচারে দেশ আজ বিপন্ন।"

20 – 24 নং প্রশ্নের উত্তর নিম্নোক্ত অনুচ্ছেদ থেকে দাও।

ভোর রাত থেকে বৃষ্টি। আহা! বৃষ্টির ঝমঝম বোল। এই বৃষ্টির মেয়াদ আল্লাহ দিলে পুরো তিন দিন। কারণ শনিতে সাত মঙ্গলে তিন, আর সব দিন দিন। এটা জেনারেল স্টেটমেন্ট। স্পেসিফিক ক্ল্যাসিফিকেশনও আছে। যেমন মঙ্গলে ভোর রাতে হইল শুরু, তিনদিন মেঘের গুরু গুরু। তারপর, বুধের সকালে নামল জল, বিকালে মেঘ কয় এবার চল। বৃহস্পতি শুক্র কিছু বাদ নাই।

20. উদ্ধৃতাংশে মোট কয়টি প্রবাদ আছে?
Ⓐ একটি Ⓑ দুটি Ⓒ তিনটি Ⓓ চারটি
Ⓒ Solve উদ্ধৃতাংশে তিনটি খনার বচন/প্রবাদ আছে। যথা :
১. শনিতে সাত মঙ্গলে তিন, আর সব দিন দিন।
২. মঙ্গলে ভোর রাতে হইল শুরু, তিনদিন মেঘের গুরু গুরু।
৩. বুধের সকালে নামল জল, বিকালে মেঘ কয় এবার চল।



CamScanner

**21. 'বৃহস্পতি' শব্দের শুদ্ধ সন্ধিবিচ্ছেদ কোনটি?**
Ⓐ বৃহৎ + পতি Ⓑ বৃহতঃ + পতি
Ⓒ বৃহৎঃ + পতি Ⓓ বৃহ + স্পতি
**A Solve** কতিপয় নিপাতনে সিদ্ধ সন্ধি : বৃহৎ + পতি = বৃহস্পতি, আ + চর্য = আশ্চর্য, এক + দশ = একাদশ, পর্ + পর = পরস্পর, বন্ + পতি = বনস্পতি, মনস্ + ঈষা = মনীষা, দিব্ + লোক = দ্যুলোক।

**22. 'ভোররাত' কোন সমাসের উদাহরণ?**
Ⓐ দ্বন্দ্ব Ⓑ তৎপুরুষ Ⓒ কর্মধারয় Ⓓ অব্যয়ীভাব
**B Solve** তৎপুরুষ সমাসের রীতি অনুসারে কালের কোনো অর্থবোধক শব্দ পরে থাকলে তা পূর্বে বসে। যেমন : রাতের শেষ ভাগ = ভোররাত, অহ্নের অপর ভাগ = অপরাহ্ণ ইত্যাদি।

**23. 'মেয়াদ' কোন ভাষা থেকে আগত শব্দ?**
Ⓐ সংস্কৃত Ⓑ ফারসি Ⓒ তুর্কি Ⓓ আরবি
**D Solve** আরবি ভাষা থেকে আগত কয়েকটি শব্দ : কুরআন, কাফন, ফকির, দুনিয়া, মাদ্রাসা, কদম, কামিজ, মনিব, মলম, মুশকিল, তুফান, মোলায়েম, মৌসুমি, কলম, খবর, খাজনা, দালাল, নবাব, জরিমানা।

**24. 'স্পেসিফিক' শব্দের সবচেয়ে বেশি গ্রহণযোগ্য অনুবাদ কোনটি?**
Ⓐ বিশেষ Ⓑ সুনির্দিষ্ট Ⓒ এককথায় Ⓓ যেন তেন
**B Solve** 'স্পেসিফিক' শব্দটির সবচেয়ে বেশি গ্রহণযোগ্য অনুবাদ সুনির্দিষ্ট। In Fine = পরিশেষে/এক কথায়, Special/Particular = বিশেষ, At all costs = যে করেই হোক।

## English

**01. Although Barbara argues strongly that current policies are unjust, she does not ____ any particular changes**
Ⓐ reject Ⓑ condemn Ⓒ advocate Ⓓ oppose
**C Explanation** Although দ্বারা বাক্যটির দুই অংশে বিপরীত ঘটনা প্রকাশ পাচ্ছে: যদিও Barbara জোরালোভাবে যুক্তি দেখিয়েছিলো যে বর্তমান পলিসিগুলো unjust, তথাপি সে পরিবর্তনের advocate বা সমর্থন করে না।

**02. Complete the sentence:____ responsibility for the controversial bill.**
Ⓐ Neither the councilman nor the mayor takes.
Ⓑ Neither the mayor nor the councilmen takes.
Ⓒ Neither the councilmen nor the mayor take
Ⓓ Neither the councilmen or the mayor takes
**A Explanation** Neither ----- nor, Either ---- or, not only ---- but also প্রভৃতি conjunction-এর দ্বিতীয় subject (mayor)-টি আসল। The mayor (singular), তাই takes (A) ঠিক আছে।

**03. Although the terms, toad and frog refer to two different animals belonging to different genuses, some students ____ the trees.**
Ⓐ distinguish Ⓑ confuse Ⓒ respect Ⓓ observe
**B Explanation** যদি toad ও frog শব্দ দুটি ভিন্ন প্রাণীকে নির্দেশ করে, তথাপি কিছু ছাত্র-ছাত্রী এই দুটি শব্দকে তালগোল পাকিয়ে ফেলে বা গুলিয়ে ফেলে (confuse)।

**04. Choose the correct passive form: "Why did your brother write such a letter"?**
Ⓐ Why was such a letter written by your brother?
Ⓑ Why such a letter was written by your brother?
Ⓒ Why such a letter was written by your brother.
Ⓓ Why was such a letter been written by your brother?
**A Explanation** Why did? এর Passive হলো why / was / were + subject (such a letter) + মূল verb-এর PP (written)।

**05. The police found nothing special in the house of criminal as he had taken all the important documents with him, leaving just——.**
Ⓐ a piece of cake Ⓑ odds and ends
Ⓒ pros and cons Ⓓ ups and downs
**B Explanation** Odds and ends অর্থ গুরুত্বহীন, কম মূল্যবান বা মূল্যহীন ছোট খাটো জিনিস: পুলিশ অপরাধীর বাড়িতে বিশেষ কিছু পাননি, কারণ কেবল টুকিটাকি জিনিসপত্র রেখে সমস্ত গুরুত্বপূর্ণ document-গুলো নিয়ে সাথে নিয়ে গেছে।

**06. What is the antonym of the word "OBFUSCATE"**
Ⓐ clarify Ⓑ languish Ⓒ cloud Ⓓ reproach
**A Explanation** Obfuscate অর্থ বিভ্রান্ত করা। এর বিপরীত clarify পরিষ্কার/শুদ্ধ করা।

**07. She needs to run some——.**
Ⓐ errans Ⓑ errands Ⓒ erands Ⓓ erans
**B Explanation** Errands অর্থ কোনো কিছু গ্রহণ বা পেতে সংক্ষিপ্ত ভ্রমণ।

**08. "I cannot understand why she did that, it really does not <u>add up</u>." The underlined idiom can be replaced by:**
Ⓐ does not calculate. Ⓑ is not mathematical
Ⓒ does not make sense. Ⓓ makes the wrong addition
**C Explanation** Add up অর্থ মনে হওয়া বা যুক্তিসঙ্গত হওয়া।

**09. Many patients began to show symptoms —— the drug.**
Ⓐ after they stop taking
Ⓑ after they stopped taking
Ⓒ after they have stopped taking
Ⓓ after they had stopped taking
**D Explanation** রোগীরা ড্রাগ গ্রহণ বন্ধ করার পর (after + past perfect) তারা symptoms show করতে লাগলো।

**10. Choose the correct sentence:**
Ⓐ The matter was informed to the police
Ⓑ The police were informed of the matter
Ⓒ The matter had been informed to the police.
Ⓓ The police was informed of the matter.
**B Explanation** The police, people, cattle, wages, stairs প্রভৃতি সর্বদাই plural noun, তাই verb were হবে।

**11. 'Composed of' is most similar in meaning to:**
Ⓐ covered by Ⓑ filled with Ⓒ Struck by Ⓓ made of
**D Explanation** Composed of = made of = consist of অর্থ গঠিত হওয়া।

**12. Their reward was not commensurate —— the work done by us.**
Ⓐ for Ⓑ of Ⓒ on Ⓓ with
**D Explanation** Be commensurate with = be consistent with বা be congruent অর্থ কোনো কিছুর সাথে সমরূপ বা সামঞ্জস্য হওয়া। উত্তর হবে (D) = তাদের পুরস্কারটি আমাদের কৃত কাজের সাথে সমরূপ ছিল না।

**13. One whose attitude is 'eat, drink and be merry' is —.**
Ⓐ Cynic Ⓑ Stoic Ⓒ Epicurean Ⓓ Materialistic
**C Explanation** Epicurean অর্থ ইন্দ্রিয়বিলাসী বা ভোগবাদী। তার মানে, যার দৃষ্টিভঙ্গী শুধু "খাও, দাও ফূর্তি করো।"

**14. Fill in the blank– He complains —— headache.**
Ⓐ of Ⓑ off Ⓒ from Ⓓ about
**A Explanation** Complain of headache / ill ness / sick ness অর্থ মাথা ব্যাথা, অসুস্থতায় ভোগা এই ব্যাপারে অভিযোগ করা।

**15. Change the voice :The dog was biting my sister's shoes.**
Ⓐ My sister's shoes were being bitten by the dog.
Ⓑ My sister's shoes were bitten by the bog.
Ⓒ My sister's shoes are being bitten by the dog.
Ⓓ The dog bites my sister's shoes.
**A Explanation** Was bitting-এর Passive হলো was/were being bitten।



CamScanner

**Read the Passage and answer questions 16-18.**

How important is talent to succeed in life? And how good a predictor is it of future success? These are the questions psychologists have been trying to answer for decades. They have reached far, and most of their findings invariably show that talent, as we know it, is nothing but a myth. It fails to predict future successes and undeniably, isn't the only prerequisite of the same. Scientifically, it is almost impossible to measure how talented a person is. Even the term 'talent' does not mean what most of us think it means. It is a term which is over-defined, over-used and over-emphasised for no good reason. When we talk about big achievers such as Olympic medalists and other top athletes, top politicians, top businessmen, and even exam toppers, we inadvertently put talent as the main contributing factor of their achievements. We do not see their pains, sleepless nights and the many hurdles they underwent to reach the pick. Unfortunately, we have created a society and a system which only values talent. It fails to inspire effort. By putting false importance on talent, we are missing out on many great minds and things.

**16. What does the writer want to highlight?**
Ⓐ Talent is special quality to achieve greatness.
Ⓑ The great achievers are never talented.
Ⓒ One cannot be a successful businessman without effort.
Ⓓ Putting effort is all the more important than calculating one's talent.
Ⓓ Explanation শুধু talent নিয়ে হিসেব না করে প্রচেষ্টা চালানোই হচ্ছে সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ।

**17. The writer's view regarding talent is ____.**
Ⓐ ambiguous Ⓑ bad Ⓒ traditional Ⓓ traditional
Ⓐ Explanation Passage এ লেখক সকল অবদানে বা অর্জনে শুধু Talent-এর অবদানের মূল্যায়নকে সমালোচনা করেছেন। অন্যদিকে, অস্পষ্টভাবে মানুষের effort এবং pains-এর কথা উল্লেখ করেছেন। লেখকের দৃষ্টিভঙ্গী বা মতামত পেশ করাটা আসলে ambiguous বা দ্ব্যর্থক বা দ্ব্যর্থবোধক।

**18. According to psychologists, ----**
Ⓐ Talent predicts success.
Ⓑ Telent is almost like myth.
Ⓒ Talent invariably brings success.
Ⓓ Talent and cusses go together.
Ⓑ Explanation Passage এর ৪র্থ ও ৫ম বাক্যে আছে। মনোবিজ্ঞানীদের মতে "It (= Talent) is nothing but a myth"।

**19. The secret behind all great achievement is___.**
Ⓐ Luck Ⓑ talent Ⓒ effort Ⓓ ability
Ⓒ Explanation সকল বড় বড় অবদান বা বিখ্যাত কাজের পেছনে রহস্য হলো প্রচেষ্টা বা effort, যেটি, passage-এর শেষের দিকে indirectly বলা আছে we do not see their pains, sleepless nights ..... Unfortunately we ---- only values talent .... It fails to inspire effort')

**20. Which area for big achievers has not been mentioned in the passage?**
Ⓐ sports Ⓑ business Ⓒ politics Ⓓ films
Ⓓ Explanation Passage-এর মাঝামাঝি আছে: When we talk about big achievers such as Olympic medalists and other top athletes, top politicians.... ।

**21. Which is correctly spelt?**
Ⓐ Persiverence Ⓑ Perseverance
Ⓒ Perseverence Ⓓ Persivearance
Ⓑ Explanation Perseverance (পার-সেভারেন্স - অধ্যবসায়).

**22. The murder of a king is called ----.**
Ⓐ regicide Ⓑ homicide Ⓒ matricide Ⓓ patricide
Ⓐ Explanation রাজাকে হত্যা করা হলো regicide।

**23. What is the appropriate meaning of the phrase 'to blow hot and cold'?**
Ⓐ To be inconsistent Ⓑ Changing weather
Ⓒ To be untrustworthy Ⓓ To be rich and poor frequently
Ⓐ Explanation To blow hot and cold অর্থ প্রায়ই কোন ব্যাপারে নিজের মতামত পরিবর্তন করা, দ্বিধাগ্রস্ত হওয়া।

**24. Complete the sentence: One who breaks image is called__.**
Ⓐ Impostor Ⓑ Iconoclast Ⓒ Cannibal Ⓓ Aviary
Ⓑ Explanation Iconoclast অর্থ দেব-দেবীর মূর্তি ভাঙ্গনকারী।

## সাধারণ জ্ঞান

**01. 'সাংগ্রাই' কোন নৃ-গোষ্ঠীর উৎসবের নাম?**
Ⓐ রাখাইন Ⓑ মারমা Ⓒ মুরং Ⓓ বিঝু
Ⓑ Solve বাংলাদেশের বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর প্রধান উৎসব:

| | | | |
|---|---|---|---|
| ত্রিপুরা/টিপরা | বৈসুক | মুরং | চিয়াছড |
| মারমা | সাংগ্রাই | বিঝু | সাংক্রান |
| চাকমা | বিঝু | রাখাইন | জলকেলি |
| গারো | ওয়ানগালা | তঞ্চঙ্গ্যা | বিষু |

**02. 'সিঁদুরী' কিসের নাম?**
Ⓐ উন্নত জাতের আলু Ⓑ উন্নত জাতের গম
Ⓒ সুগন্ধি ধান Ⓓ তৈলযুক্ত বীজ
Ⓐ Solve বাংলাদেশের আরও কয়েকটি উন্নত ফসলের জাত:

| | |
|---|---|
| আলু | ডায়মন্ড, কার্ডিনেল, আলফেট, ক্যারোলাস। |
| টমেটো | বাহার, মানিক, রতন, ঝুমকা, সিঁদুর, শ্রাবণী। |
| ধান | মালা, ব্রিশাইল, আশা, মুক্তা, ময়না, ইরাটম-২৪, আলোক-৬২০১। |
| গম | বলাকা, দোয়েল, আনন্দ, আকবর, বরকত, সোনালিকা। |
| কলা | অমৃতসাগর, অগ্নিশ্বর, সিঙ্গাপুরী, চাঁটিকলা, মোহনবাঁশী, কানাইবাঁশী। |

**03. 'ইনকা সভ্যতা' গড়ে উঠেছিল কোথায়?**
Ⓐ মিশরে Ⓑ দক্ষিণ আমেরিকায় Ⓒ চীনে Ⓓ ইরানে
Ⓑ Solve মধ্য আমেরিকা থেকে আগত একদল ভাগ্যান্বেষী দক্ষিণ আমেরিকার দেশ পেরুর কুজকো উপত্যকায় ১৩১০ সালে একটি রাজত্ব প্রতিষ্ঠা করে। রাজত্বের নাম হয় ইনকা এবং রাজা তাপাক নিজেকে ভিরাকোচা ইনকা (জনগণের ঈশ্বর) নামে ভূষিত করেন।

**04. ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের পর অবৈধ অস্ত্র জমা নেওয়ার অভিযানের নাম কী?**
Ⓐ অপারেশন আর্ম ব্যাক Ⓑ অপারেশন ক্লিনহার্ট
Ⓒ অপারেশন ক্রোজডোর Ⓓ অপারেশন নবযাত্রা
Ⓒ Solve বাংলাদেশে পরিচালিত আরও কয়েকটি অপারেশন:

| | |
|---|---|
| অপারেশন ক্লিন হার্ট | ২০০২ সালে যৌথবাহিনী পরিচালিত সন্ত্রাসী গ্রেফতার ও অবৈধ অস্ত্র উদ্ধার অভিযান। |
| অপারেশন নবযাত্রা | নির্ভুল ভোটার তালিকা প্রস্তুত কার্যক্রম। |
| অপারেশন থান্ডার বোল্ট | ২০১৬ সালের ২ জুলাই গুলশানের হলি আর্টিজান রেস্তোরাঁয় জিম্মিদের উদ্ধারে পরিচালিত বিশেষ অভিযান। |

**05. 'শহিদ মিনার' -এর সঙ্গে যেমন ভাষা আন্দোলন তেমনি 'আসাদ গেট' এর সঙ্গে-**
Ⓐ একাত্তরের মুক্তিযুদ্ধ Ⓑ বাষট্টির শিক্ষা আন্দোলন
Ⓒ ৯০ এর স্বৈরাচার বিরোধী আন্দোলন Ⓓ উনসত্তর -এর গণঅভ্যুত্থান
Ⓓ Solve ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান চলাকালে ২০ জানুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের ছাত্র আসাদ নিহত হন। শহিদ আসাদের স্মরণে পূর্ববর্তী আইয়ুব গেটের নামকরণ করা হয় আসাদ গেট।

**06. 'গেরিলা' চলচ্চিত্রটির পরিচালক কে?**
Ⓐ তানভীর মোকাম্মেল Ⓑ মোরশেদুল ইসলাম
Ⓒ তারেক মাসুদ Ⓓ সৈয়দ ওয়ালীউল্লাহ
Ⓐ Solve মুক্তিযুদ্ধভিত্তিক কয়েকটি বিখ্যাত ছবির নাম:

| ছবির নাম | সাল | পরিচালক |
|---|---|---|
| স্টপ জেনোসাইড | ১৯৭১ | জহির রায়হান |
| ওরা ১১ জন | ১৯৭২ | চাষী নজরুল ইসলাম |
| আবার তোরা মানুষ হ | ১৯৭৩ | খান আতাউর রহমান |
| গেরিলা | ২০১১ | নাসিরউদ্দিন ইউসুফ |



CamScanner

07. 'ভাসু বিহার' কোন প্রত্নতাত্ত্বিক নিদর্শনের সঙ্গে জড়িত?

Ⓐ মহাস্থান গড় Ⓑ পাহাড়পুর Ⓒ ময়নামতি Ⓓ ওয়ারী বটেশ্বর

Ⓐ Solve ভাসু বিহার বাংলাদেশের অন্যতম প্রাচীন প্রত্নতাত্ত্বিক নিদর্শন। এটি বগুড়া জেলার শিবগঞ্জ উপজেলায় মহাস্থানগড় থেকে ৬ কিলোমিটার পশ্চিমে বিহার ইউনিয়নের বিহার নামক গ্রামে অবস্থিত।

08. শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধি দেওয়া হয় কত তারিখে?

Ⓐ ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ Ⓑ ৪ জানুয়ারি ১৯৬৬
Ⓒ ২৩ মার্চ ১৯৬৯ Ⓓ ২৪ এপ্রিল ১৯৬৮

Ⓐ Solve সামরিক শাসক আইয়ুব খান ৩ জানুয়ারি ১৯৬৮ সালে বঙ্গবন্ধুসহ মোট ৩৫জনকে আসামি করে আগরতলা ষড়যন্ত্র মামলা দায়ের করেন। ব্যাপক গণআন্দোলনের ফলে ২২ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে এ মামলা প্রত্যাহার করা হয়। ২৩ ফেব্রুয়ারি ১৯৬৯ সালে ছাত্রনেতা তোফায়েল আহমেদ শেখ মুজিবুর রহমানকে 'বঙ্গবন্ধু' উপাধিতে ভূষিত করেন।

09. ঘড়িতে যখন ৩টা বেজে ৪৫ মিনিট তখন ঘণ্টা ও মিনিটের কাঁটার মধ্যকার কোণটি কত ডিগ্রি হবে?

Ⓐ ১৪৭ ডিগ্রি Ⓑ ১৪৮ ডিগ্রি
Ⓒ ১৫৭.৫ ডিগ্রি Ⓓ ১৫২.৫ ডিগ্রি Ans Ⓒ

10. 'চিকুনগুনিয়া' ভাইরাস প্রথম ধরা পড়ে-

Ⓐ তানজানিয়া Ⓑ কেনিয়া Ⓒ ঘানা Ⓓ সুদান

Ⓐ Solve ১৯৫৩ সালে চিকুনগুনিয়া ভাইরাস প্রথম ধরা পড়ে তানজানিয়ায়। চিকুনগুনিয়া ভাইরাসের বাহক Aedes Aegypti মশা। আফ্রিকান শব্দ চিকুনগুনিয়ার অর্থ ধনুকের মতো বেঁকে যাওয়া।

11. ২০১৯ বিশ্বকাপ ক্রিকেটের ফাইনাল ম্যাচ হবে কোথায়?

Ⓐ দ্য ওভাল Ⓑ লর্ডস Ⓒ ওয়েলস Ⓓ ডাবলিন

Ⓑ Solve ২০১৯ সালে ১২তম ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হয়েছিল ইংল্যান্ড ও ওয়েলসে। ২০২৩ সালে ১৩তম ক্রিকেট বিশ্বকাপ অনুষ্ঠিত হয় ভারতে।

12. বিশ্ব তথ্য অধিকার দিবস কোনটি?

Ⓐ ২৭ সেপ্টেম্বর Ⓑ ২৮ সেপ্টেম্বর Ⓒ ২৭ অক্টোবর Ⓓ ২৮ অক্টোবর

Ⓑ Solve বিশ্বের আরো কয়েকটি গুরুত্বপূর্ণ দিবস:

| | | | |
|---|---|---|---|
| ৮ মার্চ | বিশ্ব নারী দিবস | ১১ জুলাই | বিশ্ব জনসংখ্যা দিবস |
| ৭ এপ্রিল | বিশ্ব স্বাস্থ্য দিবস | ৮ সেপ্টেম্বর | বিশ্ব সাক্ষরতা দিবস |
| ১ মে | বিশ্ব শ্রমিক দিবস | ৫ অক্টোবর | বিশ্ব শিক্ষক দিবস |
| ৩১ মে | বিশ্ব তামাকমুক্ত দিবস | ১ ডিসেম্বর | বিশ্ব এইডস দিবস |
| ৫ জুন | বিশ্ব পরিবেশ দিবস | ১০ ডিসেম্বর | বিশ্ব মানবাধিকার দিবস |

13. EPA কী?

Ⓐ Equal production Authority
Ⓑ Environmental Protection Agency
Ⓒ Exchange Partnership Agency
Ⓓ Employment Protection Authority

Ⓑ Solve যুক্তরাষ্ট্রের রাষ্ট্রপতি রিচার্ড নিক্সনের উদ্যোগে ১৯৭০ সালের ২ ডিসেম্বর Environmental Protection Agency (EPA) প্রতিষ্ঠিত হয়। এর সদরদপ্তর ওয়াশিংটন ডিসিতে অবস্থিত।

14. পুলিৎজার পুরস্কার কিসের জন্য দেওয়া হয়?

Ⓐ চলচ্চিত্র Ⓑ অর্থনীতি Ⓒ সাংবাদিকতা Ⓓ খেলাধুলা

Ⓒ Solve জোসেফ পুলিৎজার নামের একজন হাঙ্গেরীয়-মার্কিন সাংবাদিক পুলিৎজার পুরস্কারের প্রচলন করেছিলেন। ১৯১৭ সালের ৪ জুন প্রথম পুলিৎজার পুরস্কারের ঘোষণা দেওয়া হয়। প্রতিবছর সাংবাদিকতা, সাহিত্য এবং সঙ্গীতসহ ২১টি ক্ষেত্রে এই পুরস্কার প্রদান করা হয়।

15. 'বাংলাদেশের অর্থনৈতিক সমীক্ষা ২০১৭' অনুযায়ী বাংলাদেশে প্রতি বর্গ কিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব কত?

Ⓐ ১০৬৭ জন Ⓑ ১০৭৭ জন Ⓒ ১০৮৮ জন Ⓓ ১০৯৯ জন

Ⓑ Solve বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুযায়ী, বাংলাদেশে প্রতি বর্গকিলোমিটারে জনসংখ্যার ঘনত্ব ১১৭১ জন।

16. ইতিহাসের শ্রেষ্ঠ নির্মাতা বলা হয় কাদের?

Ⓐ আসেরীয়দের Ⓑ মিশরীয়দের
Ⓒ ব্যাবিলনীয়দের Ⓓ ক্যালডিয়দের

Ⓑ Solve মিসরীয় সভ্যতা গড়ে উঠেছিল নীল নদের তীরে। ১২ ... এক বছর, ৩০ দিনে এক মাস, ৩৬৫ দিনে এক বছর - এই গণনা... প্রবর্তক মিসরীয়রা।

17. টেস্টে এক ইনিংসে সর্বোচ্চ রানের অধিকারী কে?

Ⓐ ভিভ রিচার্ডস Ⓑ ব্রায়ান লারা Ⓒ গ্যারী সোবার্স Ⓓ কপিল দেব

Ⓑ Solve ব্রায়ান লারা টেস্টে এক ইনিংসে সর্বোচ্চ ৪০০ রান করেছিলেন

18. বাংলাদেশের মোট ভৌগোলিক নির্দেশক (GI) পণ্য সংখ্যা কয়টি?

Ⓐ ১টি Ⓑ ২টি Ⓒ ৩টি Ⓓ ৪টি

Solve ১৭ নভেম্বর ২০১৬ দেশের প্রথম ভৌগোলিক নির্দেশক (Geographical Indication-GI) পণ্য হিসেবে নিবন্ধন লাভ করে জামদানি। ১০ আগস্ট ২০১৭ দেশের দ্বিতীয় ভৌগোলিক নির্দেশক পণ্য হিসেবে স্বীকৃতি লাভ করে ইলিশ মাছ। বর্তমানে বাংলাদেশে নিবন্ধিত ভৌগোলিক নির্দেশক পণ্য ৫২টি। [পরিবর্তনশীল তথ্য]

19. MDGs (Millennium Development Goals) -এ কয়টি Goal -নির্ধারণ করা হয়েছিল?

Ⓐ ৮টি Ⓑ ৯টি Ⓒ ১৫টি Ⓓ ১৩টি

Ⓐ Solve জাতিসংঘের গৃহীত ৮টি লক্ষ্যবিশিষ্ট উন্নয়ন পরিকল্পনা এমডিজি'র মেয়াদ শেষ হয় ২০১৫ সালে। জাতিসংঘের বর্তমান চলমান উন্নয়ন পরিকল্পনা হলো এসডিজি যার মেয়াদ ২০১৬-২০৩০ সাল পর্যন্ত। এসডিজি'র ১৭টি লক্ষ্য ও ১৬৯টি টার্গেট রয়েছে।

20. বর্তমানে OIC এর পূর্ণ রূপ কী?

Ⓐ Organization of the Islamic Conference
Ⓑ Organization of Islamic Cooperation
Ⓒ Organization of the Islamic Council
Ⓓ Organization of the Islamic Cooperation.

Ⓑ Solve সেপ্টেম্বর ১৯৬৯ সালে Organization of Islamic Cooperation (OIC) প্রতিষ্ঠিত হয়। এর সদরদপ্তর অবস্থিত সৌদি আরবের জেদ্দাতে। বর্তমান সদস্য দেশ ৫৭টি।

21. ২০১৭ সালে Medicine এ নোবেল পুরস্কার পেয়েছেন কারা?

Ⓐ Jeffrey C. Hall, Michael Rosbash & Michael W. Young
Ⓑ Jecques Dubo & Richard Herderson
Ⓒ Raines Weiss & C. Barish
Ⓓ Kazuo Ishijuro & Richard. H. Thaler.

Ⓐ Solve 'নোবেল পুরস্কার' প্রবর্তিত হয় ১৯০১ সালে। বর্তমানে ৬টি ক্ষেত্রে নোবেল প্রদান করা হয়। অর্থনীতিতে প্রথম নোবেল প্রদান করা হয় ১৯৬৯ সালে। ২০২৪ সালে চিকিৎসায় নোবেল পেয়েছেন ভিক্টর অ্যামবোস ও গ্যারি রাভকান।

22. ZEBRA -এর কোড নম্বর ২৬৫২১৮১; COBRA এর কোড নম্বর কত হবে?

Ⓐ ৩০২১৮১ Ⓑ ৩১৫২১৮১
Ⓒ ৩১৮২২৫১ Ⓓ ১১৮২১৫৩ Ans Ⓑ

23. Asian Clearing Union-ACU এর সদস্য দেশ হচ্ছে-

Ⓐ মালদ্বীপ, বাংলাদেশ, মিয়ানমার, পাকিস্তান, শ্রীলঙ্কা
Ⓑ ভিয়েতনাম, ভুটান, বাংলাদেশ, মালদ্বীপ, ভারত
Ⓒ থাইল্যান্ড, ভুটান, ভিয়েতনাম, বাংলাদেশ, ভারত
Ⓓ পাকিস্তান, জাপান, ভুটান, বাংলাদেশ, চীন

Ⓐ Solve Asian Clearing Union (ACU) প্রতিষ্ঠিত হয় ১৯৭৪ সালের ৯ ডিসেম্বর। এর সদরদপ্তর অবস্থিত ইরানের তেহরানে। ACU-এর সদস্য দেশ ৯টি : ভারত, নেপাল, পাকিস্তান, শ্রীলঙ্কা, ইরান, বাংলাদেশ, মালদ্বীপ, ভুটান ও মিয়ানমার।

24. শূন্যস্থানে কী হবে? AZ, GT, MN, —, YB.

Ⓐ KF Ⓑ RX Ⓒ SH Ⓓ TS Ans Ⓒ



CS CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১৬-২০১৭; ইউনিট: ঘ

### English

**01. Finding himself short — money, he wrote — his uncle — help.**
Ⓐ to, for, with Ⓑ of, to, for
Ⓒ to, to, about Ⓓ in, to, to
Ⓑ Explanation Short of- ঘাটতি বোঝাতে; to- কারো বরাবর বোঝাতে; for- জন্যে অর্থে ব্যবহৃত হয়েছে।

**02. Select the pair which has the same relationship - After : Before**
Ⓐ First : Second Ⓑ Successor : Predecessor
Ⓒ Contemporary : Historic Ⓓ Present : Past
Ⓑ Explanation After (পরে): Before (পূর্বে) বিপরীত শব্দ এবং Successor (উত্তরাধিকারী); Predecessor (পূর্বপুরুষ) পরস্পর বিপরীত শব্দ।

**03. The ring that I was looking at is gone, someone else — it.**
Ⓐ must have bought Ⓑ must had bought
Ⓒ must buy Ⓓ must be buying
Ⓐ Explanation Must + have + $v_3$; অতীতে ঘটে যাওয়া কাজ বোঝাতে।

**04. He gave me some good —.**
Ⓐ advice Ⓑ advises
Ⓒ advices Ⓓ advising
Ⓐ Explanation Advice একটি uncountable noun যা সবসময় singular হিসেবে বসে।

**05. Only — can be affected by the grammatical category known as number.**
Ⓐ conjunction Ⓑ adverbs
Ⓒ nouns Ⓓ adjectives
Ⓒ Explanation Number হচ্ছে noun এর সাথে সম্পর্কিত অর্থাৎ শুধু noun ই singular বা plural হয়।

**06. Don't see that film! It's — awful!**
Ⓐ nearly Ⓑ absolutely
Ⓒ extremely Ⓓ dangerously
Ⓒ Explanation It's extremly (অত্যন্ত) awful (ভয়ংকর)।

**07. During the time of fiscal crisis, such lavish expenditure must be —.**
Ⓐ corrected Ⓑ justified
Ⓒ curtailed Ⓓ adjusted
Ⓒ Explanation সংকটের সময় এরকম অপব্যয় অবশ্যই কমাতে (Curtailed) হবে।

**08. Select the correct sentence.**
Ⓐ Driven through hunger, he stole a piece of bread.
Ⓑ Driven by hunger, he stole a piece of bread.
Ⓒ Driven of hunger, he stole a piece of bread.
Ⓓ Driven in hanger, he stole a piece of bread.
Ⓑ Explanation Reduced Clause এর নিয়মানুযায়ী এখানে driven by hunger (ক্ষুধায় তাড়িত হয়ে) হবে।

**09. Change the sentence into optative sentence. "I wish my mother were alive today."**
Ⓐ I wish my mother would alive today.
Ⓑ Would that my mother were alive today.
Ⓒ Would my mother were alive today.
Ⓓ That my mother would alive today.
Ⓑ Explanation Direct narration এ I wish থাকলে indirect এ Would that ব্যবহার করা যায়।

**10. Choose the correct analogy. Vindictive : Mercy**
Ⓐ Avaricious : Greed Ⓑ Insightful : Hope
Ⓒ Modest : Dignity Ⓓ Skeptical : Trustfulness
Ⓓ Explanation Vindictive (প্রতিহিংসাপরায়ণ) এর বিপরীত Mercy (ক্ষমা), অপরদিকে Skeptical (সংশয়বাদী) এর বিপরীত Trustfulness (আস্থা)।

**Read the passage and answer the questions from 11 to 14.**

For two decades after World War II, Mass-production techniques pushed companies into standardized products, long product lift cycles and rigid manufacturing, emphasizing efficiency and low cost over flexibility. Special orders cost more. But today's consumers are very choosy. They want quality, value and products, specially tailored to their needs, but always at the lowest possible price. For now mass customization has come to the fore. Mass customization uses information technology to produce and deliver products and services designed to fit the specifications of individual customers. Companies can customize products in quantities as small as one with the same speed and low cost as mass production methods. Mass customization systems use information taken from the customer to control the flow of goods.

**11. The point is made in the passage that mass customization —.**
Ⓐ is no more costly and no more time consuming than mass production.
Ⓑ is a system that dates back to the end of World Wall II.
Ⓒ has actually never as popular as mass production.
Ⓓ does not attach much importance to flexibility.
Ⓐ Explanation Passage এর with the same speed and low cost..mass customization method অংশ দ্বারা উত্তরটি বোঝা যায়।

**12. According to the passage, present day customers —.**
Ⓐ are encouraged to buy ready-made goods available in the shops.
Ⓑ are pleased for more easily than customers were in the past.
Ⓒ do not attach much importance to production methods.
Ⓓ specify what they want and insist on getting it.
Ⓓ Explanation Speical orders cost more. But today's consumers are very choosy লাইনগুলোতে Present day customers সম্পর্কে উল্লেখ করা হয়েছে।

**13. By the phrase 'mass customization', as it is used in the passage, is meant the production goods.**
Ⓐ designed to meet the specific needs of individual customers.
Ⓑ designed to have along life.
Ⓒ at high speed regardless of cost.
Ⓓ in very large quantities and for general use. Ans Ⓐ

**14. We learn from the passage that mass production**
Ⓐ has now regained its previous popularity.
Ⓑ was the leading method of production in the twenty years or so that followed World War II.
Ⓒ can easily be adapted to meet the needs of individulal customers.
Ⓓ can be very profitable because of the wide appeal of its goods.
Ⓒ Explanation প্রশ্নটিতে Mass Customization ...... individual custom- লাইনটি sentence টির প্রসঙ্গ রয়েছে।

**15. Choose the correct antonym of 'Nomad'?**
Ⓐ Bachelor Ⓑ Victim
Ⓒ Inhuman Ⓓ Settled
Ⓓ Explanation Nomad (যাযাবর/অস্থায়ী আবাসন), এর বিপরীত শব্দ settled (স্থায়ী)।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

**16. One who journeys to a holy place is a ——.**
Ⓐ refugee Ⓑ traveller
Ⓒ peddler Ⓓ pilgrim

Ⓓ Explanation যারা পবিত্রস্থানে ভ্রমণ করে তাদের pilgrim (তীর্থযাত্রী) বলে।

**17. The expression 'after one's own heart' means -**
Ⓐ to one's own liking Ⓑ to be in high spirit
Ⓒ to be in low spirit Ⓓ with complete devotion

Ⓐ Explanation 'After one's own heart' একটি Phrasal verb যার অর্থ to one's own liking অর্থাৎ কারো পছন্দমত/মনের মত।

**18. Which of the following will complete the sentence correctly?– they are tropical birds, parrots can live in temperate or even cold climate.**
Ⓐ Despite Ⓑ Even though
Ⓒ Nevertheless Ⓓ In spite of

Ⓑ Explanation Even though (সত্ত্বেও) they are tropical (গ্রীষ্মমন্ডলীয়) পাখি তবুও তারা ঠাণ্ডা আবহাওয়াতে থাকতে পারে।

**19. 'Professor Kamal is an authority —— Sociology'.**
Ⓐ of Ⓑ on
Ⓒ to Ⓓ for

Ⓑ Explanation কোনো বিষয়ে অভিজ্ঞ বোঝাতে- authority on বসে।

**20. Which one is correctly spelt?**
Ⓐ Annihilate Ⓑ Annihilate
Ⓒ Annihilate Ⓓ Annihilate

Blank Explanation প্রশ্নে উল্লেখিত সবগুলো শব্দই একইরকম এবং সঠিক।

**21. Which one is the correct sentence?**
Ⓐ Although he is poor, he is honest.
Ⓑ Although he is poor, so he is honest.
Ⓒ Although he is poor, but he is honest.
Ⓓ Although he is poor and he is honest.

Ⓐ Explanation Although (যদিও) Conjunction টি পরস্পর contrasting ideas এর দুটি clause কে যুক্ত করে।

**22. Find out the appropriate meaning of the underlined words. You should make good the loss.**
Ⓐ Pay Ⓑ Redress
Ⓒ Sell Ⓓ Buy

Ⓑ Explanation Make good (ক্ষতিপূরণ দেওয়া) এর সমার্থক শব্দ Redress।

**23. Change the active voice into passive.**
**"I am to make a telephone call."**
Ⓐ A telephone call will to make by me.
Ⓑ A telephone call is to making by me.
Ⓒ A telephone call will made by me.
Ⓓ A telephone call is to be made by me.

Ⓓ Explanation Present Indefinite Tense এ am to / are to / is to / have to ইত্যাদি থাকলে voice change এর সময় এদের পর be বসাতে হবে।

**24. Although we often use 'speed' and 'velocity' interchangeably, in a technical sense, 'speed' is not always —— 'velocity'.**
Ⓐ alike Ⓑ similar
Ⓒ the same as Ⓓ as

Ⓒ Explanation Speed (গতির দ্রুততা) এবং velocity (বেগ / দ্রুতি) ব্যবহারিক অর্থের দিক থেকে একই হলেও, কিন্তু সবসময় তারা একই নয়। এখানে noun + the same as + noun এর নিয়ম ব্যবহার করা হয়েছে।

## বাংলা

**01. সমষ্টিবাচকতা নির্দেশ করে যে শব্দটি -**
Ⓐ সততা Ⓑ মানুষ
Ⓒ বহর Ⓓ অর্ধেক

Ⓒ Solve সমষ্টিবাচকতা অর্থে 'বহর' শব্দটির প্রয়োগ : নৌবহর।

**02. নিচের কোন গুচ্ছ তদ্ভব শব্দ?**
Ⓐ চন্দ্র, সূর্য, গ্রহ, নক্ষত্র Ⓑ চোখ, নাক, কান, মাথা
Ⓒ আইন, আদালত, দারোগা, পুলিশ Ⓓ লাল, নীল, সবুজ, খয়েরি

Ⓑ Solve কতিপয় তদ্ভব শব্দ : চোখ, নাক, কান, মাথা, ডান, বাঁ, দুধ, আলতা, গা, মা, শিং, মাছ, ভাত, তেল।

**নিচের অংশটি পাঠ করে 3 থেকে 7 নম্বর প্রশ্নের উত্তর দাও :**

একুশে ফেব্রুয়ারি আমরা উদ্বেগ, উৎকণ্ঠা নিয়ে দিন কাটালাম, রাতে সিপাহি ডিউটিতে এসে খবর দিল, ঢাকায় ভীষণ গোলমাল হয়েছে। কয়েকজন লোক গুলি খেয়ে মারা গেছে। রেডিওর খবর, ফরিদপুরে হরতাল হয়েছে, ছাত্র-ছাত্রীরা শোভাযাত্রা করে জেলগেটে এসেছিল। তারা বিভিন্ন স্লোগান দিচ্ছিল, 'রাষ্ট্রভাষা বাংলা চাই', 'বাঙালিদের শোষণ করা চলবে না', 'শেখ মুজিবের মুক্তি চাই' 'রাজবন্দীদের মুক্তি চাই' আরও অনেক স্লোগান।

**03. 'হরতাল' কোন ভাষা থেকে আগত শব্দ?**
Ⓐ সংস্কৃত Ⓑ হিন্দি
Ⓒ গুজরাটি Ⓓ মৈথিলি

Ⓒ Solve কয়েকটি গুজরাটি শব্দ : খদ্দর, হরতাল, তকলি।

**04. উদ্ধৃত অংশটি কোন রীতিতে রচিত?**
Ⓐ সাধু Ⓑ চলিত Ⓒ কথ্য Ⓓ মিশ্র Ans Ⓑ

**05. 'ভীষণ' কোন ধরনের পদ?**
Ⓐ বিশেষ্য Ⓑ বিশেষণ Ⓒ ক্রিয়া-বিশেষণ Ⓓ অনুসর্গ

Ⓑ Solve কয়েকটি বিশেষণ পদ : আণবিক, আশ্বস্ত, আহূত, আঙ্গিক, ঈর্ষান্বিত, আধ্যাত্মিক।

**06. নিচের কোনটি ফারসি শব্দ?**
Ⓐ সিপাহি Ⓑ গোলমাল
Ⓒ গুলি Ⓓ খবর

Ⓐ Solve কয়েকটি ফারসি শব্দ : সিয়া, সিনা, সাহানা, সিতার, সারেজাহান, নামাজ, রোজা, জিন্দা, নমুনা, রফতানি, হাঙ্গামা।

**07. উদ্ধৃত অংশটি কার দৃষ্টিকোণে রচিত?**
Ⓐ উত্তম পুরুষ Ⓑ মধ্যম পুরুষ
Ⓒ নাম পুরুষ Ⓓ সর্বজ্ঞ দৃষ্টিকোণ

Ⓐ Solve বক্তার নিজের বক্তব্য প্রকাশ করার জন্য বা নিজেকে চিহ্নিত করার জন্য যে সর্বনাম ব্যবহার করে, তাকে উত্তম পুরুষ বলে। যেমন : 'আমরা খেলা করব'। 'আমরা' উত্তম পুরুষ।

**08. মৈথিলি ও বাংলার মিশ্রণে কোন ভাষার সৃষ্টি হয়েছে?**
Ⓐ প্রাকৃত Ⓑ গৌড়ীয়
Ⓒ ব্রজবুলি Ⓓ অপভ্রংশ

Ⓒ Solve ব্রজবুলি এক প্রকার কৃত্রিম সাহিত্যিক ভাষা, যা বাংলা ও মৈথিলি ভাষার মিশ্রণে তৈরি। তবে এ ভাষার মধ্যে বেশ কিছু হিন্দি শব্দ আছে। এ ভাষার স্রষ্টা বিদ্যাপতি।

**09. 'আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা' বাক্যে 'আমারে' শব্দটি কোন কারকে বিভক্তি?**
Ⓐ কর্মকারকে ২য়া Ⓑ কর্তৃকারকে ২য়া
Ⓒ কর্মকারকে ৭মী Ⓓ কর্তৃকারকে ৭মী

Ⓐ Solve যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পন্ন করে, তাকে কর্মকারক বলে। যেমন : আমারে তুমি করিবে ত্রাণ, এ নহে মোর প্রার্থনা। (কর্মে ২য়া বিভক্তি)।


CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

10. 'ঘর' শব্দটির সমার্থক নয় কোনটি?
Ⓐ বাটি Ⓑ সদন
Ⓒ আগার Ⓓ ক্ষিতি
Ⓓ Solve 'ঘর'-এর সমার্থক শব্দ : বাটি, সদন, আগার, নিবাস, নিকেতন, ধাম, আলয়, গৃহ, আবাসন। 'ক্ষিতি'-এর সমার্থক শব্দ 'পৃথিবী'।

11. 'বার্ষিক' শব্দটি ব্যাকরণের কোন নিয়মে গঠিত?
Ⓐ সন্ধিযোগে Ⓑ সমাসযোগে
Ⓒ উপসর্গযোগে Ⓓ প্রত্যয়যোগে
Ⓓ Solve কয়েকটি প্রত্যয় সাধিত শব্দ : হেমন্ত + ষ্ণিক = হৈমন্তিক, অকস্মাৎ + ষ্ণিক = আকস্মিক, বেদ + ষ্ণিক = বৈদিক, বিজ্ঞান + ষ্ণিক = বৈজ্ঞানিক।

12. মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধে উল্লিখিত 'Ripeness is all' বা 'পরিপক্বতাই সব' উক্তিটি কোন কবির?
Ⓐ William Wordsworth Ⓑ William Shakespeare
Ⓒ John Milton Ⓓ John Keats
Ⓑ Solve মোতাহের হোসেন চৌধুরীর 'জীবন ও বৃক্ষ' প্রবন্ধের অংশবিশেষ : 'সুখ-দুঃখ-বেদনা উপলব্ধির ফলে অন্তরের যে পরিপক্বতা, তাই তো আত্মা। এই আত্মরূপ ফল স্রষ্টার উপভোগ্য। তাই মহাকবির মুখে শুনতে পাওয়া যায় : 'Ripeness is all;– পরিপক্বতাই সব।

13. 'অপরিচিতা' কার দৃষ্টিকোণে লেখা গল্প?
Ⓐ মধ্যম পুরুষের Ⓑ উত্তম পুরুষের Ⓒ ভাববাচ্যে Ⓓ কর্তৃবাচ্যে
Ⓑ Solve 'অপরিচিতা' উত্তম পুরুষের জবানিতে লেখা গল্প। 'অপরিচিতা' মন্ত্রপে ভেঙে পড়া এক ব্যক্তিত্বহীন যুবকের স্বীকারোক্তির গল্প, তার পাপ-স্খলনের অকপট কথামালা।

14. বিভক্তিযুক্ত শব্দ মাত্রকেই কী বলা হয়?
Ⓐ বাক্য Ⓑ পদ Ⓒ সমাস Ⓓ সন্ধি
Ⓑ Solve বিভক্তিযুক্ত শব্দকে পদ বলা হয়। যেমন : পবনকে ডাক। এখানে 'পবনকে' পদে 'পবন' শব্দ এবং 'কে' বিভক্তি। উল্লেখ্য, কখনও কখনও পদে বিভক্তি চিহ্ন দেখা যায় না। সেক্ষেত্রে, শূন্য বিভক্তি আছে মনে করা হয়। যেমন : রবিন গান গায়।

15. নিম্নের কোনটি অপিনিহিতির উদাহরণ?
Ⓐ স্ত্রী > ইস্ত্রী Ⓑ স্বপ্ন > স্বপন Ⓒ ভাগ্য > ভাইগ্য Ⓓ পূজা > পুজো
Ⓒ Solve পরের ই-কার আগে উচ্চারিত হলে কিংবা যুক্ত ব্যঞ্জনধ্বনির আগে ই-কার বা উ-কার উচ্চারিত হলে, তাকে অপিনিহিতি বলে। যেমন : ভাগ্য > ভাইগ্য, আজি > আইজ, সাধু > সাউধ ইত্যাদি।

16. ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে, কী বিপদ' এ বাক্যের 'কী' কী ভাবপ্রকাশ করছে?
Ⓐ ভয় Ⓑ রাগ Ⓒ বিরক্তি Ⓓ বিপদ
Ⓒ Solve যে সকল অব্যয় বাক্যের অন্য পদের সঙ্গে কোনো সম্বন্ধ না রেখে স্বাধীনভাবে নানাবিধ ভাব প্রকাশে ব্যবহৃত হয়, তাকে অনন্বয়ী অব্যয় বলে। যেমন– বিরক্তি বা ঘৃণা প্রকাশে : কী বিপদ! ভিক্ষুকটা যে পিছনে লেগেই রয়েছে।

17. 'Unattainable' শব্দের অর্থ -
Ⓐ অনধিকার Ⓑ অনর্জনযোগ্য
Ⓒ অনুপস্থিতিযোগ্য Ⓓ অনাগ্রহ
Ⓑ Solve গুরুত্বপূর্ণ পরিভাষা :

| বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|
| Unnatural | অস্বাভাবিক |
| Unemployment | বেকারত্ব |
| Unclaimed | বেওয়ারিশ |
| Uncultured | অমার্জিত |

18. কোনটি 'বিষমীভবন' এর উদাহরণ?
Ⓐ লাফ > ফাল Ⓑ লাল > নাল
Ⓒ কবাট > কপাট Ⓓ লগ্ন > লগণ
Ⓑ Solve দুটো সমবর্ণের একটির পরিবর্তনকে বিষমীভবন বলে। যেমন : শরীর > শরীল, লাল > নাল ইত্যাদি।

19. 'জনাকীর্ণ' কোন সমাস?
Ⓐ দ্বন্দ্ব Ⓑ কর্মধারয় Ⓒ বহুব্রীহি Ⓓ তৎপুরুষ
Ⓓ Solve পূর্বপদে বিভক্তির লোপে যে সমাস হয় এবং যে সমাসে পরপদের অর্থ প্রধানভাবে বোঝায়, তাকে তৎপুরুষ সমাস বলে। যেমন : শ্রম দ্বারা লব্ধ = শ্রমলব্ধ, জন দ্বারা আকীর্ণ = জনাকীর্ণ।

20. নিম্নের কোনটি ভাববাচ্যের বাক্য?
Ⓐ চোরটা ধরা পড়েছে Ⓑ রোগী পথ্য সেবন করে
Ⓒ কোথা থেকে আসা হচ্ছে Ⓓ আসামিকে জরিমানা করা হয়েছে
Ⓒ Solve যে বাচ্যে কর্ম থাকে না এবং বাক্যে ক্রিয়ার অর্থই বিশেষভাবে ব্যক্ত হয় তাকে ভাববাচ্য বলে। যেমন : তোমাদের কখন আসা হলো।

21. 'দারিদ্র্যতা' শব্দটি অশুদ্ধ কেন?
Ⓐ প্রত্যয়ের দ্বিত্বজনিত কারণে Ⓑ উপসর্গজনিত কারণে
Ⓒ কারকজনিত কারণে Ⓓ অনুসর্গজনিত কারণে
Ⓐ Solve 'দারিদ্র্য' বিশেষ্যবাচক শব্দের সঙ্গে 'তা' প্রত্যয় যুক্ত হয় না। তাই শব্দটি 'দারিদ্র্যতা' নয়, হবে 'দারিদ্র্য'।

22. 'মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ-'এ বাক্যে 'মরি মরি' কোন শ্রেণির অব্যয়?
Ⓐ সমুচ্চয়ী Ⓑ অনন্বয়ী Ⓒ পদান্বয়ী Ⓓ অনুকার
Ⓑ Solve যে সকল অব্যয় পদের সঙ্গে বাক্যের অন্য কোনো পদের অন্বয় নেই, তাকে অনন্বয়ী অব্যয় বলে। অন্তভাব প্রকাশক, সম্বোধনবাচক, বাক্যালংকার এবং সম্মতি বা অসম্মতিবাচক অব্যয় এই শ্রেণিতে পড়ে। যেমন– উচ্ছ্বাস প্রকাশে : মরি মরি! কী সুন্দর প্রভাতের রূপ।

23. জাতিবাচক বিশেষ্যের দৃষ্টান্ত কোনটি?
Ⓐ নদী Ⓑ পানি Ⓒ মিছিল Ⓓ সমাজ
Ⓐ Solve যে পদ দ্বারা একই জাতীয় বস্তু বা প্রাণীর নাম বোঝায়, তাকে জাতিবাচক বিশেষ্য বলে। যেমন : নদী, পাখি, পর্বত, হিন্দু, মুসলমান প্রভৃতি। উল্লেখ, 'পানি'-বস্তুবাচক এবং 'মিছিল, সমাজ'–সমষ্টিবাচক বিশেষ্য।

24. কোনটি অনুজ্ঞাবাচক বাক্য?
Ⓐ তুমি গিয়েছিলে Ⓑ তুমি যাচ্ছিলে
Ⓒ তুমি যাচ্ছ Ⓓ তুমি যাও
Ⓓ Solve আদেশ, অনুরোধ, অনুমতি, প্রার্থনা, অনুনয় প্রভৃতি অর্থে বর্তমান এবং ভবিষ্যৎকালে মধ্যম পুরুষে ক্রিয়াপদের যেরূপ হয় তাকে অনুজ্ঞা পদ বলে। যেমন : ▪ অনুরোধ অর্থে : কাল একবার এসো। ▪ আদেশ অর্থে : তুমি যাও। ▪ প্রার্থনা অর্থে : ক্ষমা কর মোর অপরাধ।

## সাধারণ জ্ঞান

01. ঢাকার নামকরণ জাহাঙ্গীরনগর করা হয় কত সালে?
Ⓐ ১৬১০ Ⓑ ১৬১১
Ⓒ ১৭১৭ Ⓓ ১৭৮০
Ⓐ Solve ১৬১০ সালে মুঘল সুবেদার ইসলাম খান বাংলার রাজধানী রাজমহল থেকে ঢাকায় স্থানান্তরিত করেন এবং ঢাকার নাম রাখেন জাহাঙ্গীরনগর।

02. 'মনপুরা ৭০' কী?
Ⓐ একটি প্রবন্ধ Ⓑ একটি চিত্রকর্ম
Ⓒ একটি চলচ্চিত্র Ⓓ একটি কবিতা
Ⓑ Solve 'মনপুরা ৭০' শিল্পাচার্য জয়নুল আবেদিনের একটি বিখ্যাত শিল্পকর্ম। তাঁর আরো কয়েকটি শিল্পকর্মের মধ্যে রয়েছে- 'ম্যাডোনা ৪৩,' 'দাঁড়টানা,' 'নবান্ন,' 'সাঁওতাল রমণী,' 'রমণীর চুল বাঁধা'; 'বিদ্রোহ'।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CS CamScanner

RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS

03. 'বেইলআউট' শব্দটি কিসের সাথে জড়িত?

Ⓐ বোলিং Ⓑ অর্থনীতি
Ⓒ ক্রিকেট Ⓓ ধর্মঘট

Ⓑ Solve বেইলআউট অর্থাৎ বিশেষ প্রণোদনা প্যাকেজ। কোনো দেশের অর্থনৈতিক ব্যবস্থা ভেঙে পড়লে আন্তর্জাতিক আর্থিক প্রতিষ্ঠান যে বিশেষ অর্থনৈতিক প্রণোদনা প্যাকেজ প্রদান করে তা হলো বেইল আউট।

04. মসলা গবেষণা কেন্দ্র কোন জেলায়?

Ⓐ রাজশাহী Ⓑ রংপুর Ⓒ নওগাঁ Ⓓ বগুড়া

Ⓓ Solve বিভিন্ন প্রতিষ্ঠান ও অবস্থান :

| প্রতিষ্ঠান | অবস্থান |
|---|---|
| বাংলাদেশ মসলা গবেষণা কেন্দ্র | বগুড়া |
| বাংলাদেশ ডাল গবেষণা কেন্দ্র/ বাংলাদেশ ইক্ষু গবেষণা কেন্দ্র | ঈশ্বরদী |
| বাংলাদেশ রেশম গবেষণা বোর্ড | রাজশাহী |

05. লাইন অব কন্ট্রোল (এলওসি) কী?

Ⓐ বাংলাদেশ-ভারতের সীমান্ত রেখা Ⓑ ভারত-চীনের সীমান্ত রেখা
Ⓒ ভারত-পাকিস্তানের সীমান্ত রেখা Ⓓ বাংলাদেশ-মিয়ানমার সীমান্ত রেখা

Ⓒ Solve বিভিন্ন সীমারেখা বিষয়ক তথ্য :

| সীমারেখা | যেসব দেশের মধ্যে বিদ্যমান |
|---|---|
| লাইন অব কন্ট্রোল | ভারত ও পাকিস্তান |
| র‍্যাডক্লিফ | ভারত ও বাংলাদেশ এবং ভারত ও পাকিস্তান |
| ম্যাকমোহন লাইন | ভারত ও চীন |
| ব্লু লাইন | লেবানন ও ইসরাইল |
| লাইন অব একচুয়াল কন্ট্রোল | ভারত ও চীন |

06. মন্ত্রিপরিষদ শাসন ব্যবস্থায় প্রধানমন্ত্রী কার কাছে জবাবদিহি করেন?

Ⓐ প্রধান বিচারপতি Ⓑ রাষ্ট্রপতি
Ⓒ নির্বাহী বিভাগ Ⓓ আইনসভা

Ⓓ Solve দেশের জন্য আইন প্রণয়ন, মন্ত্রীপরিষদের জবাবদিহিতা, যেকোনো গুরুত্বপূর্ণ বিষয়ে সংসদে আলোচনা, প্রধানমন্ত্রীর ক্ষমতার নিয়ন্ত্রণ ও জবাবদিহিতা, রাষ্ট্রপতির নিয়োগ ও অপসারণ প্রভৃতি বিষয়ে আইনসভার ভূমিকা সর্বাধিক।

07. 'জাগো বাহে কুনঠে সবাই' - এটি কোন বিখ্যাত নাটকের সংলাপ?

Ⓐ পায়ের আওয়াজ পাওয়া যায় Ⓑ মেরাজ ফকিরের মা
Ⓒ নীল দর্পণ Ⓓ নূরলদীনের সারাজীবন

Ⓓ Solve বিখ্যাত নাটক ও রচয়িতা :

| নাটক | লেখকের নাম |
|---|---|
| নূরলদিনের সারাজীবন, পায়ের আওয়াজ পাওয়া যায় | সৈয়দ শামসুল হক |
| নীলদর্পণ, নবীন তপস্বিনী | দীনবন্ধু মিত্র |
| কোকিলারা, মেরাজ ফকিরের মা | আবদুল্লাহ আল মামুন |

08. **Virtue is knowledge কার বিখ্যাত উক্তি?**

Ⓐ প্লেটো Ⓑ সক্রেটিস
Ⓒ এরিস্টটল Ⓓ রুশো

Ⓑ Solve বিখ্যাত ব্যক্তিদের উক্তি :

| উক্তি | ব্যক্তি |
|---|---|
| Know thyself | সক্রেটিস |
| Man is born free, band everywhere he is in chains | রুশো |
| মানুষ প্রকৃতিগতভাবে সামাজিক ও রাজনৈতিক জীব | এরিস্টটল |

09. সপ্তম পঞ্চবার্ষিকী পরিকল্পনার মেয়াদকাল -

Ⓐ 2016-2020 Ⓑ 2017-2021
Ⓒ 2015-2019 Ⓓ 2018-2022

Ⓐ Solve উন্নয়নে পঞ্চবার্ষিকী পরিকল্পনার প্রবক্তা সাবেক সোভিয়েত ইউনিয়ন (রাশিয়া)'র প্রেসিডেন্ট জোসেফ স্টালিন। বাংলাদেশে পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়ন করে পরিকল্পনা কমিশন। বাংলাদেশে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনা গ্রহণ করা হয়েছিল ১৯৭৩-১৯৭৮ সালে। বাংলাদেশে বর্তমান অষ্টম পঞ্চবার্ষিকীর মেয়াদ ২০২০-২০২৫ সাল পর্যন্ত।

10. হলুদ সাংবাদিকতার জন্ম কোন দেশে?

Ⓐ যুক্তরাষ্ট্র Ⓑ যুক্তরাজ্য
Ⓒ বাংলাদেশ Ⓓ ইতালি

Ⓐ Solve হলুদ সাংবাদিকতা বলতে উদ্দেশ্য প্রণোদিতভাবে ভিত্তিহীন রোমাঞ্চকর সংবাদ পরিবেশন বা উপস্থাপনকে বোঝায়।

11. বাংলাদেশের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত?

Ⓐ ১০:৬ Ⓑ ১০:৩
Ⓒ ১০:৪ Ⓓ ১০:৫

Ⓐ Solve বাংলাদেশে জাতীয় পতাকার ডিজাইনার কামরুল হাসান। বাংলাদেশের জাতীয় পতাকার অনুপাত ১০ : ৬ / ৫ : ৩। সংবিধানের ৪নং অনুচ্ছেদে জাতীয় পতাকার বর্ণনা রয়েছে। ২ মার্চ, ১৯৭১ সালে প্রথম পতাকা উত্তোলন করা হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বটতলায় এক ছাত্রসভায় (আ স ম আব্দুর রব কর্তৃক)।

12. জাতীয় পরিচয়পত্র (স্মার্ট কার্ড)-এর মাধ্যমে কত ধরনের সেবা পাওয়া যাবে?

Ⓐ ২০ Ⓑ ২১ Ⓒ ২২ Ⓓ ২৩

Ⓒ Solve জাতীয় পরিচয়পত্র (স্মার্ট কার্ড) বাংলাদেশের নাগরিকের জন্য একটি ডিজিটাল পরিচয়পত্র যেখানে ১০ ডিজিটের কার্ডে ২৫টি নিরাপত্তা বৈশিষ্ট্য রয়েছে। এ কার্ডে ২২ ধরনের নাগরিক সুবিধা পাওয়া যাবে। ২০১৬ সাল থেকে এর বিতরণ শুরু হয়।

13. বাংলাদেশের ইতিহাসে কোন ঘটনাটি আগে ঘটেছিল?

Ⓐ যুক্তফ্রন্ট গঠন Ⓑ ভাষা আন্দোলন
Ⓒ আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা Ⓓ আগরতলা ষড়যন্ত্র মামলা

Ⓒ Solve ■ যুক্তফ্রন্ট গঠন- ৩ ডিসেম্বর ১৯৫৩ সালে। ■ ভাষা আন্দোলন- ২১ ফেব্রুয়ারি ১৯৫২। ■ আওয়ামী মুসলিম লীগের প্রতিষ্ঠা- ২৩ জুন ১৯৪৯ সালে। ■ আগরতলা ষড়যন্ত্র মামলা- ৩ জানুয়ারি ১৯৬৮ সালে।

14. বিশ্বে শীর্ষ কার্বন নিঃসরণকারী দেশ কোনটি?

Ⓐ যুক্তরাষ্ট্র Ⓑ চীন
Ⓒ জাপান Ⓓ কানাডা

Ans Ⓑ

15. বাংলাদেশের একমাত্র কিশোরী সংশোধন প্রতিষ্ঠানটি কোথায় অবস্থিত?

Ⓐ কোনাবাড়ি Ⓑ টঙ্গী
Ⓒ গাজীপুর Ⓓ যশোর

Ⓐ Solve বাংলাদেশে মোট ৩টি কিশোর-কিশোরী সংশোধন কেন্দ্র রয়েছে। দুইটি কিশোর সংশোধন কেন্দ্র রয়েছে টঙ্গী এবং যশোরে। কিশোরী সংশোধন কেন্দ্র অবস্থিত গাজীপুরের কোনাবাড়িতে।

16. কোন ক্ষুদ্র নৃগোষ্ঠীর ধর্ম ইসলাম?

Ⓐ রাখাইন Ⓑ পাঙন Ⓒ মারমা Ⓓ খিয়াং

Ⓑ Solve নৃগোষ্ঠী বিষয়ক তথ্য :

| ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | ধর্ম |
|---|---|
| চাকমা, চাক, মারমা, রাখাইন, তঞ্চঙ্গ্যা | বৌদ্ধ |
| বম, লুসাই, মাহলী, খাসিয়া, গারো | খ্রিস্টান |
| পাঙন | ইসলাম |
| রবিদাস কোচ, নায়েক, পাত্র, ত্রিপুরা | সনাতন |

RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS • RIYKOLY PUBLICATIONS

CS CamScanner

17. ভাষা আন্দোলনের সময় পাকিস্তানের প্রধানমন্ত্রী কে ছিলেন?
Ⓐ খাজা নাজিমুদ্দিন Ⓑ ইয়াহিয়া খান
Ⓒ মোহাম্মদ আলী জিন্নাহ Ⓓ এ কে ফজলুল হক
Ⓐ Solve ভাষা আন্দোলনের সময় পূর্ব বাংলার মুখ্যমন্ত্রী ছিলেন নুরুল আমিন।

18. 'A Long Walk to Freedom' বইটির লেখক কে?
Ⓐ হোসে গুসামাও Ⓑ হ্যান্স ক্রিস্ত
Ⓒ হিলারি ক্লিনটন Ⓓ নেলসন ম্যান্ডেলা
Ⓓ Solve বর্ণবাদবিরোধী অবিসংবাদিত নেতা নেলসন ম্যান্ডেলা ছিলেন দক্ষিণ আফ্রিকার প্রথম কৃষ্ণাঙ্গ প্রেসিডেন্ট। তিনি ১৯৯৩ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করেন। তাঁর অপর একটি আত্মজীবনী গ্রন্থ- Conversation With Myself.

19. বিখ্যাত চলচ্চিত্রকার সত্যজিৎ রায়ের পূর্বপুরুষের নিবাস কোথায়?
Ⓐ পাবনা Ⓑ কিশোরগঞ্জ
Ⓒ যশোর Ⓓ গাইবান্ধা
Ⓑ Solve সত্যজিৎ রায় ছিলেন একাধারে সাহিত্যিক, চলচ্চিত্রকার এবং গ্রাফিক্স ডিজাইনার। ১৯৯২ সালে প্রথম বাঙালি চলচ্চিত্রকার হিসেবে তিনি অস্কার/একাডেমি পুরস্কার লাভ করেন।

20. দুর্যোগ ব্যবস্থাপনায় সাফল্যের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে কোন সংস্থা পুরস্কৃত করে?
Ⓐ EU Ⓑ IDB
Ⓒ ADB Ⓓ IFRC
Ⓓ Solve International Federation of Red Cross and Red Crescent Societies সংক্ষেপে (IFRC)। সদর দপ্তর জেনেভা সুইজারল্যান্ডে।

21. Blue Chip শব্দটি কোন ক্ষেত্রে ব্যবহৃত হয়?
Ⓐ আন্তর্জাতিক বাজারে Ⓑ শেয়ার বাজারে
Ⓒ বাজী খেলায় Ⓓ খুচরা বাজারে
Ⓑ Solve ব্লু চিপ শব্দটি শেয়ার বাজারে ব্যবহৃত হয়। এই শেয়ারকে নিরাপদ শেয়ার মনে করা হয়। শেয়ার মার্কেট যতই ডাউন থাকুক, এই শেয়ারের ধ্বংস নেই।

22. White Color Crime বা ভদ্রবেশী অপরাধ প্রত্যয়টি কে প্রথম ব্যবহার করেন?
Ⓐ রবার্ট মারটন Ⓑ লম্ব্রোসো Ⓒ সাদারল্যান্ড Ⓓ ডেভিড মাটজা
Ⓒ Solve ভদ্রবেশী অপরাধ বলতে কোনো ব্যক্তি বা ব্যবসায়িক প্রতিষ্ঠান কর্তৃক সংঘটিত অবৈধ বা ধারাবাহিক কর্মকাণ্ড যেখানে কিছু অহিংস উপায়ে ব্যক্তিগত বা ব্যবসায়িক সুবিধা নেয়া হয়। যেমন: ক্রেডিট কার্ড ও চেক জালিয়াতি, ঘুষ, কর ফাঁকি প্রভৃতি।

23. 'পুনর্জাগরণ' (Renaissance)-এর সূতীকাগার বলা হয় কোন দেশকে?
Ⓐ বেলজিয়াম Ⓑ ইতালি Ⓒ ফ্রান্স Ⓓ ইংল্যান্ড
Ⓑ Solve মধ্যযুগের পরে এবং রিফরমেশনের আগে ইতালিতে এর সূত্রপাত ঘটে। এর ব্যাপ্তিকাল ছিল ১৪শ থেকে ১৬শ শতাব্দী পর্যন্ত। এই যুগের প্রধান বৈশিষ্ট্য ছিল প্রাচীন পুস্তক অধ্যয়নের অনুশীলন বৃদ্ধি, চিত্রকলায় আধুনিক ও নান্দনিক দৃষ্টিভঙ্গির ব্যবহার এবং বিজ্ঞানের সামগ্রিক উন্নতি।

24. WTO-এর চুক্তি অনুসারে বাংলাদেশ কোটাবিহীন বাজারে পোশাক সামগ্রী রপ্তানি শুরু করে কোন সালে?
Ⓐ ২০০৭ সালে Ⓑ ২০০৫ সালে
Ⓒ ২০০৮ সালে Ⓓ ২০০৬ সালে
Ans Ⓑ

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়
## ভর্তি পরীক্ষা : ২০১৫-২০১৬; ইউনিট: ঘ

### বাংলা

01. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
Ⓐ আমি অপমান হয়েছি Ⓑ আমি গীতাঞ্জলী পড়েছি
Ⓒ তার সৌজন্যতা ভুলব না Ⓓ দশ চক্রে ভগবান ভূত
Ⓓ Solve বাক্যশুদ্ধি :

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ রূপ |
|---|---|
| আমি অপমান হয়েছি | আমি অপমানিত হয়েছি। |
| আমি গীতাঞ্জলী পড়েছি | আমি গীতাঞ্জলি পড়েছি। |
| তার সৌজন্যতা ভুলব না | তার সৌজন্য ভুলব না। |

02. 'আগমন' শব্দটির 'আ' কোন অর্থে ব্যবহৃত?
Ⓐ বিপরীত Ⓑ সদৃশ Ⓒ পর্যন্ত Ⓓ ঈষৎ
Ⓐ Solve উপসর্গ সম্পর্কিত তথ্য :

| উপসর্গ | যে অর্থে ব্যবহৃত | উদাহরণ |
|---|---|---|
| আ (তৎসম) | বিপরীত | আগমন, আদান |

03. 'চিকুর' এর সমার্থক শব্দ-
Ⓐ কেশ Ⓑ চাকচিক্য
Ⓒ চিৎকার Ⓓ টিকটিকি
Ⓐ Solve 'চিকুর'-এর সমার্থক শব্দ : অলক, কুন্তল, চুল, কেশপাশ, কেশদাম, কবরী।

04. 'Lexicography' শব্দের পারিভাষিক অর্থ কী?
Ⓐ শব্দতত্ত্ব Ⓑ অর্থতত্ত্ব
Ⓒ অভিধানতত্ত্ব Ⓓ রূপতত্ত্ব
Ⓒ Solve কতিপয় পারিভাষিক শব্দ :

| | | | |
|---|---|---|---|
| Calligraphy | হস্তলিপিবিদ্যা | Cartography | মানচিত্রবিদ্যা |
| Mythology | পুরাণতত্ত্ব | Geology | ভূতত্ত্ব |
| Biography | জীবনচরিত | Theory | তত্ত্ব |

05. 'অকট-বিকট' বাগ্ধারাটির অর্থ কী?
Ⓐ ছটফটানি Ⓑ আনন্দে চিৎকার
Ⓒ রাগে চিৎকার Ⓓ ক্ষিপ্ত
Ⓐ Solve গুরুত্বপূর্ণ বাগ্ধারা : রগচটা (অল্পেই রাগ), রাশভারী (গম্ভীর প্রকৃতির), রাম ধোলাই (প্রচণ্ড পিটুনি), আগুনে ঘি ঢালা (উত্তেজনা সৃষ্টি করা)।

06. কোন বানানটি শুদ্ধ?
Ⓐ কিনাংক Ⓑ কিণাঙ্ক
Ⓒ কিনাঙ্ক Ⓓ কিণাংক
Ⓑ Solve কয়েকটি শুদ্ধ বানান : অদ্যাবধি, অন্ত্যেষ্টিক্রিয়া, গোধূলি, জাগরূক, ক্ষুন্নিবৃত্তি, পিপীলিকা, প্রত্যয়ন, দুর্নীতিগ্রস্ত, দুরবস্থা, ন্যূনপক্ষে।

07. কোন বাক্যটি ঠিক?
Ⓐ আমার কথাই প্রমাণ হলো Ⓑ আমার কথাই প্রমাণিত হলো
Ⓒ আমার কথা প্রমাণ হলো Ⓓ আমার কথাই প্রমাণীত হলো
Ⓑ Solve কতিপয় বাক্যশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| আমি বড় অপমান হয়েছি | আমি বড় অপমানিত হয়েছি। |
| আমি সন্তোষ হইলাম | আমি সন্তুষ্ট হইলাম। |
| ক্ষমা একটি মহানগুণ | ক্ষমা একটি মহৎ গুণ। |
| তুমি নির্দোষী নও | তুমি নির্দোষ নও। |



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICA

**08. শব্দ, শব্দের গঠন, বচন, লিঙ্গ, কারক ইত্যাদি কোন তত্ত্বের আলোচ্য বিষয়?**

Ⓐ বাক্যতত্ত্ব Ⓑ ধ্বনিতত্ত্ব
Ⓒ রূপতত্ত্ব Ⓓ কোনোটিই নয়

**Ⓒ Solve** পুরাতন ব্যাকরণ অনুসারে, শব্দতত্ত্ব বা রূপতত্ত্বের আলোচ্য বিষয়সমূহ : উপসর্গ, সমাস, প্রকৃতি-প্রত্যয়, দ্বিরুক্ত শব্দ, পুরুষ ও স্ত্রীবাচক শব্দ, সংখ্যাবাচক শব্দ, বচন, পদাশ্রিত নির্দেশক, পদ প্রকরণ, ক্রিয়াপদ, বাংলা অনুজ্ঞা, ধাতু, পুরুষ, কারক ও বিভক্তি, অনুসর্গ ইত্যাদি। উল্লেখ্য, 'বাংলা ভাষার ব্যাকরণ ও নির্মিতি' (২০২১) অনুযায়ী 'কারক' বাক্যতত্ত্বের আলোচ্য বিষয়।

**09. স্বরবর্ণে পূর্ণমাত্রা বিশিষ্ট বর্ণ কয়টি?**

Ⓐ ছয়টি Ⓑ পাঁচটি Ⓒ চারটি Ⓓ সাতটি

**Ⓐ Solve** স্বরবর্ণে পূর্ণমাত্রা বিশিষ্ট বর্ণ- অ, আ, ই, ঈ, উ, ঊ।

**10. সাপের খোলসকে এক কথায় কী বলা হয়?**

Ⓐ অজিন Ⓑ কৃত্তিক Ⓒ নির্মোক Ⓓ কৃত্তি

**Ⓒ Solve** এককথায় প্রকাশ : হরিণের চামড়া- অজিন, বাঘের চামড়া (চর্ম)- কৃত্তি, হরিণের চামড়ার আসন- অজিনাসন, সাপের খোলস- নির্মোক/কঞ্চুক।

**11. 'হায়রে ভাগ্য, হায়রে লজ্জা, কোথায় সভা, কোথায় সজ্জা'- বাক্যটিতে অব্যয় পদের কী অর্থ প্রকাশ পেয়েছে?**

Ⓐ যন্ত্রণা Ⓑ বিরক্তি Ⓒ সংশয় Ⓓ নিরর্থকতা

**Ⓓ Solve** কয়েকটি অব্যয় শব্দ নিরর্থকভাবে ব্যবহৃত হয়ে বাক্যের শোভা বর্ধন করে, এদের বাক্যালংকার অব্যয় বলে। যেমন- হায়রে ভাগ্য, হায়রে লজ্জা, কোথায় সভা, কোথায় সজ্জা।

**12. কোন বানানটি শুদ্ধ?**

Ⓐ স্বস্ত্রীক Ⓑ সত্তা Ⓒ স্বায়ত্ব Ⓓ সত্ত্বা

**Ⓑ Solve** কতিপয় শুদ্ধ বানান : কৌতুক, কার্যালয়, ক্ষতিগ্রস্ত, গীতাঞ্জলি, ঘূর্ণিঝড়, জাজ্বল্যমান, টর্নেডো, তিরস্কার, দুরবস্থা, দৌরাত্ম্য, দরিদ্রতা, দরিদ্র, দূষিত, ন্যুব্জ, নৃশংস, নিমন্ত্রণ, নিক্বণ, নূপুর, সস্ত্রীক, স্বায়ত্ত।

**13. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**

Ⓐ সর্বদা পরিষ্কার থাকিবে Ⓑ মেয়েটি পাগলি হয়ে গেছে
Ⓒ আপনি স্বপরিবারে আমন্ত্রিত Ⓓ কী ভয়ানক বিপদ!

**Ⓓ Solve** বাক্যশুদ্ধি :

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ রূপ |
|---|---|
| সর্বদা পরিষ্কার থাকিবে | সর্বদা পরিষ্কার থাকিবে। |
| মেয়েটি পাগলি হয়ে গেছে | মেয়েটি পাগল হয়ে গেছে। |
| আপনি স্বপরিবারে আমন্ত্রিত | আপনি সপরিবারে আমন্ত্রিত। |

**14. ঠিক সন্ধিবিচ্ছেদ কোনটি?**

Ⓐ পত + অঞ্জলি = পতঞ্জলি Ⓑ অন্তঃ + লিন = অন্তলীন
Ⓒ ষট্ + আনন = ষড়ানন Ⓓ তথা + এবচ = তথৈবচ

**Ⓒ Solve** গুরুত্বপূর্ণ সন্ধিবিচ্ছেদ : চলৎ + চিত্র = চলচ্চিত্র, ষট্ + আনন = ষড়ানন, ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত, ক্ষুধ্ + পিপাসা = ক্ষুৎপিপাসা, তদ্ + মধ্যে = তন্মধ্যে, নিঃ + রোগ = নীরোগ।

**15. 'আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি।' কার বক্তব্য?**

Ⓐ ড. আহমদ শরীফ Ⓑ ড. মুহম্মদ শহীদুল্লাহ্
Ⓒ ড. হুমায়ুন আজাদ Ⓓ মুহম্মদ আবদুল হাই

**Ⓑ Solve** ড. মুহম্মদ শহীদুল্লাহ্ বাঙালির জাতীয় ও সংস্কৃতি চেতনা সম্পর্কে বলেন : 'আমরা হিন্দু বা মুসলমান যেমন সত্য, তার চেয়ে বেশি সত্য আমরা বাঙালি। এটি কোনো আদর্শের কথা নয়, এটি বাস্তব কথা। মা প্রকৃতি নিজের হাতে আমাদের চেহারায় ও ভাষায় বাঙালিত্বের এমন ছাপ রেখে দিয়েছেন যে মালা-তিলক-টিকিতে কিংবা টুপি-লুঙ্গি-দাড়িতে ঢাকবার জো-টি নেই।'

**16. 'তিনি হাঁটিতে হাঁটিতে ভাবিতেছিলেন, শুধুমাত্র মনিষী বাক্যই তো জী... যুবসমাজের কল্যাণ বহিয়া আনিতে যথেষ্ট নহে'। চলিত রীতিতে ... বাক্যটিতে মোট ভুলের সংখ্যা-**

Ⓐ পাঁচ Ⓑ ছয় Ⓒ সাত Ⓓ আট

**Ⓓ Solve** 'তিনি হাঁটিতে হাঁটিতে ভাবিতেছিলেন, শুধুমাত্র মনিষী বা... তো জীবন্মৃত যুবসমাজের কল্যাণ বহিয়া আনিতে যথেষ্ট নহে'। চলিত রী... ভুলগুলো রেখাঙ্কিতভাবে দেখানো হলো। শব্দগুলোর শুদ্ধ রূপ : হাঁটতে হাঁ... ভাবছিলেন শুধু মনীষী বয়ে আনতে নয়।

**17. 'হৈমন্তী চুপ করিয়া রহিল' বাক্যটির জটিল রূপ কী?**

Ⓐ সে হৈমন্তী চুপ করিয়া রহিল Ⓑ যে হৈমন্তী সে চুপ করিয়া রহিল
Ⓒ হৈমন্তী বলিয়া সে চুপ করিয়া রহিল Ⓓ কিন্তু হৈমন্তী চুপ করিয়া রহিল

**Ⓑ Solve** যে বাক্যে একটি প্রধান খণ্ডবাক্যের এক বা একাধিক আ... বাক্য পরস্পর সাপেক্ষভাবে ব্যবহৃত হয়, তাকে মিশ্র বা জটিল বাক্য ব... যেমন : যে ভিক্ষা চায়, তাকে দান করো।

**নিচের অনুচ্ছেদটি পাঠ করে 18 থেকে 22 নম্বর প্রশ্নের উত্তর দাও :**

তারপর উভয়ে উর্ধ্বশ্বাসে দৌড় দিলাম আমরা ইউনিভার্সিটির দিকে। সে রা... তপুর মা এসে গড়াগড়ি দিয়ে কেঁদেছিলেন এখানে। রেণুও এসেছিলো, পলকহী... চোখজোড়া দিয়ে অশ্রুর ফোয়ারা নেমেছিলো তার। কিন্তু আমাদের দি... একবারও তাকায়নি সে। একটা কথাও আমাদের সাথে বলেনি রেণু। রাহাত ... আমার কানে ফিসফিস করে বলেছিলো, তপু না মরে আমি মরলেই ভা... হতো। কী অবাক কাণ্ড দেখ তো, পাশাপাশি ছিলাম আমরা। অথচ আমাদে... কিছু হলো না, গুলি লাগলো কিনা তপুর কপালে। কী অবাক কাণ্ড দেখ তো!

**18. অনুচ্ছেদটিতে ব্যবহৃত সর্বনাম পদের মোট সংখ্যা কয়টি?**

Ⓐ ছয়টি Ⓑ সাত Ⓒ দশ Ⓓ চার

**Ⓐ Solve** অনুচ্ছেদে ব্যবহৃত সর্বনাম পদ : উভয়ে, আমরা, তা... আমাদের, সে, আমি।

**19. অনুচ্ছেদটিতে 'ণ-ত্ব' বিধি অনুসরণ করে গঠিত শব্দের মোট সংখ্যা কয়টি?**

Ⓐ দুটি Ⓑ চার Ⓒ পাঁচ Ⓓ ছয়

**Ⓐ Solve** অনুচ্ছেদে ব্যবহৃত 'রেণু' ও 'কাণ্ড' শব্দ দুইটি ণ-ত্ব বি... অনুসারে গঠিত।

**20. অনুচ্ছেদটিতে অব্যয় পদ ব্যবহৃত হয়েছে কতবার?**

Ⓐ দুইবার Ⓑ পাঁচবার Ⓒ সাতবার Ⓓ তিনবার

**Ⓒ Solve** অনুচ্ছেদে ব্যবহৃত অব্যয় পদ : তারপর, দিকে, দিয়ে, কিন্তু, সাথে, কী, অথচ।

**21. অনুচ্ছেদের অন্তর্গত 'ফিসফিস' শব্দটি হলো-**

Ⓐ দ্বিরুক্ত শব্দ Ⓑ ধ্বন্যাত্মক শব্দ Ⓒ অনুগামী শব্দ Ⓓ সমার্থশব্দ

**Ⓑ Solve** কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। যেমন : মিউ মিউ, ট্যা ট্যা, হি হি, কা কা, ফিসফিস ইত্যাদি।

**22. 'ফোয়ারা' শব্দ বাংলা ভাষায় এসেছে-**

Ⓐ ফারসি থেকে Ⓑ আরবি থেকে Ⓒ তুর্কি থেকে Ⓓ হিন্দি থেকে

**Ⓑ Solve** কতিপয় আরবি ভাষার শব্দ : ফৌজ, ফেরার, ফি, ফাতরা, ফাজিল, ফসল, ফলানা, ফরজ, ফয়সালা।

**23. নিত্য মূর্ধন্য-ষ কোন শব্দে বর্তমান?**

Ⓐ কষ্ট Ⓑ আষাঢ় Ⓒ কল্যাণীয়েষু Ⓓ উপনিষদ

**Ⓑ Solve** কতকগুলো শব্দে স্বভাবতই 'ষ' হয়। যেমন : ষড়ঋতু, রোষ, কোষ, আষাঢ়, ভাষণ, ভাষা, পাষাণ ইত্যাদি।

**24. অমিয় চক্রবর্তীর 'বাংলাদেশ' কবিতাটি কবির কোন কাব্যের অন্তর্গত?**

Ⓐ পারাপার Ⓑ ঘরে ফেরার দিন
Ⓒ অনিঃশেষ Ⓓ রূপসী বাংলা

**Ⓒ Solve** অমিয় চক্রবর্তীর 'বাংলাদেশ' কবিতাটি তাঁর 'অনিঃশেষ' কাব্য থেকে সংকলিত হয়েছে। কবিতাটি বাংলাদেশের মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে রচিত।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

## English

**01. Fill in the blank. 'I could not ____ the meaning of the passage.**
Ⓐ make of Ⓑ make in Ⓒ make up Ⓓ make out
**Ans: D** Explanation: Make out অর্থ বুঝতে পারা।

**02. Which of the following has an emphasis?**
Ⓐ The earth moves round the sun
Ⓑ The boat sank down
Ⓒ Here comes Rafiq
Ⓓ The boat sinks down
**Ans: C** Explanation: বাক্যে জোর দেওয়াতে subject এর আগে verb আসবে।

**03. Which of the following is different from the others in meaning?**
Ⓐ I wish she were not married
Ⓑ She was married, I think
Ⓒ Would that she were not married
Ⓓ If only she were not married
**Ans: B** Explanation: Option B ছাড়া বাকিগুলো দ্বারা married না হওয়া বোঝায়।

**04. Choose the correct analogy. Seer: Prophecy**
Ⓐ Mentor: Reward Ⓑ Sage: Wisdom
Ⓒ Pilgrim: Diligence Ⓓ Diplomat: Flattery
**Ans: B** Explanation: Seer হচ্ছে ব্যক্তি (নবী), আর prophecy তার গুণ। অপরদিকে Sage ব্যক্তি (জ্ঞানী), তার গুণ হচ্ছে wisdom.

**05. What is the antonym of 'repulsion'?**
Ⓐ aversion Ⓑ attraction Ⓒ destitution Ⓓ Petulance
**Ans: B** Explanation: Repulsion means অরুচি, dislike এর বিপরীত হবে attraction (আকর্ষণ)।

**06. Choose the correct spelling.**
Ⓐ abborigines Ⓑ aboriginnes Ⓒ aborigines Ⓓ aboregence
**Ans: C** Explanation: aborigines অর্থ আদিম অধিবাসী।

**07. Which of the following words is correctly spelt?**
Ⓐ tyranical Ⓑ speculative Ⓒ tussile Ⓓ fujitive
**Ans: B** Explanation: Speculative অর্থ অনুমানমূলক।

**08. The word 'Siesta' means-**
Ⓐ nightmare Ⓑ sweet dream Ⓒ good night Ⓓ a short nap
**Ans: D** Explanation: Siesta অর্থ কাজের ফাঁকে সামান্য বিশ্রাম বা ঘুম (nap)।

**09. Fill in the blank. 'Last year, Matt earned____ his brother, who has better position.**
Ⓐ twice as much as Ⓑ twice more than
Ⓒ twice as many as Ⓓ twice as more as
**Ans: A** Explanation: Mulitiple number এর ক্ষেত্রে uncountable হলে as much as এবং countable হলে as many as বসে।

**10. Which underlined part of the sentence below is incorrect?**
Some <u>teachers</u> (A) argue that students <u>who used</u> (B) to using calculator <u>may</u> (C) forget how to do <u>mental</u> (D) calculator.
**Ans: B** Explanation: using থাকাতে who এর পর auxiliary verb হিসেবে are বসবে।

**11. Which will complete the sentence correctly?**
**The university programmes .....those of Harvard.**
Ⓐ come second after Ⓑ are second only to
Ⓒ are first except for Ⓓ are in second place from
**Ans: B** Explanation: University-টির programmes-গুলো Harvard-এর পরে এর অবস্থান।

**12. 'Though they travel ____ Central America, the swallows always make a punctual return to the mission in Capistrano.**
Ⓐ far away as Ⓑ far as away
Ⓒ as far away as Ⓓ away as far **Ans: C**

**13. Give simple form of the sentence. 'Study well or you will fail.'**
Ⓐ In case of you studying you will fail
Ⓑ In case of your not studying well you will fail
Ⓒ Your studying well you will fail
Ⓓ In spite of you studying well you will fail
**Ans: B** Explanation: Simple করার সময় In case of/ In spite of/ Despite + possessive + verb + ing হবে। অর্থ সংগতি রাখতে (C) না হয়ে (B) হবে।

**14. What does the Idiom 'Tooth and Nail' mean?**
Ⓐ pleasantly Ⓑ terribly
Ⓒ awfully Ⓓ with utmost effort.
**Ans: D** Explanation: Tooth and Nail একটি phrase and idiom যার অর্থ সর্বোত্তম চেষ্টায়।

**15. Change positive to comparative without any change of meaning- 'He is ferocious as a tiger.' (positive)**
Ⓐ A tiger is not more ferocious than he
Ⓑ A tiger is not ferocious than he.
Ⓒ A tiger is not ferocious than him
Ⓓ A tiger is not more ferocious than him
**Ans: A** Explanation: বাক্যটি দ্বারা দুজনের মধ্যে সমান তুলনা করা হয়েছে। than এর পর pronoun এর subjective form বসে।

**16. The opposite of the word 'temporal' is-**
Ⓐ material Ⓑ spiritual Ⓒ temporary Ⓓ permanent
**Ans: D** Explanation: temporal অর্থ ক্ষণস্থায়ী বা পার্থিব। এর বিপরীত হবে permanent - স্থায়ী।

**17. A tattletale is ——.**
Ⓐ a person who tells tales
Ⓑ an ancient folk tale
Ⓒ a person under the influence of alcohol
Ⓓ a collector of children's fairy tale books
**Ans: A** Explanation: tattletale অর্থ খোশ, বাজে গল্প।

**18. Which is similar in meaning to the word 'appease'?**
Ⓐ resourceful Ⓑ placate Ⓒ meander Ⓓ enrage
**Ans: B** Explanation: appease অর্থ রাগ/ক্ষুধা প্রশমিত করা বা দূর করা (placate).

**Read the following passage and answer questions 19 to 23**

Many sociologists have argued that there is functional relationship between education and economic system. They point to the fact that mass formal education began in industrial society. They note that the expansion of the economics of industrial societies is accompanied by a corresponding expansion of their educational systems. They explain this correspondence in terms of the needs of industry for skilled and trained manpower, needs which are met by the educational system. Thus the provision of mass elementary education in Britain in 1870 can be seen as a response to the needs of industry for a literate and numerate workforce at a time when industrial processes were becoming more complex and the demand for technical skills was steadily growing.

**19. The observation of the sociologists are based on a study of-**
Ⓐ the statistical data available in a historical context.
Ⓑ economic system of the 19th century.
Ⓒ the correlation between industry and education in a historical context.
Ⓓ growth of the industry in the 19th century.
**Ans: C** Explanation: passage এর ১ম বাক্য হতেই উত্তরটি বোঝা যায়।

**20. The author argues that-**
A. formal education can be traced to industrial society.
Ⓑ industrial society is responsible for expansion of education at mass level.
Ⓒ industrial society gave rise to vocational education.
Ⓓ industrial society changed the pattern of education.
**Ans: A** Explanation: passage এর ৩য় বাক্য হতেই উত্তরটি বোঝা যায়।



CamScanner

**21. The industry needs a literate work force because....**
Ⓐ its expansion needs sound learning
Ⓑ it relies heavily on expertise
Ⓒ it promotes a competitive spirit
Ⓓ its operations need intricate technical knowledge
Ans Ⓓ Explanation passage এর ৪র্থ বাক্য হতেই উত্তরটি বোঝা যায়।

**22. The sociologists referred to it in the passage say that the relationship between industry and elementary education was one-**
Ⓐ based on mutual need
Ⓑ based entirely on the need of the industry
Ⓒ based entirely on economic need
Ⓓ based on some inexplicable historical forces
Ans Ⓑ Explanation passage -এর শেষ বাক্য হতেই উত্তরটি বোঝা যায়।

**23. By 'functional relationship' is meant-**
Ⓐ a short-term relationship
Ⓑ practical and utilitarian relationship
Ⓒ temporary arrangement
Ⓓ close and unbreakable relationship
Ans Ⓑ Explanation functional অর্থ practical.

**24. Choose the correct preposition.**
**I took ___ walking hoping ___ lose some weight.**
Ⓐ to, to  Ⓑ for, to  Ⓒ in, to  Ⓓ to, at
Ans Ⓐ Explanation take to অর্থ শুরু করা। hope এর সাথে to বসে।

## সাধারণ জ্ঞান

**01. বিশ্ব ইতিহাসের প্রথম পত্রিকা (প্রাত্যহিক দিনলিপি) কোনটি?**
Ⓐ অ্যাকটা ডুরনা Ⓑ খুফিয়া নবিস Ⓒ হরকরা Ⓓ ওয়াকিয়া নবিস
Ans Ⓐ Solve খ্রিষ্টপূর্ব ১৩১অব্দে রোমে প্রথম এই পত্রিকা প্রকাশিত হয়। এই পত্রিকা *Acta Popidi* or *Acta Publica* নামেও পরিচিত।

**02. অসমতার ভিত্তিতে প্রতিষ্ঠিত সমাজের বিভাজনকে বলা হয়–**
Ⓐ সামাজিক শোষণ  Ⓑ সামাজিক বৈষম্য
Ⓒ সামাজিক গতিশীলতা  Ⓓ সামাজিক স্তরায়ন  Ans Ⓓ

**03. 'Factive Kinship' বলতে বুঝায়–**
Ⓐ বন্ধুত্ব Ⓑ রক্ত সম্পর্ক Ⓒ পাতানো জ্ঞাতি সম্পর্ক Ⓓ শত্রুতা
Ans Ⓒ Solve রক্ত বা বৈবাহিক সূত্রে আবদ্ধ নয় কিন্তু আমরা তাঁদের সাথে রক্ত বা বৈবাহিক সম্পর্কের জ্ঞাতিদের মতো আচরণ করি। এটিই কাল্পনিক বন্ধন/ Factive Kinship। যেমন বয়স্ক ব্যক্তিকে কখনো কথা বলতে গিয়ে আলাপচারিতায় চাচা, মামা, খালু, খালাম্মা বলে সম্বোধন করি এটিই কাল্পনিক বন্ধন।

**04. 'ই-৮' কী?**
Ⓐ পরিবেশ দূষণকারী ৮টি দেশ  Ⓑ দরিদ্র ৮টি দেশ
Ⓒ ধনী ৮টি দেশ  Ⓓ শিল্পোন্নত ৮টি দেশ
Ans Ⓐ Solve ইউরোপিয়ান ইনভায়রোনমেন্টাল এজেন্সি (ইইএ) ২০১১ সালে ইউরোপীয় ইউনিয়ন ভুক্ত দেশগুলোর বায়ু দূষণের তথ্য প্রকাশ করে। সেই তথ্য মতে, ইইউ ভুক্ত ৮টি দেশ (লুক্সেমবার্গ, অস্ট্রিয়া, ফ্রান্স, জার্মানি, বেলজিয়াম, স্পেন, আয়ারল্যান্ড এবং ফিনল্যান্ড) মাত্রাধিক বায়ু দূষণ করে। তাই এই ৮টি দেশকে একত্রে ই-৮ বলা হয়।

**05. 'Justice delayed is justice denied' কার উক্তি?**
Ⓐ এপিজে আবদুল কালাম  Ⓑ মার্টিন লুথার কিং
Ⓒ মিশেল ফুঁকো  Ⓓ গ্লাডস্টোন।
Ans Ⓓ Solve ব্রিটিশ প্রধানমন্ত্রী William Ewart Gladstone এর একটি বিখ্যাত উক্তি। তাঁর আরো একটি বিখ্যাত উক্তি হলো। "Justice hurried is Justice burried".

**06. দুটি দ্রব্য– লবণ ও মোবাইল ফোন এর মূল্য হ্রাস পেলে কী ঘটবে?**
Ⓐ লবণের চাহিদা মোবাইল ফোনের চাহিদার তুলনায় বেশি বৃদ্ধি পাবে
Ⓑ লবণ ও মোবাইল ফোনের চাহিদার বৃদ্ধি একই পরিমাণ হবে
Ⓒ লবণের চাহিদার পরিমাণ মোবাইল ফোনের চাহিদার তুলনায় কম পরিমাণে বৃদ্ধি পাবে
Ⓓ লবণ ও মোবাইল ফোনের চাহিদা একই পরিমাণে হ্রাস পাবে।  Ans Ⓒ

**07. দৈনিক কত কিলো ক্যালোরির নিচে খাদ্য গ্রহণ করলে তাকে চরম দরিদ্র বলা হয়?**
Ⓐ ১৮০৫  Ⓑ ১৯০৫
Ⓒ ২০০৫  Ⓓ ১৭০৫
Ans Ⓐ Solve খাদ্য-শক্তি গ্রহণ ভিত্তিক দারিদ্র্য পরিমাপক হলো বিশেষ দারিদ্র্য পরিমাপের বিশিষ্ট সূচক। খাদ্য-শক্তি গ্রহণ পরিমাপক অনুযায়ী কোনো ব্যক্তি প্রতিদিন ২১২২ কিলোক্যালরির কম খাদ্য গ্রহণ করলে তিনি দরিদ্র এবং ১৮০৫ কিলো ক্যালরির কম খাদ্য গ্রহণ করলে তিনি চরম দরিদ্র হিসেবে বিবেচিত।

**08. 'গণতন্ত্রই সর্বোৎকৃষ্ট শাসন ব্যবস্থা।' কার উক্তি?**
Ⓐ অগাস্ট কোঁৎ Ⓑ রুশো Ⓒ লর্ড ব্রাইস Ⓓ ম্যাকাইভার
Ans Ⓒ Solve বিখ্যাত ব্যক্তিদের উক্তি :

| উক্তি | ব্যক্তি |
|---|---|
| গণতন্ত্রই সর্বোৎকৃষ্ট শাসন ব্যবস্থা | লর্ড ব্রাইস |
| জনকল্যাণের অভিমতই ঈশ্বরের অভিমত | রুশো |
| সমাজ হলো সামাজিক কল্যাণমূলক ব্যবস্থা | ম্যাকাইভার |

**09. ডুর্খেইমের মতে কোনটি প্রাচীনতম ধর্মীয় বিশ্বাস?**
Ⓐ বিবর্তনবাদ Ⓑ মহাপ্রাণবাদ Ⓒ টোটেমবাদ Ⓓ একেশ্বরবাদ
Ans Ⓒ Solve টোটেম অর্থ কুলচিহ্ন। নৃতত্ত্ববিদদের মতে বিশ্বের সব নরগোষ্ঠীকেই ক্রমবিবর্তনের ধারায় অনেকগুলি স্তর অতিক্রম করে আসতে হয়েছে। টোটেম হচ্ছে সকল মানবগোষ্ঠীর স্ব স্ব প্রাথমিক পর্যায়।

**10. বিশ্বের সর্বাধিক পঠিত সংবাদপত্র কোনটি?**
Ⓐ নিউইয়র্ক টাইমস  Ⓑ হেরাল্ড ট্রিবিউন
Ⓒ আশাহি শিম্বুন  Ⓓ টাইমস অব ইন্ডিয়া
Ans Ⓒ Solve ১৮৭৯ সালে জাপানের ওসাকা থেকে *Asahi Shimbun* পত্রিকাটি প্রথম প্রকাশিত হয়।

**11. রুপার্ট মারডক কে?**
Ⓐ চলচ্চিত্র নির্মাতা  Ⓑ পত্রিকা সম্পাদক
Ⓒ মিডিয়া মুঘল  Ⓓ বিশ্বখ্যাত ফটোগ্রাফার
Ans Ⓒ Solve অস্ট্রেলিয়া বংশোদ্ভূত মিডিয়া মুঘল নামে খ্যাত ব্রিটিশ মিডিয়া ব্যবসায়ী। ২০১১ সালে তিনি এবং তার সংবাদ সংস্থা 'নিউজ অব দ্যা ওয়ার্ল্ড' সেলিব্রেটিদের ফোন হ্যাকিংয়ের সাথে যুক্ত হবার অভিযোগে অভিযুক্ত হয়ে বিশ্ব আলোচনায় আসেন।

**12. অপরাধমূলক আচরণের জন্য বংশগতিকে দায়ী করেছেন কে?**
Ⓐ লাপোজ  Ⓑ গ্যালটন
Ⓒ লমব্রোসো  Ⓓ পিয়ারসন
Ans Ⓒ Solve লমব্রোসো একজন ইতালির অপরাধ বিজ্ঞানী। তিনি মনে করতেন অপরাধ প্রবণতা জন্মগতভাবে আসে।

**13. নিচের কারা পিতৃতান্ত্রিক আদিবাসী?**
Ⓐ গারো ও সাঁওতাল  Ⓑ পাঙন ও খাসিয়া
Ⓒ রাখাইন ও ত্রিপুরা  Ⓓ মারমা ও হাজং
Ans Blank Solve বাংলাদেশের ৫০টি উপজাতির মধ্যে গারো এবং খাসিয়া মাতৃতান্ত্রিক উপজাতি। অন্যসব উপজাতিরা পিতৃতান্ত্রিক। প্রশ্নে C এবং D অপশনে উল্লিখিত ৪টি উপজাতিই পিতৃতান্ত্রিক।

**14. কোন তিনজন দার্শনিককে Wise men of the old বলা হয়?**
Ⓐ প্লেটো, অ্যারিস্টটল ও ম্যাকিয়াভেলি
Ⓑ সক্রেটিস, প্লেটো ও অগাস্টিন
Ⓒ হবস, লক ও রুশো
Ⓓ সক্রেটিস, প্লেটো ও অ্যারিস্টটল
Ans Ⓓ Solve মানব সভ্যতায় অবদানের জন্য সক্রেটিস (S), প্লেটো (P) ও অ্যারিস্টটল (A) এই তিনজনকে wise men of the old বলা হয়। সক্রেটিস ছিলেন প্লেটোর গৃহশিক্ষক এবং প্লেটো অ্যারিস্টটলের গৃহশিক্ষক ছিলেন। মনে রাখুন - SPA
⇒ সক্রেটিস (S), প্লেটো (P), অ্যারিস্টটল (A)।



CamScanner

15. 'ভিশন ২০২০' হলো–
Ⓐ অন্ধত্ব দূরীকরণ পরিকল্পনা
Ⓑ দারিদ্র দূরীকরণ পরিকল্পনা
Ⓒ খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণ পরিকল্পনা
Ⓓ দুর্নীতি নির্মূলকরণ প্রকল্প
Ⓐ Solve 'ভিশন ২০২০' হলো অন্ধত্ব দূরীকরণের বৈশ্বিক কর্মসূচি। বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO), আন্তর্জাতিক অন্ধত্ব দূরীকরণ এজেন্সি (IAPB), বিভিন্ন এনজিও এবং অন্যান্য চক্ষু সেবা কেন্দ্র এই কর্মসূচির উদ্যোক্তা।

16. বাংলাদেশে বর্তমানে স্থানীয় সরকার ব্যবস্থা কয় স্তরবিশিষ্ট?
Ⓐ দুই স্তর Ⓑ তিন স্তর Ⓒ চার স্তর Ⓓ কোনটিই নয়
Ⓑ Solve বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা তিন স্তর বিশিষ্ট। যথা; জেলা পরিষদ, উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদ।

17. টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) এর মেয়াদকাল কোনটি?
Ⓐ ২০১৫-২০৩০ Ⓑ ২০১৬-২০৩০ Ⓒ ২০১৫-২০১৫ Ⓓ ২০১৬-২০২১
Ⓑ Solve মিলিনিয়াম ডেভেলপমেন্ট গোলস (এমডিজি)'র মেয়াদ ২০১৫ সালে শেষ হয়ে যাবার পর গ্রহণ করা হয় Sustainable Development Goals (SDG) যার লক্ষ্যমাত্রা ১৭টি এবং এটি অর্জনের সময় সীমা ২০১৬-২০৩০ সাল।

18. ২০১৪-১৫ অর্থবছরে প্রস্তাবিত উন্নয়ন কর্মসূচীতে (এডিপি) কোন সেক্টরের জন্য সর্বোচ্চ বরাদ্দ রাখার কথা বলা হয়েছে?
Ⓐ পরিবহণ Ⓑ প্রশাসন Ⓒ শিক্ষা Ⓓ চিকিৎসা Ans Ⓒ

19. LGSP কী?
Ⓐ Local Governance Support Project
Ⓑ Local Government Supervision Project
Ⓒ Local Governance Strengthening Project
Ⓓ Local Governance Service Project
Ⓐ Solve জনগণের অংশগ্রহণ নিশ্চিতকরণের মাধ্যমে কার্যকর ক্ষমতা বিকেন্দ্রীকরণে সরকারের একটি বলিষ্ঠ পদক্ষেপ হলো এলজিএসপি। এ পদক্ষেপের মেয়াদ ২০১৭ থেকে ২০২১ সালের জুন মাস পর্যন্ত। দেশের মোট ৪৫৫৩টি ইউনিয়নকে এ কার্যক্রমের আওতায় আনা হয়েছে।

20. সরকারি তালিকা ২০১৫ অনুযায়ী বর্তমানে বাংলাদেশে বসবাসকারি মোট ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংখ্যা কত?
Ⓐ ৩৭টি Ⓑ ৪৩টি Ⓒ ৪৮টি Ⓓ ২৫টি
Ⓒ Solve সরকারি তথ্যানুযায়ী বর্তমানে বাংলাদেশে বসবাসকারী ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংখ্যা ৫০টি।

21. জন্ম থেকে মৃত্যুর অভিজ্ঞতা অর্জনের পূর্ব পর্যন্ত মানুষ বাস্তব অভিজ্ঞতার মধ্য দিয়ে যে শিক্ষা অর্জন করে তা হলো–
Ⓐ উপ-আনুষ্ঠানিক শিক্ষা Ⓑ পারিবারিক শিক্ষা
Ⓒ অনানুষ্ঠানিক শিক্ষা Ⓓ আনুষ্ঠানিক শিক্ষা Ans Ⓒ

22. বিশ্বখ্যাত চলচ্চিত্র 'রশোমন' এর নির্মাতা কে?
Ⓐ ওয়াংকার উই Ⓑ ইউসুজিরো ওজু
Ⓒ আকিরা কুরোশাওয়া Ⓓ নাগিসা ওশিমা
Ⓒ Solve ১৯৫০ সালে আকিরা কুরোশাওয়া জাপানি 'রশোমন' চলচ্চিত্রটি নির্মাণ করেন।

23. বিশ্ব ঐতিহ্য তালিকায় বর্তমানে মোট কতটি স্থাপনা হয়েছে?
Ⓐ ৮৩১টি Ⓑ ৯৩১টি Ⓒ ১১৫৭টি Ⓓ ১১৩১টি
Ⓒ Solve বিশ্ব ঐতিহ্য তালিকা প্রকাশ করে জাতিসংঘের বিশেষায়িত সংস্থা ইউনেস্কো। (সাম্প্রতিক তথ্য জেনে নিন)

24. ল্যাটিন আমেরিকান সাহিত্যিক গার্বিয়েল গার্সিয়া মার্কোয়েজ তাঁর কোন বইয়ের জন্য নোবেল পুরস্কার পান?
Ⓐ নো ওয়ান রাইটস টু দ্য কর্নেল Ⓑ ওয়ান হান্ড্রেড ইয়ারস অব সলিচ্যুড
Ⓒ লিভিং টু টেল দ্য টেল Ⓓ দ্য ক্রনিকল অব আ ডেথ ফোরটোল্ড
Ⓓ Solve গার্বিয়েল গার্সিয়া মার্কোয়েজ ১৯৮২ সালে দ্য ক্রনিকল অব আ ডেথ ফোরটোল্ড সাহিত্যের জন্য নোবেল পুরস্কার লাভ করেন।

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০১৪-২০১৫; ইউনিট: ঘ

### বাংলা

01. 'অনিলা দেবী' কার ছদ্মনাম?
Ⓐ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় Ⓑ অনুপা দেবী
Ⓒ হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় Ⓓ কামিনী দেবী
Ⓐ Solve শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ৭টি ছদ্মনাম ব্যবহার করেছেন। যথা : অনিলা দেবী, অপরাজিতা দেবী, শ্রী চট্টোপাধ্যায়, অনুরূপা দেবী, পরশুরাম, শ্রীকান্ত শর্মা, সুরেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়।

02. 'অতি ধুরন্ধর লোক' এর বাগ্‌ধারা প্রকাশ কোনটি?
Ⓐ বাস্তুঘুঘু Ⓑ কাক ভূষণ্ডী Ⓒ ভুঁইফোড় Ⓓ লেফাফা দুরস্ত
Ⓐ Solve গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : বউ-কাঁটকি (বউকে কষ্ট দেওয়া শাশুড়ি), পায়াভারি (অহংকার), নকড়া ছকড়া (অবহেলা/অপচয় করা) ভুঁইফোড় (নতুনের আগমন)।

03. বাংলা ভাষায় যতি বা ছেদ-চিহ্নের প্রবর্তক কে?
Ⓐ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর Ⓑ রাজা রামমোহন রায়
Ⓒ শরৎচন্দ্র চট্টোপাধ্যায় Ⓓ রবীন্দ্রনাথ ঠাকুর
Ⓐ Solve বাংলা ভাষায় যতি বা ছেদ চিহ্নের প্রথম সার্থক প্রয়োগ করেন ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। তাঁর 'বেতাল পঞ্চবিংশতি' গ্রন্থে সর্বপ্রথম যতি চিহ্নের সার্থক প্রয়োগ করেন। এজন্য তাঁকে 'বাংলা গদ্যের জনক' হিসেবে অভিহিত করা হয়।

04. 'বিষ নেই তার কুলোপানা চক্কর' প্রবচনটির অর্থ কী?
Ⓐ অক্ষম ব্যক্তির বৃথা আস্ফালন Ⓑ ক্ষমতাশালীর দম্ভ প্রকাশ
Ⓒ যার কোনো ক্ষমতা নেই Ⓓ বিষ নেই এমন সাপ
Ⓐ Solve কতিপয় প্রবাদ-প্রবচন : ঘুঁটে পোড়ে গোবর হাসে (অন্যের অসময়ে মজা দেখা), গোদের উপর বিষ ফোঁড়া (ঝামেলার ওপর আরো ঝামেলা), অধিক সন্ন্যাসীতে গাজন নষ্ট (বহুজন মিলে দায়িত্ব নিলে কাজ হয় না)।

05. বাংলা উপসর্গের মধ্যে কোন তিনটি উপসর্গ তৎসম শব্দেও পাওয়া যায়?
Ⓐ অ, অঘা, অজ Ⓑ সু, বি, নি
Ⓒ আ, উপ, অপ Ⓓ অনা, ইতি, কু
Ⓑ Solve আ, সু, বি, নি – বাংলা ও তৎসম উভয় উপসর্গেই প্রযোজ্য।

06. নিচের কোনটিতে মধ্য-স্বরাগমের প্রয়োগ হয়েছে?
Ⓐ ফিল্ম > ফিলিম Ⓑ সত্য > সত্যি
Ⓒ গ্লাস > গেলাস Ⓓ শিকা > শিকে
Ⓐ Solve মধ্য-স্বরাগমের কিছু উদাহরণ : প্রীতি > পিরীতি, মূর্তি > মুরতি, যত্ন > যতন, জ্যোৎস্না > জোছনা।

07. একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে যখন স্বরধ্বনি যুক্ত হয় তখন তাকে কী বলে?
Ⓐ স্বরসঙ্গতি Ⓑ অসমীকরণ Ⓒ সমীভবন Ⓓ অন্ত্যস্বরাগম
Ⓑ Solve অসমীকরণের উদাহরণ হলো : ধপ + ধপ> ধপাধপ, টপ +টপ > টপাটপ, গপ + গপ > গপাগপ।

08. কোন বানানটি শুদ্ধ?
Ⓐ সর্বোতোমুখী Ⓑ সর্বোতমুখী Ⓒ সর্বতোমুখি Ⓓ সর্বতোমুখী
Ⓓ Solve বানান সতর্কতা : সর্বতোমুখী, চাকচিক্য, যক্ষা, মনস্তত্ত্ব, বীভৎস, সমীচীন, শিরশ্ছেদ, উচ্ছৃঙ্খল, চলচ্চিত্র।

09. কোন বাক্যটি শুদ্ধ?
Ⓐ তাহার জীবন সংশয়পূর্ণ Ⓑ তাহার জীবন সংশয়ময়
Ⓒ তাহার জীবন সংশয়াপন্ন Ⓓ তাহার জীবন সংশয়ভরা
Ⓒ Solve কতিপয় শুদ্ধ বাক্য : পত্র প্রেরিকা আমার বোন। এ নিশীথে কোথায় যাবে? তোমার সঙ্গে গোপনীয় কথা আছে।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**10. নিচের কোন তিনটি উপন্যাসই জহির রায়হান রচিত?**

Ⓐ হাজার বছর ধরে, আরেক ফাল্গুন, কাঁদো নদী কাঁদো
Ⓑ হাজার বছর ধরে, বরফ গলা নদী, আর কত দিন
Ⓒ হাজার বছর ধরে, আরেক ফাল্গুন, চাঁদের অমাবস্যা
Ⓓ হাজার বছর ধরে, জীবন থেকে নেয়া, বরফ গলা নদী

Ⓑ Solve জহির রায়হান রচিত **উপন্যাস :** হাজার বছর ধরে, আরেক ফাল্গুন, বরফ গলা নদী, আর কত দিন ; **চলচ্চিত্র :** জীবন থেকে নেয়া। উল্লেখ্য, 'কাঁদো নদী কাঁদো' ও 'চাঁদের অমাবস্যা' উপন্যাসের রচয়িতা সৈয়দ ওয়ালীউল্লাহ্।

**নিচের অনুচ্ছেদটি পড়ে 11 থেকে 15 নম্বর প্রশ্নের উত্তর দাও :**

কাব্যরস নামক অমৃতে যে আমাদের অরুচি জন্মেছে, তার জন্য দায়ী এ যুগের স্কুল এবং তার মাস্টার। কাব্য পড়বার ও বোঝবার জিনিস, কিন্তু স্কুলমাস্টারের কাজ হচ্ছে এই পড়ানো ও বোঝানো। লেখক এবং পাঠকদের মধ্যে এখন স্কুলমাস্টার দণ্ডায়মান। এই মধ্যস্থদের কৃপায় আমাদের সঙ্গে কবির মনের মিলন দূরে থাক, চার চক্ষুর মিলনও ঘটে না। স্কুলঘরে আমরা কাব্যের রূপ দেখতে পাইনে, শুধু তার গুণ শুনি। টীকা-ভাষ্যের প্রসাদে আমরা কাব্য সম্বন্ধে সকল নিগূঢ় তত্ত্ব জানি, কিন্তু সে যে কী বস্তু তা চিনি নে। আমাদের শিক্ষকদের প্রসাদে আমাদের এ জ্ঞান লাভ হয়েছে যে, পাথুরে কয়লা হীরার সবর্ণ না হলেও সগোত্র; অপরপক্ষে হীরক ও কাচ যমজ হলেও সহোদর নয়। এর একের জন্ম পৃথিবীর গর্ভে, অপরটির মানুষের হাতে; এবং এ উভয়ের ভিতর এক দা-কুমড়ার সম্বন্ধ ব্যতীত অপর কোনো সম্বন্ধ নেই।

**11. অনুচ্ছেদটিতে ঋ-কার ও র-ফলা যুক্ত শব্দের মোট সংখ্যা কয়টি?**

Ⓐ ৬টি Ⓑ ৪টি Ⓒ ৫টি Ⓓ ৩টি

Ⓒ Solve অনুচ্ছেদে ঋ-কার ( ৃ ) যুক্ত শব্দ : অমৃতে, কৃপায়, পৃথিবী; র-ফলা যুক্ত শব্দ : প্রসাদে, সগোত্র।

**12. অনুচ্ছেদটিতে ণ-ত্ব বিধান অনুসরণ করে গঠিত শব্দের সর্বমোট সংখ্যা কয়টি?**

Ⓐ ৩টি Ⓑ ৪টি
Ⓒ ৫টি Ⓓ ২টি

Ⓐ Solve অনুচ্ছেদে ণ-ত্ব বিধান অনুসারে শব্দ : দণ্ডায়মান, গুণ, সবর্ণ।

**13. অনুচ্ছেদটিতে কত ধরনের ফলাযুক্ত যুক্তবর্ণ ব্যবহৃত হয়েছে?**

Ⓐ ৩ রকম Ⓑ ৪ রকম
Ⓒ ৫ রকম Ⓓ ২ রকম

Ⓑ Solve অনুচ্ছেদে ফলাযুক্ত শব্দ : কাব্যরস, কাব্য, মধ্যস্থদের, তত্ত্বে, সগোত্র, প্রসাদে, জন্ম অর্থাৎ য-ফলা, ব-ফলা, র-ফলা, ম-ফলা ব্যবহৃত হয়েছে।

**14. অনুচ্ছেদটিতে ব্যবহৃত 'যমজ' এর সমার্থক শব্দ এবং 'সহোদর' এর বিপরীতার্থক শব্দ যথাক্রমে কোনটি?**

Ⓐ জোড় ও অনাদর Ⓑ দোসর ও বৃকোদর
Ⓒ যুগল ও সৎ Ⓓ যমক ও বৈমাত্রেয়

Ⓓ Solve 'যমজ'-এর সমার্থক হতে পারে 'যুগ্ম (জোড়া)'। আবার 'সহোদর' শব্দের বিপরীত শব্দ হতে পারে 'বৈমাত্রেয় বা সৎভাই'।

**15. অনুচ্ছেদটিতে স্বতন্ত্রভাবে রেফ-যুক্ত শব্দ ও মূর্ধন্য 'ষ'-যুক্ত শব্দের মোট সংখ্যা যথাক্রমে কোনটি?**

Ⓐ ৩ ও ৪ Ⓑ ২ ও ৩ Ⓒ ২ ও ২ Ⓓ ২ ও ৫

Ⓒ Solve অনুচ্ছেদে রেফ ( ´ ) যুক্ত শব্দ হলো : সবর্ণ, গর্ভে। আর 'ষ' যুক্ত শব্দ হলো : ভাষ্যে, মানুষের।

**6. নিচের কোনটিতে বহুবচনের অপপ্রয়োগ ঘটেছে?**

Ⓐ আকাশে উড়িছে বকপাঁতি
Ⓑ সমুদয় শিক্ষার্থীবৃন্দ আমন্ত্রিত
Ⓒ সকল শিক্ষক অনুদার হন না
Ⓓ রাশি রাশি ভারা ভারা/ধান কাটা হলো সারা

Ⓑ Solve 'সমুদয় শিক্ষার্থীবৃন্দ আমন্ত্রিত'– এ বাক্যে 'সমুদয়' ও 'বৃন্দ' বহুবচনবাচক শব্দের ব্যবহার বাহুল্য দোষ সৃষ্টি করেছে। বাক্যটি হবে : সমুদয় শিক্ষার্থী আমন্ত্রিত।/শিক্ষার্থীবৃন্দ আমন্ত্রিত।

**17. নিচের কোন বাক্যটি শুদ্ধ নয়?**

Ⓐ আমি জানি তুমি নির্দোষ Ⓑ তার সৌজন্যবোধ অতুলনীয়
Ⓒ আমি সাক্ষী দিতে পারব না Ⓓ আমরা চাই একটি সমৃদ্ধ দেশ

Ⓒ Solve বাক্যশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| আমি সাক্ষী দিতে পারব না। | আমি সাক্ষ্য দিতে পারব না। |

**18. নিচের জোড় শব্দগুলোর মধ্যে কোন দুটি শব্দ বিপরীতার্থক নয়?**

Ⓐ আপদ-বিপদ Ⓑ আকাশ-পাতাল
Ⓒ আলো-আঁধার Ⓓ আয়-ব্যয়

Ⓐ Solve 'আপদ' শব্দের অর্থ : বিরক্তিকর ব্যক্তি বস্তু বা বিষয়। অর্থ বিপদকেই বোঝানো হয়। তাই আপদ'র সমার্থক শব্দ : বিপদ।

**19. 'গতকল্য তাহার সঙ্গে আমার দেখা করবার কথা ছিল, কিন্তু আমি কথা রাখতে পারি নাই।' সাধুরীতি অনুযায়ী বাক্যটিতে কয়টি ভুল আছে?**

Ⓐ ৪টি Ⓑ ৩টি Ⓒ ২টি Ⓓ ৫টি

Ⓒ Solve 'গতকল্য তাহার সঙ্গে আমার দেখা <u>করবার</u> কথা ছিল, কিন্তু আমি কথা <u>রাখতে</u> পারি নাই। সাধু রীতিতে হবে : করিবার, রাখিতে।

**20. নিচের কোনটি যৌগিক বাক্য?**

Ⓐ মা ছিল না বলিয়া কেহ তাঁহার খোঁপা বাঁধিয়া দেয় নাই।
Ⓑ বার্ধক্যকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না।
Ⓒ তাহার পরে বাবা চলিয়া আসিল এবং ঘরে কপাট পড়িল।
Ⓓ আমি যে গান গাই, তাহা যৌবনের গান।

Ⓒ Solve বাক্যের মধ্যে এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি ইত্যাদি থাকলে সেটি যৌগিক বাক্যে পরিণত হয়ে যায়।

**21. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**

Ⓐ সকল পণ্ডিতরাই এ বিষয়ে একমত
Ⓑ অন্যান্য বিষয়গুলো পড়ানো হয়নি
Ⓒ সকল ছাত্র সমাজের কাছে মন্ত্রী আবেদন জানালেন
Ⓓ শ্রমিক সমাজ তাদের ধর্মঘট প্রত্যাহার করেছে

Ⓓ Solve প্রদত্ত প্রশ্নোত্তর ছাড়া অন্যগুলোতে বচনঘটিত অশুদ্ধ রূপ আছে।

**23. সনেটের অষ্টকে কী থাকে?**

Ⓐ ভাবের পরিণতি Ⓑ ভাবের প্রবর্তনা
Ⓒ ভাবের গভীরতা Ⓓ ভাবের উৎকর্ষ

Ⓑ Solve সনেট কবিতার একটি বিশেষ ধরনের রূপকল্প। দুইটি পর্বে বিভক্ত সনেটের প্রথম ভাগকে অষ্টক এবং দ্বিতীয় ভাগকে ষটক হিসেবে অভিহিত করা হয়। অষ্টকে থাকে ভাবের প্রবর্তনা এবং ষটকে তার সম্প্রসারণ থাকে।

**24. 'যে সব বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী
সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি' পঙক্তি দুটি কোন কবির কবিতা থেকে নেওয়া?**

Ⓐ আলাওল Ⓑ মাইকেল মধুসূদন দত্ত
Ⓒ আব্দুল হাকিম Ⓓ ঈশ্বরচন্দ্র গুপ্ত

Ⓒ Solve 'যেসব বঙ্গেত জন্মি হিংসে বঙ্গবাণী।/সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি।' কবিতাংশটি আবদুল হাকিমের 'বঙ্গবাণী' কবিতাভুক্ত। এখানে মাতৃভাষা অবজ্ঞাকারীদের প্রতি কবির ঘৃণা ব্যক্ত হয়েছে। মধ্যযুগে বাংলা ভাষায় সাহিত্যচর্চাকে অবজ্ঞার দৃষ্টিতে দেখার প্রেক্ষাপটে কবি ক্ষুব্ধ হয়ে এ উক্তিটি করেছেন।

**25. লেখকের মতে হীরক ও কাচের মধ্যেকার সম্পর্ক কী?**

Ⓐ বন্ধুত্বের Ⓑ প্রতিযোগিতার
Ⓒ শত্রুতার Ⓓ যুগপৎ বন্ধুত্ব ও শত্রুতার

Ⓒ Solve 'সাহিত্যে খেলা' প্রবন্ধে প্রমথ চৌধুরী হীরক ও কাচের মধ্যেকার বিরোধপূর্ণ সম্পর্কের কথা ব্যক্ত করেছেন। উভয়ের উৎস অভিন্ন হলেও তারা দোসর না হয়ে দুশমনে পরিণত হয়েছে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

## English

**Read the following passage and answer questions 1 to 5:**

Speech is a great blessing but it can also be a great curse, for while it helps us to make our intentions and desires known to our fellows, it can also, if we use it carelessly, make our attitude completely misunderstood. A slip of the tongue, the use of unusual word, or of an ambiguous word, and so on, may create an enemy where we had hoped to win a friend. Again, different classes of people use different vocabularies, and the ordinary speech of an educated person may strike an uneducated listener as pompous. Unwillingly, we may use a word which bears a different meaning to our listeners from what it does to men of our own class. Thus, speech is not a gift to use lightly without thought, but one which demands careful handling. Only a fool will express himself alike to all kinds and conditions to men.

**01. The best way to win a friend is to avoid–**
Ⓐ irony in speech Ⓑ pomposity in speech
Ⓒ verbosity in speech Ⓓ ambiguity in speech
Ⓓ Explanation Passage এর ২য় লাইনে বলা হয়েছে, আমরা কথাবার্তায় দ্ব্যর্থকতার জন্য বন্ধু তৈরি করতে গিয়ে অনেক শত্রু তৈরি করে ফেলি।

**02. While talking to an uneducated person, we should use –**
Ⓐ ordinary speech Ⓑ his or her vocabulary
Ⓒ simple words Ⓓ polite language
Ⓑ Explanation Passage এর ৩য় লাইনে বিষয়টি স্পষ্ট যে, যখন আমরা অশিক্ষিত লোকজনের সাথে কথা বলবো তখন সাধারণত তাদের শব্দকোষ ব্যবহার করব।

**03. If one used the same style of language with everyone, one would sound–**
Ⓐ flat Ⓑ boring Ⓒ foolish Ⓓ democratic
Ⓒ Explanation Passage এর শেষ লাইনে বিষয়টি স্পষ্ট।

**04. 'A slip of the tongue' means something is said–**
Ⓐ wrongly by choice
Ⓑ unintentionally
Ⓒ without giving proper thought
Ⓓ to hurt another person
Ⓒ Explanation A slip of the tongue –অর্থ কথা বলায় ভুল।

**05. Speech can be a curse because it can–**
Ⓐ hurt others Ⓑ lead to carefleslness
Ⓒ create misunderstanding Ⓓ reveal our intentions
Ⓒ Explanation Passage টি পড়ে বোঝা যায় যে, একটি বক্তব্য বুঝাতে না পারলে তা আর্শিবাদ না হয়ে অভিশাপও হতে পারে।

**06. Choose the correct relation. 'Ecstasy is to Happiness as Admiration is to ——'**
Ⓐ Close Ⓑ Dear
Ⓒ Affection Ⓓ Appreciation
Ⓓ Explanation Happiners (সুখ) হতে ecstacy (পরমানন্দ) আসে আর appreciation (মূল্যায়ন) হতে admiration (প্রশংসা) আসে।

**07. Choose the correct analogy. 'Barren : Fecund'.**
Ⓐ Dry : Parched Ⓑ Incessant : Continuous
Ⓒ Naked : Sinful Ⓓ Hackneyed : Original
Ⓓ Explanation Barren (অনুর্বর) ও Fecund (উর্বর) বিপরীত শব্দ একইভাবে Hackneyed (বিরক্তকর) ও Original (আসল) বিপরীত শব্দ।

**08. Choose the correct spelling.**
Ⓐ Indegenus Ⓑ Indiginous
Ⓒ Indigenous Ⓓ Indigeneous
Ⓒ Explanation Indigenous অর্থ স্বদেশী।

**09. Which of the following nouns is made up of two nouns?**
Ⓐ Happiness Ⓑ Classroom
Ⓒ Whitepen Ⓓ Obscurity
Ⓑ Explanation Class(n) + room (n) = Classroom (Compound noun) White (adjective) + Pen(n) =White Pen(n)

**10. Choose the pair that best expresses similar relationship. 'Fire : Ashes'.**
Ⓐ Accident : Delay Ⓑ Water : Waves
Ⓒ Wood : Splinter Ⓓ Event : Memories
Ⓓ Explanation Fire (আগুন) এ পুড়লে (Ashes) ছাই থাকে আর Event (ঘটনা) ঘটলে memories (স্মৃতি) থাকে।

**11. Choose the correct meaning of the phrase 'Stumbling block'.**
Ⓐ Anxiety Ⓑ Worry
Ⓒ Disaster Ⓓ Obstacle
Ⓓ Explanation Stumbling block অর্থ যা কোন কাজে বা চুক্তিতে বাধা দেয়।

**12. The antonym word of 'Meager' is–**
Ⓐ enough Ⓑ miser
Ⓒ little Ⓓ scant
Ⓐ Explanation Meager –অপ্রচুর। এর antonym হলো enough –প্রচুর / যথেষ্ট।

**13. 'Oncology' relates to–**
Ⓐ law Ⓑ medicine
Ⓒ ecology Ⓓ environment
Ⓑ Explanation টিউমার সম্পর্কিত বিদ্যা এবং চিকিৎসাসেবার নাম Oncology.

**14. Which underlined part of the sentence below is incorrect?**
Fiber <u>is important</u> (A) element <u>in</u> (B) nutrition and it aids in <u>protecting</u> (C) the digestive <u>tract</u> (D) as well.
Ⓐ Explanation Option a তে important এর পূর্বে an হবে।

**15. Choose the correct sentence.**
Ⓐ Fame as well as fortune were his goals
Ⓑ Fame as well as fortune was his goals
Ⓒ Fame as well fortune were his goals
Ⓓ Fame and fortune were his goals
Ⓓ Explanation কোন Sentence এ as well as, along with ইত্যাদি থাকলে এর পরের verb প্রথম Subject অনুযায়ী হবে।

**16. The opposite meaning of 'Hearten' is–**
Ⓐ discourage Ⓑ deceive Ⓒ deny Ⓓ decide
Ⓐ Explanation Hearten - উৎসাহ দেওয়া। এর Opposite word discourage (নিরুৎসাহিত করা)।

**17. Which one of the followings is a complex sentence?**
Ⓐ Some students like to study in the morning
Ⓑ I hate running, but like walking
Ⓒ They are studying because they have a test in the afternoon
Ⓓ Too many cooks spoil the broth
Ⓒ Explanation Option C তে because conjunction এবং দুটি Sub ও দুটি finite verb থাকায় তা Complex sentenec.

**18. The correct proverb is–**
Ⓐ Silence is capital Ⓑ Silence is value
Ⓒ Silence is golden Ⓓ Silence is rewarding
Ⓒ Explanation সঠিক Proverb – Silence is golden অর্থ কোন কিছু বলার চেয়ে না বলাই ভালো।

**19. 'Ring master' is a person in charge of–**
Ⓐ a bus conductor Ⓑ a circus performer
Ⓒ a ticket checker Ⓓ one who sells rings
Ⓑ Explanation Ring master হলো circus Performer দের দলনেতা।



CamScanner

**20. The noun of the word 'brief' is–**
Ⓐ brevity Ⓑ briefing Ⓒ brief Ⓓ briefly
Ans A Explanation Brief এর noun Briefing অর্থ কোন কিছু করতে যাচ্ছে তার পূর্বে তথ্য দেওয়ার জন্য আলোচনা সভা। brevity অর্থ সংক্ষিপ্ততা।

**21. Choose the appropriate preposition. 'We sprinkle parsley — the tomatoes.'**
Ⓐ at Ⓑ in Ⓒ on Ⓓ of
Ans C Explanation বাক্যটির অর্থ করলে দাঁড়ায় আমার টমেটোর উপরে (Parsley) লতা ছড়িয়ে দিয়েছিলাম।

**22. Choose the correct transformation (into compound one). 'You must work hard to succeed.'**
Ⓐ If you work hard you will not fail
Ⓑ You must work hard for not failing
Ⓒ You should work hard to avoid failing
Ⓓ You must work hard or you will fail
Ans D Explanation প্রদত্ত Simple Sentence এর উদ্দেশ্য বুঝতে infinitive থাকায় Compound Sentence এ on হবে এবং দুটি Sub ও ২টি finite verb হবে।

**23. Which will complete the sentence correctly? 'So quickly —— he reached on time.'**
Ⓐ would he run that Ⓑ he ran that
Ⓒ did he run that Ⓓ he ran as
Ans C Explanation Inversion এর নিয়ম অনুসারে এখানে adverb + auxiliary verb + subject + verb বসেছে।

**24. Fill in the blank. 'Ten dollars —— a lot of money for a cup of coffee.'**
Ⓐ is Ⓑ are Ⓒ will be Ⓓ would be
Ans A Explanation একই দৈর্ঘ্য, সময় ইত্যাদি বুঝাতে Subject দেখতে Plural মনে হলেও verb Singular হবে।

## সাধারণ জ্ঞান

**01. তৎকালীন পাকিস্তানে বাংলা ভাষা সাংবিধানিকভাবে রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি লাভ করে কোন সালে?**
Ⓐ ১৯৫২ সালে Ⓑ ১৯৫৬ সালে
Ⓒ ১৯৬৫ সালে Ⓓ ১৯৫৭ সালে
Ans B Solve ১৯৪৮ সাল থেকে ১৯৫২ সাল পর্যন্ত বাংলাকে রাষ্ট্রভাষা করার জন্য রক্তক্ষয়ী আন্দোলন সংঘটিত হয়। গণ আন্দোলনের ফলশ্রুতিতে ১৯৫৬ সালে পাকিস্তানের প্রথম সংবিধান প্রণীত হলে সংবিধানের ২১৪ নং অনুচ্ছেদ অনুযায়ী বাংলাকে অন্যতম রাষ্ট্রভাষার স্বীকৃতি দেওয়া হয়।

**02. সীমান্ত সমস্যা সংক্রান্ত মুজিব-ইন্দিরা চুক্তি স্বাক্ষরিত হয় কত তারিখে?**
Ⓐ ১৬ মে, ১৯৭৪ Ⓑ ২০ মে, ১৯৭২
Ⓒ ১৭ সেপ্টেম্বর, ১৯৭৪ Ⓓ ১৯ অক্টোবর, ১৯৭২
Ans A Solve ইন্দিরা-মুজিব চুক্তি, যার পোশাকি নাম ল্যান্ড বাউন্ডারি এগ্রিমেন্ট, ১৯৭৪ সালের ১৬ মে স্বাক্ষরিত হয়। এ চুক্তির উদ্দেশ্য ছিল দু'দেশের মধ্যে স্থল সীমানা চিহ্নিতকরণ সম্পূর্ণ করা এবং ছিটমহল ও প্রতিকূলভাবে অধিকৃত জমি বিনিময় করা।

**3. বর্তমানে বাংলাদেশের মোট সমুদ্র অঞ্চল কত বর্গকিলোমিটার?**
Ⓐ ১,১৫,৭৮২ Ⓑ ১,১৮,৮১৩
Ⓒ ১,২০,৫২০ Ⓓ ১,৫৭,২২০
Ans B Solve ৭ জুলাই ২০১৪ আন্তর্জাতিক সালিশি আদালতের মাধ্যমে ভারত ও বাংলাদেশের মধ্যে সমুদ্রসীমা মামলার নিষ্পত্তি হলে বাংলাদেশ মোট ১,১৮,৮১৩ বর্গ কিলোমিটার সমুদ্র অঞ্চলে একচ্ছত্র অধিকার লাভ করে।

**04. IPCC এর পূর্ণরূপ কোনটি?**
Ⓐ Intergovernmental Panel on Climate Change
Ⓑ Internal Program for Cable Communication
Ⓒ International Panel on Climate Change
Ⓓ Institutional Panel on Climate Change
Ans A Solve প্রতিষ্ঠিত হয় ১৯৮৮ সালে। প্রতিষ্ঠানটি ২০০৭ সালে শান্তিতে নোবেল পুরস্কার লাভ করে।

**05. বাংলাদেশের একমাত্র পাহাড়ী দ্বীপ কোনটি?**
Ⓐ হাতিয়া Ⓑ মহেশখালী Ⓒ সেন্টমার্টিন Ⓓ কুতুবদিয়া
Ans B Solve বাংলাদেশের একমাত্র পাহাড়ি দ্বীপ মহেশখালী যেখানে আদিনাথ মন্দির রয়েছে। কুতুবদিয়া বাতিঘরের জন্য বিখ্যাত দ্বীপ। বাংলাদেশের একমাত্র সামুদ্রিক প্রবাল দ্বীপ সেন্টমার্টিন যার আরেক নাম নারিকেল জিঞ্জিরা।

**06. 'Impossible is a word to be found in a fool's dictionary' কে বলেছিলেন?**
Ⓐ হিটলার Ⓑ নেপোলিয়ন Ⓒ লেনিন Ⓓ মুসোলিনী
Ans B Solve বিখ্যাত ব্যক্তিদের উক্তি :

| উক্তি | ব্যক্তি |
|---|---|
| যুদ্ধই জীবন, যুদ্ধই সর্বজনীন | হিটলার |
| এককালীন শান্তি সম্ভব নয়, সঙ্গতও নয় | মুসোলিনী |
| সাম্রাজ্যবাদ পুঁজিবাদের সর্বশেষ পর্যায় | লেনিন |

**07. বিশ্বের কোন 'হেরিটেজ সাইট' তার ৩৫০তম বার্ষিকী পালন করেছে?**
Ⓐ গিজার পিরামিড Ⓑ তাজমহল
Ⓒ বেবিলনের ঝুলন্ত উদ্যান Ⓓ আলেকজান্দ্রিয়ার লাইব্রেরি
Ans B Solve মুঘল সম্রাট শাহজাহান তার প্রিয়তমা স্ত্রী মমতাজ মহলের প্রতি ভালবাসার নিদর্শন স্বরূপ দিল্লির আগ্রায় ১৬৫৩ সালে এটি প্রতিষ্ঠা করেন। ১৯৮৩ সালে ইউনেস্কো তাজমহলকে বিশ্ব ঐতিহ্যের অন্তর্ভুক্ত করে।

**08. 'ঢাকা রেলওয়ে' থানা কোন রেলওয়ে জেলার অন্তর্গত?**
Ⓐ ঢাকা জেলা Ⓑ ময়মনসিংহ জেলা
Ⓒ চট্টগ্রাম জেলা Ⓓ নারায়ণগঞ্জ জেলা
Ans A

**09. প্রায় সাড়ে তেরো কোটি বছর আগেও বাংলাদেশে একটি নদী প্রবাহমান ছিলো, কোন নদী?**
Ⓐ ব্রহ্মপুত্র Ⓑ লুসাই Ⓒ সুরমা Ⓓ তিস্তা
Ans A Solve ব্রহ্মপুত্র নদ তিব্বতের কৈলাশ শৃঙ্গের মানস সরোবর হ্রদ থেকে উৎপত্তি লাভ করে। ব্রহ্মপুত্র নদের পূর্বনাম লৌহিত্য।

**10. তালিকা-১:(সভ্যতা)-(ক) মহেঞ্জোদারো (খ) মিসরীয় (গ) চৈনিক (ঘ) বার্মা তালিকা-২: (সম্পৃক্ত নদী)- (১) নীল (২) ইয়াংসি (৩) সিন্ধু (৪) ইরাবতী প্রশ্ন: তালিকা-১ (সভ্যতা) এর ক্রমানুসারে তালিকা-২ (সম্পৃক্ত নদী) মিলবে কোন নম্বর সেটটিতে?**
Ⓐ ৪, ২, ৩, ১ Ⓑ ৩, ১, ২, ৪
Ⓒ ৩, ১, ৪, ২ Ⓓ ৩, ২, ১, ৪
Ans B Solve মহেঞ্জোদারো সিন্ধু নদীর তীরে অবস্থিত। মিসরীয় সভ্যতা গড়ে উঠেছিল নীল নদের তীরে। চৈনিক সভ্যতা গড়ে উঠেছিল ইয়াংসিকিয়াং নদীর তীরে। বার্মা/মিয়ানমারের রাজধানী নাইপিদো ইরাবতী নদীর তীরে অবস্থিত।

**11. পৃথিবীর সবচেয়ে বড় ফুল কোনটি?**
Ⓐ ল্যাভেন্ডার Ⓑ কুইনিন
Ⓒ নাইটকুইন Ⓓ র‍্যাফলেসিয়া
Ans D Solve পৃথিবীর সবচেয়ে বড় ফুল র‍্যাফলেসিয়া দক্ষিণ পূর্ব এশিয়ার দেশগুলোতে দেখতে পাওয়া যায়।

**12. A rocket flying to the moon does not need wings because-**
Ⓐ it has no engine Ⓑ space has too much dust
Ⓒ it has no fuel Ⓓ space is airless
Ans D

**13. Green money বলা হয় কোন মুদ্রাকে?**
Ⓐ ডলার Ⓑ ইউরো Ⓒ পাউন্ড Ⓓ ইয়েন
Ans A Solve মার্কিন ডলার হল মার্কিন যুক্তরাষ্ট্রের সরকারি মুদ্রার নাম। এর কাগজে নোটের নকশা অনুযায়ী একে চলতি ভাষায় গ্রিন মানি বলা হয়।


CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

14. e-GP এর পূর্ণরূপ কী?
Ⓐ Electric Government Procedure
Ⓑ Electronic Governmental Procedure
Ⓒ Electronic Government Procurement
Ⓓ Electronic Grameen Phone
Ⓒ Solve ইলেকট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) একমাত্র ওয়েব পোর্টাল যেখান থেকে এবং যার মাধ্যমে ক্রয়কারী সংস্থা এবং ক্রয়কারী প্রতিষ্ঠানসমূহ নিরাপদ ওয়েব ড্যাসবোর্ডের মাধ্যমে ক্রয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলী সম্পাদন করতে পারবে।

15. Black Forest কোন দেশে অবস্থিত?
Ⓐ জার্মানি Ⓑ যুক্তরাষ্ট্র Ⓒ রাশিয়া Ⓓ দ. আফ্রিকা
Ⓐ Solve জার্মানির দক্ষিণ-পশ্চিমে অবস্থিত পর্বতময় বনভূমির নাম Black Forest রাখা হয়েছে এ বনের অপরূপ সৌন্দর্যের কারণে।

16. নিচের কোন উদ্ভিদটিকে 'সূর্যকন্যা' বলা হয়?
Ⓐ তুলা গাছ Ⓑ দেবদারু গাছ Ⓒ শিমুল গাছ Ⓓ সূর্যমুখী গাছ
Ⓐ Solve তুলা আঁশজাতীয় নরম পদার্থবিশেষ যা সংশ্লিষ্ট তুলা গাছের বীজের সাথে সম্পৃক্ত থাকে। তুলা থেকে তৈরিকৃত সুতা দিয়ে কাপড়সহ অন্যান্য ধরনের জিনিসপত্র তৈরি করা হয়।

17. গ্রিনল্যান্ড দ্বীপের মালিকানা কোন দেশের?
Ⓐ ডেনমার্ক Ⓑ সুইডেন Ⓒ নিউজিল্যান্ড Ⓓ নেদারল্যান্ডস
Ⓐ Solve দ্বীপ ও মালিকানা :

| দ্বীপ | মালিকানা |
|---|---|
| গ্রিনল্যান্ড | ডেনমার্ক |
| কুরিল | রাশিয়া |
| কিস্যু | জাপান |

18. ইবোলা ভাইরাস কীসের নামানুসারে নামকৃত?
Ⓐ নদী Ⓑ বানর Ⓒ মাছ Ⓓ শিম্পাঞ্জী
Ⓐ Solve ১৯৭৬ সালে আফ্রিকার কঙ্গোতে প্রথম এই ভাইরাস সনাক্ত করা হয়। কঙ্গোর ইবোলা নদীর নাম থেকে এই ভাইরাসের নামকরণ করা হয়েছে।

19. এক ব্যারেল তেল কত লিটারের সমান?
Ⓐ ১৫৯ লিটার Ⓑ ১৬৭ লিটার Ⓒ ১৭৭ লিটার Ⓓ ১৮৭ লিটার Ans Ⓐ

20. কে বয়োজ্যেষ্ঠ?
Ⓐ আলেকজান্ডার Ⓑ সক্রেটিস Ⓒ প্লেটো Ⓓ অ্যারিস্টটল
Ⓑ Solve জ্ঞানের পিতা বলা হয় গ্রিক দার্শনিক সক্রেটিসকে। সক্রেটিসের শিষ্য ছিলেন প্লেটো। প্লেটোর শিষ্য ছিলেন অ্যারিস্টটল এবং অ্যারিস্টটলের শিষ্য ছিলেন ম্যাসিডোনিয়ার বীর আলেকজান্ডার দ্য গ্রেট।

21. কোন জোড়াটি ভুল?
Ⓐ বস্তুর জীবাণু : রবার্ট কচ Ⓑ হোমিওপ্যাথি : হ্যানিম্যান
Ⓒ ব্যাকটেরিয়া : রবার্ট হুক Ⓓ এনাটমি : ভেসালিয়াস
Ⓒ Solve ১৬৭৪ সালে এন্টন ভ্যান লিউয়েন হুক ২৭০ গুণ বিবর্ধন ক্ষমতা সম্পন্ন অণুবীক্ষণ যন্ত্রে ব্যাকটেরিয়া আবিষ্কার করেন।

22. GPRS এর পূর্ণরূপ কী?
Ⓐ General Packet Radio Service
Ⓑ Global Protect Radiation Service
Ⓒ General Preference Radio Service
Ⓓ Global Package Remission
Ⓐ Solve GPRS হলো General Packet Radio Service। এটি মূলত একটি তারবিহীন যোগাযোগ ব্যবস্থা যার মধ্য দিয়ে তথ্য পাঠানোর গতি প্রতি সেকেন্ডে ৫৬ থেকে ১১৪ কিলোবাইট।

23. জাপানের কোন দ্বীপকে Rust Belt বলা হয়?
Ⓐ নর্দান হনসু Ⓑ সিকোকু আইল্যান্ডস
Ⓒ কিউশু আইল্যান্ডস Ⓓ সাউদার্ন হনসু
Ⓑ Solve উদীয়মান সূর্যের দেশ জাপানের বৃহত্তম চারটি দ্বীপ হল হোনশু, হোক্কাইদো, কিউশু ও সিকোকু।

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়
## ভর্তি পরীক্ষা : ২০১৩-২০১৪; ইউনিট: ঘ

### বাংলা

01. কোনটি ঠিক?
Ⓐ বিদেশি শব্দে 'ষ' হয় না Ⓑ খাঁটি বাংলা শব্দে 'ষ' হয় না
Ⓒ সংস্কৃত 'সাৎ' পদে 'ষ' হয় না Ⓓ সবই
Ⓓ Solve ষ-ত্ব বিধানের নিয়ম অনুসারে, বিদেশি শব্দে 'ষ' হয় না। যেমন : পোশাক। খাঁটি বাংলা শব্দে 'ষ' হয় না। যেমন : সাপ। সংস্কৃত শব্দে 'সাৎ' পদে 'ষ' হয় না। যেমন : অগ্নিসাৎ।

02. নিচের কোন বাক্যে 'আর' অব্যয়টি পুনরাবৃত্তি অর্থে ব্যবহৃত হয়েছে?
Ⓐ ও দিকে আর যাবে না Ⓑ বল, আর কী চাও?
Ⓒ সে দিন কি আর আসবে? Ⓓ আর কি বাজবে বাঁশি
Ⓐ Solve বিভিন্ন অর্থে 'আর' অব্যয় যোগে বাক্য। যেমন : বিরক্তি প্রকাশে : আর ও কথায় কাজ নেই। নির্দেশ অর্থে : বল, আর কী চাও? বাক্যালংকারে : সে কি আর বাজাবে বাঁশি?

03. কোন বিরামচিহ্নে থামার প্রয়োজন নেই?
Ⓐ – Ⓑ :
Ⓒ ; Ⓓ ""
Ⓐ Solve হাইফেন (-), ইলেক বা লোপ চিহ্ন ('), ব্র্যাকেট ( বন্ধনী) চিহ্নে থামার প্রয়োজন নেই।

04. 'বৃষ্টি পড়ে টাপুর টুপুর' বাক্যটিতে কোন ধরনের দ্বিরুক্তি ব্যবহৃত হয়েছে?
Ⓐ ধ্বন্যাত্মক দ্বিরুক্তি Ⓑ অব্যয়ের দ্বিরুক্তি
Ⓒ পদাত্মক দ্বিরুক্তি Ⓓ বিশেষ্য দ্বিরুক্তি
Ⓐ Solve কোনো কিছুর স্বাভাবিক বা কাল্পনিক অনুকৃতিবিশিষ্ট শব্দের রূপকে ধ্বন্যাত্মক শব্দ বলে। এ জাতীয় ধ্বন্যাত্মক শব্দের দুবার প্রয়োগের নাম ধ্বন্যাত্মক দ্বিরুক্তি। যেমন : টপটপ, শনশন, কনকন। ধ্বন্যাত্মক দ্বিরুক্তির প্রথম অংশে 'আ' যোগে পটাপট, গপাগপ। যুগ্মরীতিতে ধ্বন্যাত্মক শব্দ ঝিলমিল, কিচির মিচির, টাপুর টুপুর।

05. নিচের কোনটি সরল বাক্য?
Ⓐ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার জন্য এখন থেকেই তোমার পড়া উচিত।
Ⓑ তাঁর টাকা আছে, কিন্তু তিনি দান করেন না।
Ⓒ যদিও তাঁর টাকা আছে, তথাপি তিনি দান করেন না।
Ⓓ এখন থেকেই তোমার পড়া উচিত, তবেই পরীক্ষায় উত্তীর্ণ হতে পারবে।
Ⓐ Solve যে বাক্যে একটিমাত্র কর্তা (উদ্দেশ্য) ও একটিমাত্র সমাপিকা ক্রিয়া (বিধেয়) থাকে তাকে সরল বাক্য বলে। যেমন : পূজা পড়ে। এ সরল বাক্যে উদ্দেশ্য বা বিধেয় প্রত্যেকটির প্রসারকও থাকতে পারে। যেমন : বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম প্রায় তিন হাজার গান লিখেছেন।

06. শুদ্ধ বাক্য কোনটি?
Ⓐ আমার মতো দুর্ভাগ্যবান আর কে আছে?
Ⓑ এমন আবশ্যকীয় ঘটনা জানানো নিষ্প্রয়োজন।
Ⓒ চোরটি বমাল ধরা পড়লো।
Ⓓ ক্রোধে তার নেত্র দুই চক্ষুসহ রক্তবর্ণ ধারণ করলো।
Ⓒ Solve বাক্যশুদ্ধি :

| অশুদ্ধ বাক্য | শুদ্ধ বাক্য |
|---|---|
| আমার মতো দুর্ভাগ্যবান আর কে আছে। | আমার মতো দুর্ভাগা আর কে আছে? |
| এমন আবশ্যকীয় ঘটনা জানানো নিষ্প্রয়োজন। | এমন আবশ্যক ঘটনা জানানো নিষ্প্রয়োজন। |
| ক্রোধে তার নেত্র দুই চক্ষুসহ রক্তবর্ণ ধারণ করলো। | ক্রোধে তার নেত্র রক্তিম হলো। |

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

CamScanner

**07. কোন বাক্যটি প্রযোজক ক্রিয়া দ্বারা গঠিত?**

Ⓐ মাথা ঝিমঝিম করছে Ⓑ তোমার পরিশ্রমের ফল ফলেছে
Ⓒ মা শিশুকে হাসান Ⓓ শিশুটি কাঁদে

**C Solve** কোনো কাজ নিজে না করে অন্যের দ্বারা করানো হলে, ঐ ক্রিয়াকে প্রযোজক ক্রিয়া বলে। সংস্কৃত ব্যাকরণে তাকে ণিজন্ত ক্রিয়া বলে।

**08. ভুল বাক্য কোনটি?**

Ⓐ নির্ভয়ে কথা বলুন।
Ⓑ চারিত্রিক বৈশিষ্ট্যতার জন্য আদিবাসীদের খ্যাতি আছে।
Ⓒ আপৎকালে বোধশক্তি হারালে সমূহ বিপদ।
Ⓓ নিরঞ্জনই দুঃসময়ের বন্ধু।

**B Solve** 'বৈশিষ্ট্যতার' শব্দটিতে প্রত্যয়ঘটিত অশুদ্ধি রয়েছে। শব্দটির শুদ্ধ রূপ : বিশিষ্টতা বা বৈশিষ্ট্য।

**09. বিপরীতার্থক শব্দদ্বয় কোনটি?**

Ⓐ কুক্কুর, কুক্কুট Ⓑ শশা, শ্বসা
Ⓒ মহীনতা, স্বর্ণলতা Ⓓ বিজয়ী, বিজিত

**D Solve** কতিপয় বিপরীতার্থক শব্দ : আর্দ্র - শুষ্ক, সূক্ষ্ম - স্থূল, উৎকর্ষ - অপকর্ষ, স্থাণু - চলিষ্ণু, হাল - সাবেক, অনির্বাণ - নির্বাণ।

**10. শুদ্ধ বানান কোনটি?**

Ⓐ মুহুর্মুহ Ⓑ মুহুর্মুহু Ⓒ মুর্হুমুহ Ⓓ মুহুঃর্মুহু

**B Solve** বানান সতর্কতা : মুহুর্মুহু, মুহূর্ত, মুমূর্ষু, মোহ্যমান, মৃণালিনী, মূর্ধ, মূকীভূত, মূষিক।

**11. পৈত্রিক সম্পত্তির লোভে যে জৈষ্ঠ্য ভ্রাতাকে হত্যা করিতে কুন্ঠিত হয় না তাহাকে নরাদম বলা কী অন্যায়?'–চলিত বাংলায় লেখা বাক্যটিতে কয়টি ভুল রয়েছে?**

Ⓐ ৫ Ⓑ ৬ Ⓒ ৭ Ⓓ ৮

**D Solve** অশুদ্ধ বাক্য : পৈত্রিক সম্পত্তির লোভে যে জৈষ্ঠ্য ভ্রাতাকে হত্যা করিতে কুন্টিত হয় না তাহাকে নরাদম বলা কী অন্যায়?'
শুদ্ধ রূপ : পৈতৃক সম্পত্তির লোভে যে বড় ভাইকে হত্যা করতে কুণ্ঠিত হয় না তাকে নরাধম বলা কি অন্যায়?

**12. 'আজীবন বিদ্যা-বুদ্ধি-প্রজ্ঞার অভিজ্ঞতালব্ধ সঞ্চিত সন্নান ধূলিস্যাৎ হইয়া যাবে তা' কে জানতো।' সাধু বাংলায় লেখা বাক্যটিতে কয়টি ভুল রয়েছে?**

Ⓐ ৫ Ⓑ ৬ Ⓒ ৭ Ⓓ ৮

**B Solve** বাক্যশুদ্ধি :
অশুদ্ধ : 'আজীবন বিদ্যা-বুদ্ধি-প্রজ্ঞার অভিজ্ঞতালব্ধ সঞ্ছিত সন্নান ধূলিসাৎ হইয়া যাবে তা' কে জানতো।'
শুদ্ধ রূপ : আজীবন বিদ্যা-বুদ্ধি-প্রজ্ঞার অভিজ্ঞতালব্ধ সঞ্চিত সম্মান ধূলিসাৎ হইয়া যাইবে তাহা কেহ জানিতো।

**13. 'যথারীতি' সমাসবদ্ধ পদের ব্যাসবাক্য কোনটি?**

Ⓐ যথার্থ রীতি যা Ⓑ যা যথার্থ তাই রীতি
Ⓒ রীতিকে অতিক্রম না করে Ⓓ যথাযথ রীতি

**C Solve** সামীপ্য (নৈকট্য), বিপ্সা (পৌনঃপুনিকতা), পর্যন্ত, অভাব, অনতিক্রম্যতা, সাদৃশ্য, যোগ্যতা প্রভৃতি নানা অর্থে অব্যয়ীভাব সমাস হয়। যেমন : রীতিকে অতিক্রম না করে = যথারীতি।

**14. নিচের কোন বাক্যে 'ঢাক্ ঢাক্ গুড় গুড়'-প্রবাদের অর্থ প্রকাশ পেয়েছে?**

Ⓐ ঢাক্ ঢাক্ গুড় গুড় করে কী লাভ, তাড়াতাড়ি চলে যাও
Ⓑ ঢাক্ ঢাক্ গুড় গুড় করে কী লাভ, কাজে লেগে যাও
Ⓒ ঢাক্ ঢাক্ গুড় গুড় করে কী লাভ, আসল কথাটি বল
Ⓓ ঢাক্ ঢাক্ গুড় গুড় করে কী লাভ, নিজের পায়ে দাঁড়াও

**C Solve** 'ঢাক্ ঢাক্ গুড় গুড়' প্রবাদের অর্থ হলো : গোপন করার চেষ্টা। 'তলাগুছি' প্রবাদের অর্থ : গোপন সাহায্য, 'শাক দিয়ে মাছ ঢাকা' প্রবাদের অর্থ হলো কুকর্ম গোপন করার বৃথা চেষ্টা।

**নিচের অনুচ্ছেদটি পড়ে 15-18 নম্বর প্রশ্নের উত্তর দাও :**

"বার্ধক্য তাহাই – যাহা পুরাতনকে, মিথ্যাকে, মৃত্যুকে আঁকড়িয়া পড়িয়া থাকে। বৃদ্ধ তাহারাই – যাহারা মায়াচ্ছন্ন নব মানবের অভিনব জয়যাত্রার শুধু বোঝা নয়, বিঘ্ন; শতাব্দীর নব যাত্রীর চলার ছন্দে ছন্দ মিলাইয়া যাহারা কুচকাওয়াজ করিতে জানে না, পারে না; যাহারা জীব হইয়াও জড়; যাহারা অটল সংস্কারের পাষাণস্তূপ আঁকড়িয়া পড়িয়া আছে। বৃদ্ধ তাহারাই – যাহারা নব অরুণোদয় দেখিয়া নিদ্রাভঙ্গের ভয়ে দ্বার রুদ্ধ করিয়া পড়িয়া থাকে। আলোক-পিয়াসী প্রাণচঞ্চল শিশুদের কল কোলাহলে যাহারা বিরক্ত হইয়া অভিসম্পাত করিতে থাকে, জীর্ণ পুঁথি চাপা পড়িয়া যাহাদের নাভিশ্বাস বহিতেছে, অতি জ্ঞানের অগ্নিমান্দ্যে যাহারা আজ কঙ্কালসার – বৃদ্ধ তাহারাই। ইহাদের ধর্মই বার্ধক্য। বার্ধক্যকে সব সময় বয়সের ফ্রেমে বাঁধা যায় না। বহু যুবককে দেখিয়াছি যাহাদের যৌবনের উর্দির নিচে বার্ধক্যের কঙ্কাল মূর্তি। আবার বহু বৃদ্ধকে দেখিয়াছি – যাঁহাদের বার্ধক্যের জীর্ণাবরণের তলে মেঘলুপ্ত সূর্যের মতো প্রদীপ্ত যৌবন।"

**15. অনুচ্ছেদটিতে সন্ধিঘটিত শব্দ ও অনুনাসিক ধ্বনির সংখ্যা যথাক্রমে–**

Ⓐ ২ ও ৩ Ⓑ ৪ ও ৫
Ⓒ ৪ ও ৪ Ⓓ ২ ও ৫

**B Solve** প্রদত্ত প্রশ্নোত্তরের 'মায়াচ্ছন্ন, সংস্কার, অরুণোদয়, জীর্ণাবরণ' হলো সন্ধিঘটিত শব্দ। 'আঁকড়িয়া (২), পুঁথি, বাঁধা, যাঁহাদের' হলো অনুনাসিক ধ্বনি (৪ + ৫ টি)।

**16. অনুচ্ছেদটিতে বিপরীতার্থক শব্দজোড় রয়েছে কয়টি?**

Ⓐ ১ Ⓑ ২ Ⓒ ৩ Ⓓ ৪

**B Solve** ২টি বিপরীত শব্দজোড় হলো : জীব-জড় এবং যৌবন-বার্ধক্য।

**17. অনুচ্ছেদটিতে কত রকমের বিরামচিহ্ন ব্যবহৃত হয়েছে?**

Ⓐ ৪ Ⓑ ০৫ Ⓒ ৬ Ⓓ ৭

**C Solve** অনুচ্ছেদে ব্যবহৃত হয়েছে উদ্ধৃতি চিহ্ন (" "), হাইফেন (-), ড্যাশ (–), কমা (,), সেমিকোলন (;), দাঁড়ি (।)।

**18. অনুচ্ছেদটিতে কতভাবে বৃদ্ধদের চিহ্নিত করা হয়েছে?**

Ⓐ ৬ Ⓑ ৭ Ⓒ ৮ Ⓓ ৯

Ⓑ Solve গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : তালপাতার সেপাই (ক্ষীণজীবী, ছিপছিপে), পুঁটিমাছের প্রাণ (ক্ষীণজীবী লোক), রুই-কাতলা (প্রতিপত্তিশালী লোকজন), আটাশে ছেলে (দুর্বল ও অক্ষম)।

**14. নির্ভুল শব্দ কোনটি?**

Ⓐ সত্ত্বা Ⓑ সত্ত্ব Ⓒ সত্তা Ⓓ স্বত্তা

Ⓒ Solve কতিপয় নির্ভুল শব্দ : সদ্যোজাত, সত্ত্ব, সত্তা, সতেরো, সতী, সতিন, সঞ্চারী, সজীব, অন্তঃসত্ত্বা, আমসত্ত্ব।

**15. 'যে ছেলেটির লালচে চুল তার দিকে নজর রেখো।' বাক্যটি-**

Ⓐ জটিল Ⓑ সরল Ⓒ যৌগিক Ⓓ খণ্ড

Ⓐ Solve বাক্যের মধ্যে যে-সে, যেখানে-সেখানে, যত-তত, যিনি-তিনি, যখন-তখন, যেমন-তেমন ইত্যাদি থাকলে সেটি মিশ্র বাক্যে পরিণত হয়ে যায়। উল্লিখিত বাক্যটিতে 'তার' এখানে সে এর কাজ করছে।

**16. 'এ বয়স দুর্যোগে আর ঝড়ে বাঁচে।' অস্তিবাচক বাক্যটির নেতিবাচক রূপ-**

Ⓐ এ বয়স দুর্যোগে আর ঝড়ে বাঁচে না।
Ⓑ এ বয়স দুর্যোগে আর ঝড়ে মরে না।
Ⓒ এ বয়স দুর্যোগে আর ঝড়ে না বেঁচে থাকে না।
Ⓓ এ বয়স দুর্যোগে আর ঝড়ে বাঁচতে পারে না। Ans Ⓑ

**17. কৃৎপ্রত্যয় জাত শব্দ–**

Ⓐ খাজাঞ্চি Ⓑ নারকীয় Ⓒ নবীন Ⓓ নেত্র

Ⓓ Solve ধাতু বা ক্রিয়ামূলের পরে যেসব প্রত্যয় যুক্ত হয়ে নতুন শব্দ গঠিত হয়, তাকে বলে কৃৎ-প্রত্যয়। যেমন : √কৃ + তব্য = কর্তব্য, √নী + ত্র ইত্যাদি।

**18. 'সীমান্ত' শব্দটির সন্ধি বিচ্ছেদ–**

Ⓐ সীমা + অন্ত Ⓑ সী + অন্ত
Ⓒ সীম্ + অন্ত Ⓓ সীমন্ + অন্ত

Ⓓ Solve সীমন্ + অন্ত = সীমান্ত (সন্ধি সাধিত শব্দ)। এরকম: হস্ত + অন্তর = হস্তান্তর, মনু + অন্তর = মন্বন্তর।

**19. 'একটি ফটোগ্রাফে'র ছেলেটির দৃষ্টিতে নেই–**

Ⓐ দুঃখ Ⓑ ক্ষোভ
Ⓒ বিরক্তি Ⓓ অভিমান Ans Ⓓ

**20. 'মহত্ত্বের কাহিনী আমাদের অনেক আছে' উদ্ধৃতাংশটি কোন লেখার অন্তর্গত?**

Ⓐ হৈমন্তী Ⓑ বিলাসী
Ⓒ একটি তুলসী গাছের কাহিনী Ⓓ যৌবনের গান

Ⓑ Solve শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের 'বিলাসী' গল্পের বিখ্যাত উক্তি :
◇ ঠিক যেন ফুলদানিতে জল দিয়া ভিজাইয়া রাখা বাসি ফুলের মতো।
◇ অন্নপাপ। বাপ রে! এর কি আর প্রায়শ্চিত্ত আছে।
◇ টিকিয়া থাকাই চরম সার্থকতা নয়।

**21. 'জীবন-বন্দনা' কবিতায় 'বর্বর' গালি কারা দিয়েছিল?**

Ⓐ শক্তিমানেরা Ⓑ ভদ্রলোকেরা
Ⓒ সংকীর্ণচিত্তরা Ⓓ অভিজাতরা Ans Ⓒ

**22. 'সম্পত্তির নতুন মালিক জুটে গেছে।' 'সৌদামিনী মালো' গল্পে এ চরিত্র কে?**

Ⓐ হরিদাস Ⓑ মনোরঞ্জন
Ⓒ জগদীশ Ⓓ ব্রাদার জন Ans Ⓐ

**23. 'ধন্যবাদ' কবিতার কেরানি কী বলে বিদায় নিতে চেয়েছে?**

Ⓐ বাড়িতে জরুরি কাজ আছে Ⓑ বেশি খেয়ে অসুবিধা হচ্ছে
Ⓒ রাত বেশি হয়েছে Ⓓ সবাই চলে গেছে Ans Ⓒ

**24. 'আমরা তো তা পূজা করতে যাচ্ছি না'। 'একটি তুলসী গাছের কাহিনী' গল্পে কথাটি কার?**

Ⓐ মোদাব্বেরের Ⓑ মকসুদের
Ⓒ ইউনুসের Ⓓ আমজাদের Ans Ⓒ

**25. প্রাকৃতিক দুর্যোগের একটি–**

Ⓐ বৃষ্টি Ⓑ বজ্রপাত
Ⓒ শীত Ⓓ খরা Ans Ⓓ

## English

**Read the following passage and then answer questions (01-05):**

Men are **notoriously** insensitive to the emotional world around them. At least, that is the impression circulated by a thousand women's magazines. And a study by two researchers at the University of Melbourne, in Australia, **confirms** that men are, indeed, less sensitive to emotion than women, with one important and suggestive exception. Men are **extremely** sensitive to the anger of other men.

**01. The passage suggests that ——.**

Ⓐ In general, men are more sensitive than men
Ⓑ In general, women are more sensitive than men
Ⓒ Men and women are equally sensitive
Ⓓ Men are never as sensitive as Women

Ⓑ Explanation Passage অনুযায়ী মেয়েরা ছেলেদের চেয়ে বেশি আবেগী হয়।

**02. 'Notoriously' is used in line 1 as ——.**

Ⓐ an adverb Ⓑ a noun Ⓒ an adjective Ⓓ a gerund

Ⓐ Explanation Adjective + ly = adverb.

**03. The most suitable title for this passage would be –**

Ⓐ Women's Magazines and Men
Ⓑ Men and Women Relationships
Ⓒ Anger and Men
Ⓓ Recent Research on Human Emotions

Ⓓ Explanation সমস্ত passage - টি পড়লেই বোঝা যায় এর title এটাই হওয়া যুক্তিযুক্ত।



CamScanner

**04. Which meaning of 'extremely' (1. 4) is most appripriate here?**
Ⓐ unreasonably Ⓑ unacceptably
Ⓒ very Ⓓ severely
Ans D Explanation Passage -এ extremely বলতে বোঝানো হয়েছে তীব্রভাবে (severely)।

**05. 'To confirm' the findings of a study is to –**
Ⓐ prove it Ⓑ to disprove it
Ⓒ to query it Ⓓ to alter it
Ans A Explanation To confirm - সেটা প্রমাণিত।

**06. Time and tide —— for none.**
Ⓐ waits Ⓑ wait Ⓒ work Ⓓ works
Ans B Explanation এটি একটি প্রবাদ বাক্য।

**07. What is the noun of 'do'?**
Ⓐ did Ⓑ deed Ⓒ day Ⓓ died
Ans B Explanation Do (verb) - এর noun হল deed।

**08. A ledger is a ——.**
Ⓐ book
Ⓑ book of accounts
Ⓒ book of accounts showing debits and credits
Ⓓ book only for businessmen
Ans C

**09. What is the verb of 'error'?**
Ⓐ errard Ⓑ errant Ⓒ err Ⓓ erratic
Ans C Explanation Error (noun, ভুল) - এর verb হল err।

**10. What is the antonym of 'foreign'?**
Ⓐ home Ⓑ native Ⓒ emigrant Ⓓ immigrant
Ans B Explanation Foreign (বিদেশ) এর বিপরীত শব্দ native।

**11. Choose the right meaning of the idiom : *stand up for* :**
Ⓐ endure Ⓑ promote Ⓒ substitute Ⓓ defend
Ans D Explanation Stand up for something - কোন ব্যক্তি বা বস্তুকে রক্ষা করা বা সমর্থন করা।

**12. Choose the incorrectly spelled word.**
Ⓐ imminent Ⓑ iresisitible
Ⓒ irresolute Ⓓ immense
Ans B Explanation Iresisitible - এর সঠিক বানান irresistible (অনিবার্য)।

**13. Choose the correct pronoun : The teachers —— student evaluations were high won an award.**
Ⓐ which Ⓑ whose Ⓒ whom Ⓓ who
Ans B Explanation বাক্যে possessive pronoun হিসেবে whose বসবে।

**14. Choose the correct pronoun : The teachers --- challenge us are the ones we remember.**
Ⓐ which Ⓑ whose Ⓒ whom Ⓓ who
Ans D Explanation বাক্যে challenge verb - এর জন্য sub দরকার তাই who হবে।

**15. Choose the correct answer : When the lights went out, I – some candles.**
Ⓐ lit Ⓑ take Ⓒ got Ⓓ get
Ans A Explanation Lit - জ্বালানো।

**16. Choose the correct article : Rakib is — finest young player now.**
Ⓐ a Ⓑ the Ⓒ an Ⓓ none of these
Ans B Explanation Superlative এর পূর্বে the বসে।

**17. Fill in the blank with the correct option : Matin took the course --- get a better job :**
Ⓐ in order to Ⓑ for Ⓒ however Ⓓ so that
Ans A Explanation In order to - যাতে। get ক্রিয়াটি মূল form - এ থাকায় এর পূর্বে to আসবে। for হলে getting হত এবং বাকিগুলো হলে আলাদা clause দরকার হত।

**18. Can you smell gas? The underlined word is :**
Ⓐ noun Ⓑ adjective Ⓒ verb Ⓓ adverb
Ans C Explanation বাক্যে smell, verb হিসেবে ব্যবহৃত হয়েছে।

**19. The adjective is ——.**
Ⓐ calenlate Ⓑ calculative
Ⓒ calculation Ⓓ calculus
Ans

**20. The synonym for the word 'mortal' is ——.**
Ⓐ spiritual Ⓑ bodily Ⓒ airy Ⓓ immortal
Ans B Explanation Mortal (নশ্বর, মানুষ, মরণশীল) - এর সমার্থক bodil

**21. Choose the correct preposition : I'll introduce you – Dr. Davi**
Ⓐ for Ⓑ with Ⓒ at Ⓓ to
Ans D Explanation Introduce - এর পর to হয়।

**22. Choose the corrct verb form : Tom – ill since Christmas :**
Ⓐ has Ⓑ was Ⓒ has been Ⓓ have been
Ans C Explanation অসুস্থ থাকা perfect continuous tense - এ হয় না perfect tense - এ হবে।

**23. 'Posthumous' means ——.**
Ⓐ human qualities Ⓑ occuring before birth
Ⓒ occuring after death Ⓓ being rational
Ans C Explanation Posthumous - মৃত্যুর পরবর্তী, মরণোত্তর।

**24. Choose the correct sentence:**
Ⓐ To extent some he was responsible
Ⓑ He to some extent responsible was
Ⓒ To some extent he was responsible
Ⓓ Was he to some responsible extent
Ans C Explanation To some extent = অনেকাংশে।

**25. Choose the correct sentence:**
Ⓐ Good grades received every student in the class.
Ⓑ Every student in the class received good grades.
Ⓒ In class, every good student received grades.
Ⓓ Every student good grades received in class.
Ans B

## সাধারণ জ্ঞান

**01. সার্কভুক্ত যে দেশের সঙ্গে বাংলাদেশের বাণিজ্যিক সম্পর্ক নেই-**
Ⓐ শ্রীলঙ্কা Ⓑ মালদ্বীপ Ⓒ ভুটান Ⓓ পাকিস্তান
Ans B Solve ভারত মহাসাগরের পর্যটন ও দ্বীপরাষ্ট্র মালদ্বীপ। এর রাজধানীর নাম মালে।

**02. বাংলাদেশের রাষ্ট্রীয় লোগোটি কে ডিজাইন করেন?**
Ⓐ কামরুল হাসান Ⓑ এ. এন. এ সাহা
Ⓒ সফিউদ্দিন আহমেদ Ⓓ আব্দুর রউফ
Ans B Solve ১৯৭১ সালের ১ এপ্রিল এ এন সাহা প্রথম রাষ্ট্রীয় মনোগ্রাম ডিজাইন করেন যেটি রাষ্ট্রীয় কার্যে ব্যবহৃত হয়ে আসছে। লাল রঙের বৃত্তের মাঝে হলুদ রঙের বাংলাদেশের মানচিত্র। বৃত্তের উপরের দিকে লেখা আছে "গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ" নিচে লেখা "সরকার" এবং বৃত্তের উভয় পাশে দুটি করে মোট চারটি তারকা।

**03. বাংলাদেশের প্রথম সংবিধানের লিপিকার কে?**
Ⓐ কামরুল হাসান Ⓑ আব্দুর রউফ
Ⓒ রফিকুন্নবী Ⓓ মোহাম্মদ কিবরিয়া
Ans B Solve বাংলাদেশের সংবিধানের সাথে মিল রয়েছে ভারত ও যুক্তরাজ্যের সংবিধানের। মূল সংবিধানের অঙ্গসজ্জার কাজ করেছিলেন শিল্পাচার্য জয়নুল আবেদিন। সংবিধানে স্বাধীনতার ঘোষণাপত্র সংযোজন করা হয় ১৯৯৯ সালে।



CamScanner

**04. 'ঢাকা গেট' কে নির্মাণ করেন?**

Ⓐ শায়েস্তা খান Ⓑ ইসলাম খান
Ⓒ মীর জুমলা Ⓓ খিযির হায়াত খান

Ⓒ Solve মীর জুমলার গেট বা ঢাকা গেট ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকার একটি ঐতিহাসিক মোগল স্থাপনা। এটি ময়মনসিংহ গেট নামেও পরিচিত। বিশ্ববিদ্যালয় এলাকায় দোয়েল চত্বর থেকে বাংলা একাডেমি যেতে চোখে পড়ে হলুদ রঙের মীর জুমলার তোরণ।

**05. ঢাকা সর্বপ্রথম কত সালে বাংলার রাজধানী হয়?**

Ⓐ ১৬১০ Ⓑ ১৯০৫ Ⓒ ১৯৪৭ Ⓓ ১৯৭২

Ⓐ Solve মুঘল আমলে সুবেদার ইসলাম খাঁন ১৬১০ সালে প্রথম সুবা-ই-বাঙ্গালার রাজধানী ঢাকায় স্থাপন করেন। ঢাকা মোট রাজধানী হয় ৫বার।

**06. বাংলাদেশে দীর্ঘতম নদী কোনটি-**

Ⓐ পদ্মা Ⓑ মেঘনা Ⓒ যমুনা Ⓓ সুরমা

Ⓐ Solve বাংলাদেশের দীর্ঘতম নদী পদ্মা। প্রশস্ততম ও নাব্যতম নদী মেঘনা। পদ্মা ও মেঘনা চাঁদপুরের নিকট মিলিত হয়ে মেঘনা নামে বঙ্গোপসাগরে পতিত হয়েছে।

**07. ঘূর্ণিঝড় 'সিডর' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**

Ⓐ হিন্দি Ⓑ সিংহলি
Ⓒ আরবি Ⓓ পশতু

Ⓑ Solve ১৫ নভেম্বর ২০০৭ ঘূর্ণিঝড় সিডর বাংলাদেশের দক্ষিণাঞ্চলে আঘাত হানে। সিংহলি শব্দ সিডর অর্থ চোখ। সর্বশেষ আঘাত হানে ঘূর্ণিঝড় রিমাল (২৬ মে ২০২৪)।

**08. 'খোয়াবনামা' উপন্যাসের লেখক কে?**

Ⓐ সৈয়দ শামসুল হক Ⓑ শওকত আলী
Ⓒ শওকত ওসমান Ⓓ আখতারুজ্জামান ইলিয়াস

Ⓓ Solve আখতারুজ্জামান ইলিয়াস বাংলাদেশের একজন প্রখ্যাত কথাসাহিত্যিক। তাঁর দুটি উপন্যাসের অপরটি হলো **চিলেকোঠার সেপাই**।

**09. বাংলাদেশের কোন জেলার উপর দিয়ে আন্তর্জাতিক তারিখ রেখা গিয়েছে?**

Ⓐ ঢাকা Ⓑ ফরিদপুর
Ⓒ সিলেট Ⓓ কোনটিই নয়

Ⓓ Solve যে রেখা অতিক্রম করলে দিন এবং তারিখের পরিবর্তন হয় তাকে আন্তর্জাতিক তারিখ রেখা বলে। আন্তর্জাতিক তারিখ রেখা সম্পূর্ণভাবে প্রশান্ত মহাসাগরের জলভাগের উপর অবস্থিত।

**10. 'মাৎস্যন্যায়' বাংলায় কোন সময়কে নির্দেশ করে?**

Ⓐ ৫ম - ৬ষ্ঠ শতক Ⓑ ৬ষ্ঠ - ৭ম শতক
Ⓒ ৭ম - ৮ম শতক Ⓓ ৮ম - ৯ম শতক

Ⓒ Solve রাজা শশাঙ্কের মৃত্যুর পর (অনুমানিক ৬৫০ তেকে ৭৫০ খ্রিস্টাব্দ) থেকে পাল রাজবংশের অভ্যুদয়ের পূর্ব পর্যন্ত সময়ে বাংলার রাজনীতিতে চরম বিশৃঙ্খলাপূর্ণ অবস্থা বিরাজ করে। বাংলার নৈরাজ্যকর অবস্থাকে "মাৎস্যন্যায়" বলে উল্লেখ করা হয়।

**11. বাংলা ভাষার আদিরূপ কোনটি?**

Ⓐ পুরান Ⓑ চর্যাপদ Ⓒ উপনিষদ Ⓓ ব্রহ্মগীতি

Ⓑ Solve বাংলার ভাষার আদিরূপ বা আদি নিদর্শন হলো চর্যাপদ। হরপ্রসাদ শাস্ত্রী নেপালের রয়েল লাইব্রেরি থেকে ১৯০৭ সালে চর্যাপদ আবিষ্কার করেন।

**12. বাংলা সনের প্রবর্তক কে?**

Ⓐ জাহাঙ্গীর Ⓑ আকবর Ⓒ শের শাহ Ⓓ আওরঙ্গজেব

Ⓑ Solve মহামতি আকবর ১৫৮৪ সালে বাংলা সন প্রবর্তন করেন। মনসবদারি প্রথা প্রচলন, জিজিয়া কর ও তীর্থ কর রহিতকরণ, দীন-ই-ইলাহী" ধর্মের প্রবর্তন তাঁর উল্লেখযোগ্য কর্ম।

**13. বাংলাদেশের কোন ক্রিকেটার চলমান ইন্ডিয়ান ক্রিকেট লিগে (আইসিএল) প্রথম সেঞ্চুরি করেছেন?**

Ⓐ মোহাম্মদ রফিক Ⓑ তাপস বৈশ্য
Ⓒ অলোক কাপালি Ⓓ হাবিবুল বাশার

Ans Ⓒ

**14. বাংলাদেশের প্রথম প্রেসিডেন্ট কে?**

Ⓐ শেখ মুজিবুর রহমান Ⓑ তাজউদ্দিন আহমেদ
Ⓒ সৈয়দ নজরুল ইসলাম Ⓓ খন্দাকার মোশতাক আহমেদ

Ⓐ Solve

| | |
|---|---|
| বাংলাদেশের প্রথম প্রেসিডেন্ট | বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান |
| বাংলাদেশের প্রথম ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট | সৈয়দ নজরুল ইসলাম |
| বাংলাদেশের প্রথম প্রধানমন্ত্রী | তাজউদ্দীন আহমদ |

**15. প্রাচীন সোমপুর বিহার কোথায় অবস্থিত?**

Ⓐ নওগাঁ Ⓑ বগুড়া Ⓒ কুমিল্লা Ⓓ নরসিংদী

Ⓐ Solve

| বিহারের নাম | অবস্থান |
|---|---|
| আনন্দ বিহার, শালবন বিহার | কুমিল্লা |
| ভাসু বিহার | বগুড়া |
| জগদল ও সোমপুর বিহার | নওগাঁ |

**16. শামসুর রাহমানের কাব্যগ্রন্থ কোনটি?**

Ⓐ লোক লোকান্তর Ⓑ সহসা সচকিত
Ⓒ উত্তরাধিকার Ⓓ প্রথম গান দ্বিতীয় মৃত্যুর আগে

Ⓓ Solve শামসুর রাহমান মূলত আধুনিক কবি নামে পরিচিত। প্রথম গান, দ্বিতীয় মৃত্যুর আগে, রৌদ্র করোটিতে, বিধ্বস্ত নীলিমা, বন্দী শিবির থেকে প্রভৃতি তাঁর উল্লেখযোগ্য কাব্য গ্রন্থ।

**17. ঢাকা-কোলকাতা সরাসরি যাতায়াতকারী ট্রেনটির নাম কী?**

Ⓐ সৌহার্দ্য এক্সপ্রেস Ⓑ মৈত্রী এক্সপ্রেস
Ⓒ সমঝোতা এক্সপ্রেস Ⓓ সম্প্রীতি এক্সপ্রেস

Ⓑ Solve ২০০৮ সালে ঢাকা - কোলকাতা চালুকৃত ট্রেন সার্ভিসের নাম মৈত্রী এক্সপ্রেস। আর দীর্ঘ ৫২ বছর পর কলকাতা-খুলনার মধ্যে চালু হলো বন্ধন এক্সপ্রেস ট্রেন। ঢাকার কমলাপুর রেলওয়ে স্টেশন বাংলাদেশের বৃহত্তম রেলওয়ে স্টেশন।

**18. বাংলাদেশের বৃহত্তম দ্বীপ কোনটি?**

Ⓐ হাতিয়া Ⓑ সন্দীপ
Ⓒ ভোলা Ⓓ সেন্টমার্টিন

Ⓒ Solve বাংলাদেশের একমাত্র দ্বীপ জেলা হলো ভোলা। ভোলাদ্বীপ বাংলাদেশের বৃহত্তম দ্বীপ। এর আয়তম ৩,৪০৩ বর্গ কি. মি।

**19. বাংলাদেশে সর্বোচ্চ বিনিয়োগকারী দেশ কোনটি?**

Ⓐ জাপান Ⓑ চীন Ⓒ ভারত Ⓓ যুক্তরাষ্ট্র

Blank Solve বর্তমানে সর্বোচ্চ বিনিয়োগ কারী দেশ চীন। পরিবর্তনশীল তথ্য।

**20. ময়নামতিতে প্রাপ্ত প্রত্নাবশেষ কোন সভ্যতার নিদর্শন?**

Ⓐ সিন্ধু সভ্যতা Ⓑ বৌদ্ধ সভ্যতা Ⓒ আর্য সভ্যতা Ⓓ খ্রিষ্টীয় সভ্যতা

Ⓑ Solve ময়নামতি কুমিল্লা জেলায় অবস্থিত বিখ্যাত স্থান। এখানে শালবন বিহারের ধ্বংসাবশেষ ছাড়াও বৌদ্ধ ধর্মের বহু নিদর্শন পাওয়া গেছে।

**21. ভ্যাট শব্দটি দ্বারা কী বোঝায়?**

Ⓐ ভ্যালু এ্যান্ড ট্যাক্স Ⓑ ভ্যালু এ্যাডেড ট্যাক্স
Ⓒ ভ্যালু এ্যান্ড ট্যারিফ Ⓓ ভ্যালু এ্যান্ড ট্রান্সপোর্ট

Ⓑ Solve Value added tax (VAT) বা মূল্য সংযোজন কর ১ জুলাই, ১৯৯১ সালে বাংলাদেশে চালু হয়। এটি এক ধরনের পরোক্ষ কর। বাংলাদেশের রাজস্বের প্রধান উৎস মূল্য সংযোজন কর।



CamScanner

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

22. ওয়ারি-বটেশ্বরে প্রাপ্ত প্রত্নবস্তুর কোন সময়কার?
Ⓐ ৫০০ খ্রি. পূ. Ⓑ ৪০০ খ্রি. পূ. Ⓒ ৩০০ খ্রি. পূ. Ⓓ ২০০ খ্রি. পূ.
Ⓐ Solve ১৯৩০ এর দশকে মুহাম্মদ হানিফ পাঠান নামের স্কুল শিক্ষক প্রথম উয়ারী বটেশ্বরে প্রত্নতাত্ত্বিক বস্তু জনসমক্ষে তুলে ধরেন। এটি নরসিংদী জেলার বেলাব উপজেলায় অবস্থিত এবং এটি প্রাচীন রাজার গড় নামে সমধিক পরিচিত।

23. র‍্যাব শব্দটি কী বোঝায়?
Ⓐ র‍্যাপিড এ্যাকটিভ ব্যাটালিয়ন Ⓑ র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন
Ⓒ র‍্যাপিড একটিভ ট্রুপস Ⓓ র‍্যাপিড এ্যাকশন ট্রুপস
Ⓑ Solve র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব) একটি বাংলাদেশের আইনশৃঙ্খলা রক্ষা ও অপরাধ দমনে গঠিত বাহিনী। ২০০৪ সালে একটি যাত্রা শুরু করে। র‍্যাবের সদর দপ্তর ঢাকার কুর্মিটোলাতে অবস্থিত।

24. বাংলাদেশের মুসলিমদের মধ্যে প্রচলিত বিয়েরীতি কোনটি?
Ⓐ অন্তর্বিবাহ Ⓑ বহির্বিবাহ
Ⓒ উভয় প্রকার Ⓓ কোনটিই না উত্তর Ⓒ

25. বিশ্বের কোন দেশে সবচেয়ে বেশি মুসলমান বাস করে?
Ⓐ মিশর Ⓑ ইন্দোনেশিয়া Ⓒ পাকিস্তান Ⓓ বাংলাদেশ
Ⓑ Solve জনসংখ্যায় মুসলিম বিশ্বে ইন্দোনেশিয়ার অবস্থান প্রথম, পাকিস্তান ২য়, নাইজেরিয়া ৩য় এবং বাংলাদেশ ৪র্থ অবস্থানে আছে।

26. বারাক ওবামার পারিবারিক শেকড় আফ্রিকার কোন দেশে খুঁজে পাওয়া যায়?
Ⓐ ঘানা Ⓑ জায়ার Ⓒ তানজানিয়া Ⓓ কেনিয়া
Ⓓ Solve বারাক ওবামা মার্কিন যুক্তরাষ্ট্রের হাওয়াই অঙ্গরাজ্যের রাজধানী হনলুলুতে জন্ম গ্রহণ করেন। তাঁর বাবা কেনিয়ার লুও জাতির বারাক হুসেইন ওবামা সিনিয়র ছিলেন একজন অর্থনীতিবিদ এবং মা অ্যান ডানহাম ছিলেন মার্কিন শ্বেতাঙ্গ।

27. ১৮ তম সার্ক সম্মেলন কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
Ⓐ কাঠমান্ডু Ⓑ কাবুল Ⓒ ইসলামাবাদ Ⓓ ঢাকা
Ⓐ Solve ১৮-তম সম্মেলন অনুষ্ঠিত হয় কাঠমান্ডুতে। (সর্বশেষ)

28. পেরুর রাজধানী কোথায়?
Ⓐ বুয়েন্স এয়ার্স Ⓑ লিমা Ⓒ কারাকাস Ⓓ হাইতি
Ⓑ Solve দেশ ও রাজধানী বিষয়ক তথ্য :

| দেশ | রাজধানী |
|---|---|
| আর্জেন্টিনা | বুয়েন্স আয়ার্স |
| ভেনিজুয়েলা | কারাকাস |
| পেরু | লিমা |
| হাইতি | পোর্ট অব প্রিন্স |

29. ভারতের প্রথম রাষ্ট্রপতি কে ছিলেন?
Ⓐ রাজেন্দ্র প্রসাদ Ⓑ এস. রাধাকৃষ্ণান
Ⓒ সি রাজা গোপালাচারিয়া Ⓓ ভি. ভি. গিরি
Ⓐ Solve ড. রাজেন্দ্র প্রসাদ স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি ছিলেন। তিনি বিহারের সিওয়ানে জন্মগ্রহণ করেছিলেন। ভারতের প্রথম বাঙালি রাষ্ট্রপতি হলেন প্রণব মুখার্জি। বর্তমানে দ্রৌপদী মুর্মু ভারতের ১৫তম প্রেসিডেন্ট (২০২২ - বর্তমান)।

30. বাংলাদেশের বর্তমান কোন জেলায় বিখ্যাত ভারতীয় সঙ্গীত সাধক আলাউদ্দিন খাঁ জন্মগ্রহণ করেছিলেন?
Ⓐ ব্রাহ্মণবাড়িয়া Ⓑ ঢাকা
Ⓒ যশোর Ⓓ খুলনা
Ⓐ Solve ওস্তাদ আলাউদ্দিন খাঁ ব্রাহ্মণবাড়িয়া জেলার নবীনগর উপজেলার শিবপুর গ্রামে এক সঙ্গীত পরিবারে জন্ম গ্রহণ করেন।

31. কোন দেশের প্রধানমন্ত্রী মহিলা?
Ⓐ যুক্তরাজ্য Ⓑ ফ্রান্স Ⓒ জার্মানি Ⓓ কানাডা
Ⓐ Solve যুক্তরাজ্যের বর্তমান প্রধানমন্ত্রী হলেন কিয়ার স্টারমার।

32. পৃথিবীর সবচেয়ে লম্বা ঝুলন্ত সেতুটি কোন দেশে অবস্থিত?
Ⓐ মার্কিন যুক্তরাষ্ট্র Ⓑ যুক্তরাজ্য
Ⓒ জাপান Ⓓ চীন
Ⓓ Solve চেক প্রজাতন্ত্রের 'স্কাই ব্রিজ ৭২১' বিশ্বের দীর্ঘতম ঝুলন্ত সেতুটির দৈর্ঘ্য ৭২১ মিটার।

33. পৃথিবীর কোন দেশে সবচেয়ে বেশি তেল মজুদ আছে?
Ⓐ ইরাক Ⓑ লিবিয়া Ⓒ ইরান Ⓓ সৌদি আরব
Solve সবচেয়ে বেশি তেল মজুদ আছে ভেনিজুয়েলায়। তারপর সৌদিআরবে।

34. ইউনেস্কো কোন বছর ২১শে ফেব্রুয়ারিকে মাতৃভাষা পালন করার সিদ্ধান্ত গ্রহণ ক
Ⓐ ১৯৯৯ Ⓑ ২০০০
Ⓒ ২০০২ Ⓓ ১৯৯৭
Ⓐ Solve ১৯৫২ সালের ২১ ফেব্রুয়ারি (৮ ফাল্গুন, ১৩৫৮) বাংলা পাকিস্তানের অন্যতম রাষ্ট্রভাষা করার দাবিতে আন্দোলনরত ছাত্রদের পুলিশের গুলিবর্ষণে সালাম, রফিক, জব্বার সহ আরও অনেকে শহিদ হন। এ দিনটি শহিদ দিবস হিসেবে পরিচিত। কিন্তু ১৯৯৯ সালের ১৭ নভে ইউনেস্কো একুশে ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে ঘো করে এবং ২০০০ সালের একুশে ফেব্রুয়ারি থেকে দিবসটি জাতিসং সদস্যদেশসমূহে যথাযথ মর্যাদায় পালিত হচ্ছে।

35. মানবাধিকার কমিশনের সদর দপ্তর কোথায়?
Ⓐ নিউইয়র্ক Ⓑ প্যারিস Ⓒ জেনেভা Ⓓ লন্ডন
Ⓒ Solve প্রতিষ্ঠান ও সদর দপ্তর

| প্রতিষ্ঠান | সদর দপ্তর |
|---|---|
| বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) | জেনেভা |
| ইউনেস্কো (UNESCO) | প্যারিস |
| অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল | লন্ডন |

36. ডব্লিউটিও কী?
Ⓐ আন্তর্জাতিক চুক্তি বিষয়ক একটি সংস্থা
Ⓑ পানি বিষয়ক একটি সংস্থা
Ⓒ আন্তর্জাতিক বাণিজ্য বিষয়ক একটি সংস্থা
Ⓓ ভবিষ্যৎ অবস্থা বিষয়ক একটি সংস্থা
Ⓒ Solve WTO- এর পূর্ণরূপ World Trade Orgination. প্রতিষ্ঠি হয় ১ জানুয়ারি ১৯৯৫। এর সদর দপ্তর জেনেভা, সুইজারল্যান্ড।

37. কোন দেশে হাউস অব কমন্স পার্লামেন্টের নিম্ন কক্ষ?
Ⓐ যুক্তরাষ্ট্র Ⓑ অস্ট্রেলিয়া
Ⓒ নিউজিল্যান্ড Ⓓ যুক্তরাজ্য
Ⓓ Solve দেশ ও পার্লামেন্ট বিষয়ক তথ্য :

| দেশ | পার্লামেন্ট | উচ্চ কক্ষ | নিম্নকক্ষ |
|---|---|---|---|
| যুক্তরাজ্য | পার্লামেন্ট | হাউজ অব লর্ডস | হাউজ অব কমন্স |
| যুক্তরাষ্ট্র | কংগ্রেস | সিনেট | হাউজ অব রিপ্রেজেন্টেটিভ |
| অস্ট্রেলিয়া | কমনওয়েলথ পার্লামেন্ট | সিনেট | হাউজ অব |
| নিউজিল্যান্ড | | হাউজ অব রিপ্রেজেন্টেটিভ | |

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
CamScanner

৩৮. দ্য সান অলসো রাইজেস - গ্রন্থের লেখক কে?
Ⓐ চার্লস ডিকেন্স Ⓑ ম্যাক্সিম গোর্কি
Ⓒ উইলিয়াম ফকনার Ⓓ আর্নেস্ট হেমিংওয়ে

Ⓓ Solve লেখক ও গ্রন্থ বিষয়ক তথ্য :

| নাম | দেশ | গ্রন্থসমূহ |
|---|---|---|
| আর্নেস্ট হেমিংওয়ে | আমেরিকা | The sun also Rises, The old man and the sea, A farewell to arms |
| চার্লস ডিকেন্স | ইংল্যান্ড | A Tale of Two cities, Great Expectations, David Copperfield |
| ম্যাক্সিম গোর্কি | রাশিয়া | মা, ফোমা গর্দেইভ |

৩৯. হো চি মিন কোন দেশের বিপ্লবী নেতা ছিলেন?
Ⓐ ভিয়েতনাম Ⓑ কম্বোডিয়া Ⓒ চীন Ⓓ তাইওয়ান

Ⓐ Solve দেশ ও বিপ্লবী নেতা :

| দেশ | বিপ্লবী নেতা |
|---|---|
| ভিয়েতনাম | হো-চি-মিন |
| চীন | মাও-সে তুং |
| ইন্দোনেশিয়া | ড. আহমদ সুকর্ণো |
| তুরস্ক | কামাল আতাতুর্ক |

৪০. ১৯৬২ সালে স্বাধীনতা লাভের পূর্বে আলজেরিয়া কোন ইউরোপীয় দেশের উপনিবেশ ছিল?
Ⓐ ইতালি Ⓑ ফ্রান্স Ⓒ যুক্তরাজ্য Ⓓ স্পেন

Ⓑ Solve বিভিন্ন দেশ বিষয়ক তথ্য :

| দেশের নাম | ঔপনিবেশিক দেশ |
|---|---|
| মরক্কো, আলজেরিয়া, তিউনিসিয়া, জিবুতি, সিরিয়া, সেনেগাল, লেবানন | ফ্রান্স |
| আমেরিকা, ভারত, পাকিস্তান, ইরাক, ইরান, কুয়েত, জর্ডান, ইসরায়েল | যুক্তরাজ্য |
| মেক্সিকো, কলম্বিয়া, প্যারাগুয়ে, ইকুয়েডর, চিলি, আর্জেন্টিনা, উরুগুয়ে | স্পেন |
| লিবিয়া, সোমালিয়া | ইতালি |

৪১. কোন পাকিস্তানি প্রধানমন্ত্রী সিমলা চুক্তি স্বাক্ষর করেন?
Ⓐ লিয়াকত আলী খান Ⓑ মোহাম্মদ আলী
Ⓒ জুলফিকার আলী ভুট্টো Ⓓ বেনজির ভুট্টো

Ⓒ Solve ভারতের হিমাচল প্রদেশের রাজধানী সিমলাতে ভারত ও পাকিস্তানের মধ্যে ৩ জুলাই, ১৯৭২ সালে সিমলা চুক্তি স্বাক্ষরিত হয়। সিমলা চুক্তিতে পাকিস্তানের পক্ষে জুলফিকার আলী ভুট্টো ও ভারতের পক্ষে শ্রীমতি ইন্দিরা গান্ধী স্বাক্ষর করেন।

৪২. আয়ারল্যান্ডের রাজধানী কোনটি?
Ⓐ ডাবলিন Ⓑ বেলফাস্ট Ⓒ গ্লাসগো Ⓓ লন্ডনডেরি

Ⓐ Solve দেশ ও রাজধানী :

| দেশ | রাজধানী |
|---|---|
| আয়ারল্যান্ড | ডাবলিন |
| সুইডেন | স্টকহোম |
| নরওয়ে | অসলো |
| স্পেন | মাদ্রিদ |

৪৩. ২০১২ সালের অলিম্পিক গেমস কোন শহরে অনুষ্ঠিত হয়?
Ⓐ কেপ টাউন Ⓑ প্যারিস Ⓒ সিডনি Ⓓ লন্ডন

Ⓓ Solve করোনা মহামারির কারণে ২০২০ সালের ৩২তম অলিম্পিক গেমস ২০২১ সালে জাপানে অনুষ্ঠিত হয়। ২০২৪ সালে ৩৩তম অলিম্পিক গেমস ফ্রান্সের প্যারিসে অনুষ্ঠিত হয়।

44. সাইপ্রাস কোন দুই দেশের মধ্যে বিবাদের কারণ?
Ⓐ গ্রিস ও তুরস্ক Ⓑ তুরস্ক ও ইরাক
Ⓒ গ্রিস ও ইতালি Ⓓ স্পেন ও যুক্তরাজ্য

Ⓐ Solve দেশ ও বিরোধপূর্ণ অঞ্চল

| বিরোধ পূর্ণ অঞ্চল | যাদের মধ্যে বিরোধ |
|---|---|
| সাইপ্রাস | গ্রিস ও তুরস্ক |
| পানমুনজাম | উত্তর কোরিয়া ও দক্ষিণ কোরিয়া |
| কুড়িল দ্বীপপুঞ্জ | রাশিয়া ও জাপান |
| শাত-ইল-আরব | ইরান ও ইরাক |

45. উত্তমাশা অন্তরীপ কোন দেশে অবস্থিত?
Ⓐ ভারত Ⓑ দক্ষিণ আফ্রিকা Ⓒ ইয়েমেন Ⓓ কেনিয়া

Ⓑ Solve অন্তরীপ ও অবস্থান :

| অন্তরীপ | অবস্থান |
|---|---|
| উত্তমাশা | দক্ষিণ আফ্রিকা |
| আঙ্গানো | ফিলিপাইন |
| কেপ ফ্রান্সিস | দক্ষিণ আফ্রিকা |

46. পৃথিবীর সর্বোচ্চ জলপ্রপাত কোনটি?
Ⓐ নায়াগ্রা Ⓑ ভিক্টোরিয়া Ⓒ অ্যাঞ্জেল Ⓓ ফেয়ারি

Ⓒ Solve আয়তনে বিশ্বের সবচেয়ে বড় নায়াগ্রা জলপ্রপাত যুক্তরাষ্ট্র-কানাডাতে অবস্থিত। ভেনিজুয়েলাতে অবস্থিত বিশ্বের সর্বোচ্চ জলপ্রপাত হলো অ্যাঞ্জেল। ব্রাজিলে অবস্থিত গুয়ারিয়া জলপ্রপাত পানি পতনের দিক থেকে বিশ্বের বৃহত্তম জলপ্রপাত।

47. বিশ্বের বৃহত্তম দ্বীপ কোনটি?
Ⓐ জাভা Ⓑ গ্রিনল্যান্ড Ⓒ মাদাগাস্কার Ⓓ আইসল্যান্ড

Ⓑ Solve দ্বীপ, অবস্থান ও মালিকানা :

| দ্বীপ | অবস্থান | মালিকানা |
|---|---|---|
| গ্রীনল্যান্ড | আটলান্টিক মহাসাগর | ডেনমার্ক |
| শ্রীলঙ্কা | ভারত মহাসাগর | শ্রীলঙ্কা |
| সুমাত্রা | ভারত মহাসাগর | ইন্দোনেশিয়া |
| পোর্ট ব্লেয়ার | বঙ্গোপসাগর | ভারত |

48. বাংলাদেশের সর্বশেষ পাবলিক বিশ্ববিদ্যালয় কোনটি?
Ⓐ হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Ⓑ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস
Ⓒ জগন্নাথ বিশ্ববিদ্যালয়
Ⓓ রাঙামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

Solve মুজিবনগর বিশ্ববিদ্যালয় মেহেরপুর।

49 জাতিসংঘের সদস্য রাষ্ট্র সংখ্যা কয়টি?
Ⓐ ১৯০ Ⓑ ১৯১ Ⓒ ১৯২ Ⓓ ১৯৩

Ⓓ Solve United Nations (UN) বা জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় ২৪ অক্টোবর ১৯৪৫ সালে। সদর দফতর যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে। সদস্য রাষ্ট্র ১৯৩টি। সর্বশেষ (দক্ষিণ সুদান)। বাংলাদেশে জাতিসংঘের সদস্যপদ লাভ করে ১৭ সেপ্টেম্বর ১৯৭৪ সালে।

50. ২০০৭ সালে সাহিত্যে কে নোবেল পুরষ্কার অর্জন করেন?
Ⓐ ওরহান পামুক Ⓑ ডোরিস লেসিং
Ⓒ টনি মরিসন Ⓓ নাদিন গার্ডিমার

Ⓑ Solve আলফ্রেড নোবেলের নামানুসারে ১৯০১ সাল থেকে নোবেল পুরস্কার প্রদান করা হয়। নোবেল পুরস্কার প্রদানকারী সংস্থা ৪টি। সাহিত্য নোবেল পুরস্কার সুইডিশ একাডেমি কর্তৃক প্রদান করা হয়। ২০২৪ সালে সাহিত্যে নোবেল পান দক্ষিণ কোরিয়ান লেখক হান কাং।



CamScanner

# জগন্নাথ বিশ্ববিদ্যালয়

## ভর্তি পরীক্ষা : ২০০৭-২০০৮; ইউনিট: ঘ

### বাংলা

01. 'সংহত' এর বিপরীতার্থক শব্দ–
Ⓐ বিবৃত Ⓑ বিভক্ত Ⓒ অসংযত Ⓓ অশক্ত

Ⓑ Solve গুরুত্বপূর্ণ বিপরীত শব্দ :

| শব্দ | বিপরীতার্থক | শব্দ | বিপরীতার্থক |
|---|---|---|---|
| জঙ্গম | স্থাবর | সংহত | বিভক্ত |
| দৈব | দুর্দৈব | যজমান | পুরোহিত |

02. 'I have been on the go for the last seven days.' বাক্যটির যথাযথ বাংলা অনুবাদ–
Ⓐ গত সাত দিন ধরে আমি যাওয়ার চেষ্টা করছিলাম।
Ⓑ গত সাত দিন ধরে আমি চলছিলাম।
Ⓒ গত সাত দিন আমার কোনো অবসর ছিল না।
Ⓓ গত সাত দিন আমি কর্মব্যস্ত ছিলাম।

Ⓓ Solve গুরুত্বপূর্ণ অনুবাদ : I am not in good terms with him- তার সাথে আমার সুসম্পর্ক নেই। The girl came to me laughing- মেয়েটি হাসতে হাসতে আমার কাছে এল। I received your letter yesterday – আমি গতকাল তোমার চিঠি পেয়েছি। I could not but laugh – আমি না হেসে পারলাম না।

03. 'Archive' এর পরিভাষা–
Ⓐ মহাফেজখানা Ⓑ জাদুঘর Ⓒ প্রত্নতত্ত্ব Ⓓ স্থপতি

Ⓐ Solve পারিভাষিক শব্দ :

| বিদেশি শব্দ | পরিভাষা | বিদেশি শব্দ | পরিভাষা |
|---|---|---|---|
| Museum | জাদুঘর | Archaeology | প্রত্নতত্ত্ব |
| Architect | স্থপতি | Architecture | স্থাপত্য |

04. 'বঙ্গসরস্বতীর সরনে পুস্পাঞ্জলী দেওয়াই আমাদের একমাত্রিক কাজ নহে।' চলিত রীতির বাক্যটিতে ভুলের সংখ্যা–
Ⓐ দুই Ⓑ তিন Ⓒ চার Ⓓ পাঁচ

Ⓓ Solve অশুদ্ধ বাক্য : বঙ্গসরস্বতীর সরনে পুস্পাঞ্জলী দেওয়াই আমাদের একমাত্রিক কাজ নহে।'
চলিত রীতিতে শুদ্ধ রূপ : বঙ্গসরস্বতীর চরণে পুষ্পাঞ্জলি দেওয়াই আমাদের একমাত্র কাজ নয়।'

05. দৃষ্টান্ত বোঝার জন্য সাধারণত যে চিহ্নের ব্যবহার হয়–
Ⓐ কমা Ⓑ উদ্ধৃতি চিহ্ন Ⓒ সেমিকোলন Ⓓ কোলন

Ⓓ Solve উদাহরণ বা দৃষ্টান্ত প্রয়োগ করতে হলে কোলন চিহ্ন ব্যবহৃত হয়। যেমন : পদ পাঁচ প্রকার : বিশেষ্য, বিশেষণ, সর্বনাম, অব্যয় ও ক্রিয়া।

06. বস্ত্রের ধ্বন্যাত্মক শব্দ–
Ⓐ ফড়ফড় Ⓑ ভড়ভড় Ⓒ নড়নড় Ⓓ কড়কড়

Ⓐ Solve যে সকল অব্যয় অব্যক্ত রব, শব্দ বা ধ্বনির অনুকরণে গঠিত হয়, সেগুলোকে অনুকার বা ধ্বন্যাত্মক অব্যয় বলে। যেমন : ফড়ফড় (কাপড় প্রভৃতি ছেঁড়ার শব্দ), ভরভর (হুঁকো টানার শব্দ), কড়কড় (বজ্রের ধ্বনি)।

07. যৌগিক বাক্যের উদাহরণ–
Ⓐ ছোট মেয়েটি খুব লম্বা, সুন্দর চেহারা Ⓑ ও আসলো বটে, কিন্তু বসলো না
Ⓒ সে এত কিছু জানে না মনে হচ্ছে Ⓓ বৃষ্টি হলে ধান ভাল হবে

Ⓑ Solve যৌগিক বাক্যে এবং, ও, কিন্তু, অথবা, অথচ, কিংবা, বরং, তথাপি প্রভৃতি অব্যয় ব্যবহৃত হয়।

08. 'পেটের ভাত চাল হওয়া' বাগ্বিধির অর্থ–
Ⓐ অতিরিক্ত দুর্ভাবনায় পড়া Ⓑ বেশি ভয় পাওয়া
Ⓒ মোটেও হজম না হওয়া Ⓓ তীব্র ক্ষুধায় কাতর হওয়া

Ⓐ Solve গুরুত্বপূর্ণ বাগ্বিধি : প্রাণ হাতে করা (মরণের ঝুঁকি), পুরনো কাসুন্দি ঘাঁটা (অপ্রীতিকর আলোচনা), পান থেকে চুন খসা (সামান্য ত্রুটি হওয়া), পাথরে পাঁচ কিল (অদৃষ্ট সুপ্রসন্ন)।

09. 'দুরন্ত' শব্দটির সন্ধিবিচ্ছেদ–
Ⓐ দু + অন্ত Ⓑ দুঃ + অন্ত Ⓒ দুর + অন্ত Ⓓ দুই + অন্ত

Ⓑ Solve কতিপয় উদাহরণ : দুঃ + অন্ত = দুরন্ত, নিঃ + আকার = নিরাকার, আশীঃ + বাদ = আশীর্বাদ, দুঃ + যোগ = দুর্যোগ।

10. 'মধুমাখা' কোন সমাস সাধিত শব্দ?
Ⓐ কর্মধারয় Ⓑ তৎপুরুষ Ⓒ বহুব্রীহি Ⓓ অব্যয়ীভাব

Ⓑ Solve মধু দ্বারা মাখা = মধুমাখা (তৃতীয়া তৎপুরুষ সমাস)। পূর্বপদে তৃতীয়া বিভক্তির (দ্বারা, দিয়া, কর্তৃক ইত্যাদি) লোপে যে সমাস হয়, তাকে তৃতীয়া তৎপুরুষ সমাস বলে।

11. উপসর্গ কোন জাতীয় শব্দাংশ?
Ⓐ বিশেষ্য Ⓑ সর্বনাম Ⓒ বিশেষণ Ⓓ অব্যয়

Ⓓ Solve বাংলা ভাষায় এমন কতকগুলো অব্যয়সূচক শব্দাংশ রয়েছে, যা স্বাধীন পদ হিসেবে ব্যবহৃত হতে পারে না। এগুলো অন্য শব্দের আগে বসে নতুন শব্দ সৃষ্টি করে। এসব অব্যয়সূচক শব্দাংশেরই নাম উপসর্গ।

12. 'ড়' ও 'ঢ়' ধ্বনিকে বলা হয়–
Ⓐ শিস ধ্বনি Ⓑ তাড়নজাত ধ্বনি Ⓒ অঘোষ ধ্বনি Ⓓ তরল ধ্বনি

Ⓑ Solve ড় ও ঢ় বর্ণে দ্যোতিত ধ্বনি জিহ্বার অগ্রভাগের তলদেশ দ্বারা অর্থাৎ উল্টো পিঠের দ্বারা উপরের দন্তমূলে দ্রুত আঘাত বা তাড়না করে উচ্চারিত হয়। এদের বলা হয় তাড়নজাত ধ্বনি।

13. প্রত্যয় সাধিত শব্দ–
Ⓐ সুশ্রী Ⓑ সফল Ⓒ বেলে Ⓓ গোলাম

Ⓒ Solve বেল + এ = বেলে; সেকাল + এ = সেকেলে।

14. 'তোমার অবস্থাও যে রকম।' অস্তিবাচক বাক্যটির নেতিবাচক রূপ–
Ⓐ তোমার অবস্থাও সে রকম নয় Ⓑ তোমার অবস্থাও একই রকম নয়
Ⓒ তোমার অবস্থাও ভিন্ন রকম নয় Ⓓ তোমার অবস্থাও অন্য রকম Ans Ⓒ

15. 'এমন দুঃখ কী কখনও পেয়েছি?' এ প্রশ্নাত্মক বাক্যের 'কী'–
Ⓐ সর্বনাম Ⓑ বিশেষণ Ⓒ ক্রিয়া বিশেষণ Ⓓ অব্যয়

Ⓓ Solve যে পদ সর্বদা অপরিবর্তনীয় থেকে কখনো বাক্যের শোভা বর্ধন করে, কখনো একাধিক পদের, বাক্যাংশের বা বাক্যের সংযোগ বা বিয়োগ সম্বন্ধ ঘটায়, তাকে অব্যয় পদ বলে। যেমন : 'এমন দুঃখ কী কখনও পেয়েছি'- এখানে 'কী' সংযোগের কাজ করছে। সুতরাং এটি অব্যয় পদ।

16. 'বিরাম' এর সমার্থক?
Ⓐ নতি Ⓑ গতি Ⓒ মতি Ⓓ যতি

Ⓓ Solve 'বিরাম'-এর সমার্থক : বিশ্রাম, যতি, বিরতি, ক্ষান্তি।

17. 'প্যাগোডা' কোন ভাষার শব্দ?
Ⓐ চীনা Ⓑ পর্তুগিজ Ⓒ বর্মি Ⓓ গুজরাটি

Ⓒ Solve কতিপয় বর্মি শব্দ : লুঙ্গি, ফুঙ্গি, প্যাগোডা, লামা।

18. 'তাহারেই পড়ে মনে' কবিতায় কবির বসন্ত বিমুখতার কারণ–
Ⓐ অভিমান Ⓑ প্রিয় বিয়োগ Ⓒ রাগ Ⓓ দ্বিধা

Ⓑ Solve সুফিয়া কামাল 'তাহারেই পড়ে মনে' কবিতাটি স্বামীর অকাল মৃত্যুর শোকাবহ ঘটনার প্রতিক্রিয়ায় রচনা করেন। প্রিয়-বিয়োগ ব্যথায় জর্জরিত উদাসীন কবির বসন্তবিমুখতা এ কবিতায় প্রকাশ পেয়েছে।

19. 'পাঞ্জেরি' কবিতার অন্তিম ভাব–
Ⓐ আশা Ⓑ নিরাশা Ⓒ ক্ষোভ Ⓓ ক্রোধ Ans Ⓐ



CamScanner

**20. কাজী নজরুল ইসলামের প্রবন্ধে কোনটি যৌবনের মাতৃরূপ?**
Ⓐ বৈমানিক হয়ে আকাশে ওড়া
Ⓑ নব পৃথিবীর সন্ধান-প্রয়াস
Ⓒ বন্যা-পীড়িতদের মুখে অন্ন-পরিবেশন
Ⓓ সকলের প্রতি স্নেহ-বাৎসল্য
Ⓒ **Solve** কাজী নজরুল ইসলাম 'যৌবনের গান' প্রবন্ধে তারুণ্যের জয়গান গেয়েছেন। এ রচনায় তরুণদের অনাহারে থেকেও অন্যকে অন্ন পরিবেশনের বিষয়টিকে মাতৃরূপ হিসেবে অভিহিত করেছেন।

**21. 'সমস্তটি লইয়া কী যে মহিমা সে আমি বলিতে পারি না।' 'হৈমন্তী' গল্পে কোনটি সম্বন্ধে এ-কথা?**
Ⓐ বিয়ের আসরে হৈমন্তী Ⓑ জানালার ধারে হৈমন্তী
Ⓒ হৈমন্তীর ছবি Ⓓ গৌরীশংকরের ব্যক্তিত্ব **Ans Ⓒ**

**22. 'জল বৃদ্ধির নিমিত্ত নদী বর্ষার সাহায্য পায়, মেঘ আবার নদীর নিকট ঋণী।' কোন রচনার অংশ?**
Ⓐ অর্ধাঙ্গী Ⓓ দুর্যোগ প্রবণ পৃথিবী : বাংলাদেশ ও বিশ্ব
Ⓒ সৌদামিনী মালো Ⓑ বিলাসী
Ⓐ **Solve** 'অর্ধাঙ্গী' রচনায় 'জল বৃদ্ধির নিমিত্ত নদী বর্ষার সাহায্য পায়, মেঘ আবার নদীর নিকট ঋণী।' উক্তির মাধ্যমে রোকেয়া নারী-পুরুষ ও প্রকৃতির মতোই পরস্পর নির্ভরশীল বিষয়টি ব্যক্ত করেন।

**23. 'অতএব দুষ্ট গরুর চেয়ে শূন্য গোয়াল আচ্ছা।' 'সৌদামিনী মালো' গল্পে এ কথাটি বলেছে-**
Ⓐ নাসির মোল্লা Ⓑ লেখক Ⓒ সৌদামিনী Ⓓ জগদীশ **Ans Ⓐ**

**24. বাউলের কথা আছে কোন কবিতায়?**
Ⓐ সোনার তরী Ⓑ একটি ফটোগ্রাফ
Ⓒ বাংলাদেশ Ⓓ কবর **Ans Ⓒ**

**25. 'শকুন্তলা' রচনায় স্ত্রীলোকের আওয়াজ শোনা যাচ্ছিল নিকুঞ্জের কোন অংশ থেকে?**
Ⓐ পূর্ব অংশ Ⓑ পশ্চিম অংশ
Ⓒ উত্তর অংশ Ⓓ দক্ষিণ অংশ **Ans Ⓓ**

## English

**Read the following passage and answer questions (01-06):**

Professor Muhammad Yunus is a Bangladeshi banker and economist. Formerly a professor of Economics, he is most famous for his successful application of the concept of microcredit, the extension of small loans to entrepreneurs too poor to qualify for traditional bank loans. He is the founder of Grameen Bank, and he and the bank were jointly awarded the Nobel Peace Prize for their efforts to promote economic and social development of the poor. Indeed, when he started his microcredit project in the village of Jobra near Chittagong University so many years ago, he targeted the profit of two cents each on the loan. Yunus believed that if given the chance the poor would repay the borrowed money and microcredit could be a viable business model.

**01. The word 'viable' in the last line means:**
Ⓐ vital Ⓑ verifiable
Ⓒ that can be made available Ⓓ that can be done
Ⓒ **Explanation** Passage - এর শেষ বাক্যে 'viable' বলতে বোঝানো হয়েছে যেগুলো পর্যাপ্ত পরিমাণে তৈরি করা যায়।

**02. The word 'entrepreneurs' is:**
Ⓐ an adjective Ⓑ a verb
Ⓒ a pronoun Ⓓ a noun
Ⓓ **Explanation** Entrepreneurs (উদ্যোক্তা) হল noun।

**03. Professor Yunus started his microcredit project in:**
Ⓐ Chittaging University Ⓑ Grameen Bank
Ⓒ In a village near Chittagong University
Ⓓ In a Grameen Bank branch near Chittagong University
Ⓒ **Explanation** প্রফেসর ইউনুস তাঁর ক্ষুদ্রঋণের কারবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের নিকটবর্তী একটি গ্রামে শুরু করেছিলেন।

**04. According to the passage, Professor Yunus believed that :**
Ⓐ Poor borrowers never repay loans
Ⓑ Poor borrowers try their best to repay loans
Ⓒ Poor borrowers by chance repay loans
Ⓓ Poor borrowers repay loans after making a profit
Ⓑ **Explanation** Passage অনুযায়ী ইউনুস বিশ্বাস করতেন যে গরীব ঋণগ্রহীতারা তাদের ঋণ পরিশোধ করার সর্বোচ্চ চেষ্টা করবে।

**05. Professor Yunus was 'formerly a professor of Economics' means:**
Ⓐ Professor Yunus was previously a professor of Economics
Ⓑ Professor Yunus was a part-time professor of Economics
Ⓒ Professor Yunus was recently a professor of Economics
Ⓓ Professor Yunus was temporarily a professor of Economics
Ⓐ **Explanation** প্রফেসর ইউনুস অর্থনীতির একজন অধ্যাপক ছিলেন।

**06. A suitable title of the passage could be:**
Ⓐ The Founder of Grameen Bank
Ⓑ Professor Yunus and Microcredit
Ⓒ Professor Yunus and the Nobel Peace Prize
Ⓓ Microcredit as a Viable Business Model
Ⓑ **Explanation** Passage -টি পড়লেই বোঝা যায় এর title এটাই হওয়া যুক্তিযুক্ত।

**07. Choose the correct sentence-**
Ⓐ He is an honest man, isn't he?
Ⓑ He was an honest man, was he?
Ⓒ He was an honest man, wasn't he?
Ⓓ He has been an honest man, has he?
Ⓐ,Ⓒ **Explanation** Positive sentense - এর tag question negative হয়। is, was থাকার কারণে এদের সাথে not হবে।

**08. 'In black and white' means-**
Ⓐ In writing Ⓑ Verbally
Ⓒ Falsely Ⓓ In colour
Ⓐ **Explanation** 'In black and white'- লিখিতভাবে।

**09. ......... is called erosion.**
Ⓐ The wearing away of land Ⓑ When lane wears away
Ⓒ Land which wears away Ⓓ The wear away land
Ⓐ **Explanation** Erosion - ভূমি ক্ষয়।

**10. One should eat food rich in B vitamins........brown rice to help the nervous system function properly.**
Ⓐ which are Ⓑ instead of
Ⓒ such as Ⓓ or
Ⓒ **Explanation** Such as - যেমন। কোন বাক্যে উদাহরণ দেয়ার জন্য such as ব্যবহৃত হয়।

**11. The correctly spelled word is:**
Ⓐ Susceptable Ⓑ Suceptable
Ⓒ Susceptible Ⓓ Sucepteble
Ⓒ **Explanation** সঠিক বানান susceptible (সক্ষম)।

**12. The correctly spelled word is:**
Ⓐ Paletable Ⓑ Palatable
Ⓒ Peletable Ⓓ Peleteble
Ⓑ **Explanation** সঠিক বানান palatable (সুস্বাদু)।



CamScanner

13. I was horrified.... the sight of so much distress.
ⓐ about ⓑ at ⓒ for ⓓ with
Explanation At the sight - দৃশ্য দর্শন করে।

14. His honesty and..... led him to.....
ⓐ deceit; prosperity ⓑ diligence; disaster
ⓒ skill; loss ⓓ ability; success
Explanation তার সততা এবং সামর্থ্য তাকে উন্নতির দিকে নিয়ে গেছে।

15. An antonym of 'hungry':
ⓐ satiated ⓑ angry
ⓒ feeling ⓓ thirsty
Explanation Hungry (ক্ষুধার্ত) - এর বিপরীত শব্দ satiated (তৃপ্ত)।

16. The tiny print on the poster is......small to read easily.
ⓐ so ⓑ much ⓒ very ⓓ too
Explanation Too......to এর ব্যবহার হয়েছে, এবং to - এর পরের clause টি positive হয় কিন্তু অর্থ negative হয়।

17. A synonym of 'plight' is:
ⓐ air travel ⓑ suffering
ⓒ fall ⓓ cruise
Explanation Plight (কষ্ট, দুর্দশা, খারাপ অবস্থা) -এর সমার্থক শব্দ suffering।

18. 'He could not believe his ears' means he was–
ⓐ incredulous ⓑ deaf
ⓒ guilty ⓓ hurt
Explanation Incredulous - অবিশ্বাসী। যে তার নিজের কানকে বিশ্বাস করে না এর মানে সে অবিশ্বাসী।

19. It was more than he could bear. A synonym for 'bear' is:
ⓐ have ⓑ get ⓒ find ⓓ endure
Explanation Bear (সহ্য করা) এর সমার্থক শব্দ endure।

20. Stay where you are until help.........
ⓐ arrives ⓑ arrived
ⓒ to arrive ⓓ arriving
Explanation Until - এর পর present indefinite tense হয়।

21. I have not......from him in three weeks.
ⓐ heard ⓑ listened ⓒ talked ⓓ spoke
Explanation Hear - শোনা

22. It was a......mistake!
ⓐ gross ⓑ gentle ⓒ good ⓓ gasping
Explanation Gross - ভুল। এটা একটা বড় ভুল ছিল।

23. He was unsure.......himself.
ⓐ in ⓑ for ⓒ of ⓓ to
Explanation Unsure of - অনিশ্চিত

24. Choose the appropriate article: Denmark is — European nation.
ⓐ the ⓑ an
ⓒ a ⓓ no article needed
Explanation ডেনমার্ক একটি ইউরোপীয় জাতি।

25. Choose the correct verb form: I want.......more careful with your homework in future.
ⓐ you be ⓑ that you are
ⓒ you will be ⓓ you to be
Explanation To be - হওয়া।

## সাধারণ জ্ঞান

০১. বাংলাদেশের জাতিসংঘের সদস্যপদ লাভের প্রচেষ্টাকে ব্যর্থ করতে ১৯৭২ সালে নিরাপত্তা পরিষদের যে স্থায়ী সদস্য রাষ্ট্র ভেটো প্রয়োগ করে-
ⓐ মার্কিন যুক্তরাষ্ট্র ⓑ ফ্রান্স
ⓒ গণপ্রজাতন্ত্রী চীন ⓓ সোভিয়েত ইউনিয়ন
Solve ১৯৭২ সালে প্রথম বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদে আবেদন করলে চীন ভেটো দিয়েছিল।

০২. 'মসলিন' কাপড়ের একটি টুকরা সংরক্ষিত আছে-
ⓐ মুক্তিযুদ্ধ জাদুঘরে ⓑ সোনারগাঁও লোকশিল্প জাদুঘরে
ⓒ জাতীয় জাদুঘরে ⓓ বরেন্দ্র জাদুঘরে
Solve মসলিন হলো তৎকালীন ঢাকা ও তার পার্শ্ববর্তী অঞ্চলে উৎপাদিত অতি সূক্ষ্ম একধরনের কাপড়। মসলিন শিল্পের অবনতি ও বিলুপ্তির প্রধান কারণ ইংল্যান্ডের শিল্পবিপ্লব। জাতীয় জাদুঘরে সংরক্ষিত শাড়িটি দান করেছিলেন পুরান ঢাকার জয়নাব খাতুন।

০৩. সুইজারল্যান্ডের দাভোসে অনুষ্ঠিত বিশ্ব উন্নয়ন ফোরাম ২০০৮ শীর্ষ বৈঠকে বাংলাদেশ থেকে যিনি অংশগ্রহণ করেন।
ⓐ তত্ত্বাবধায়ক সরকার প্রধান ⓑ সেনাপ্রধান
ⓒ অর্থ উপদেষ্টা ⓓ পররাষ্ট্র উপদেষ্টা

০৪. বাংলাদেশে প্রথম আদম শুমারি অনুষ্ঠিত হয় যে সনে-
ⓐ ১৯৭২ ⓑ ১৯৭৪
ⓒ ১৯৭৮ ⓓ ১৯৮১
Solve বাংলাদেশে এ যাবৎ আদমশুমারি হয় - ৬টি। যথা- ১৯৭৪, ১৯৮১, ১৯৯১, ২০০১, ২০১১, এবং ২০২২ সালে আদমশুমারির পরিবর্তে নাম জনশুমারি।

০৫. বাংলাদেশের যে বোলার প্রথম ১০০ টেস্ট উইকেট লাভ করে-
ⓐ মাশরাফি বিন মর্তুজা ⓑ সৈয়দ রাসেল
ⓒ গোলাম নওশের প্রিন্স ⓓ মোহাম্মদ রফিক
Solve বাংলাদেশের টেস্ট ক্রিকেটের ইতিহাসে মোহাম্মদ রফিক প্রথম ১০০ উইকেট লাভ করেন। সাকিব আল হাসান এপর্যন্ত টেস্ট ক্রিকেটে ২৩৩টি উইকেট লাভ করেছেন। সূত্র: ক্রিকইনফো সর্বশেষ তথ্যটি জেনে নিন।

০৬. বাংলাদেশের মাথাপিছু জাতীয় আয় কত মার্কিন ডলার?
ⓐ ২৮০ ⓑ ৪৫০
ⓒ ৫২০ ⓓ ৬৭০
Note : অর্থনৈতিক সমীক্ষা ২০২৪ অনুযায়ী মাথাপিছু জাতীয় আয় ২৭৮৪ মার্কিন ডলার।

০৭. বাংলাদেশের কোথায় ইউরেনিয়ামের সন্ধান পাওয়া গেছে?
ⓐ চন্দ্রনাথ পাহাড়ে ⓑ লালমাই পাহাড়ে
ⓒ কুলাউড়া পাহাড়ে ⓓ জলু টিলায়
Solve বাংলাদেশে প্রাপ্ত কয়েকটি মূল্যবান খনিজ পদার্থ:

| খনিজ পদার্থ | প্রাপ্তিস্থান |
|---|---|
| তেজস্ক্রিয় খনিজ পদার্থ / কালো সোনা | কক্সবাজার সমুদ্রসৈকত, সেন্টমার্টিন। |
| সোনা পাওয়ার সম্ভাবনা রয়েছে | দিনাজপুরের মধ্যপাড়া পাথর খনিতে। |
| লৌহ পাওয়ার সম্ভাবনা রয়েছে | দিনাজপুরের মধ্যপাড়া কয়লা খনিতে। |
| গন্ধক | কুতুবদিয়ায়। |

০৮. বাংলাদেশে মূল্য সংযোজন কর (VAT) চালু করা হয়-
ⓐ ১ জুলাই ১৯৯১ ⓑ ১ ডিসেম্বর ১৯৯১
ⓒ ১ জুলাই ১৯৯৬ ⓓ ১ ডিসেম্বর ১৯৯৬
Solve বাংলাদেশে মুক্তবাজার অর্থনীতি ও মূল্য সংযোজন কর (ভ্যাট) চালু হয় ১ জুলাই ১৯৯১ সালে। ১৯২২ সালে জার্মানিতে প্রথম ভ্যাট চালু হয়। বাংলাদেশ সরকারের সর্বোচ্চ রাজস্বের উৎস মূল্য সংযোজন কর। ভ্যাট দিবস ১০ জুলাই।



CamScanner

09. বাংলাদেশের প্রথম বেসরকারি বাণিজ্যিক ব্যাংক কোনটি?
Ⓐ ন্যাশনাল Ⓑ AB
Ⓒ আইএফআইসি Ⓓ সিটি
B Solve এবি ব্যাংক বা আরব বাংলাদেশ ব্যাংক বাংলাদেশের প্রথম বেসরকারি ব্যাংক। এটি প্রতিষ্ঠিত হয় ১২ এপ্রিল ১৯৮২ সালে।

10. কোনটি বাংলাদেশের লোকসঙ্গীতের একটি ধরন নয়?
Ⓐ ভাটিয়ালী Ⓑ গাম্ভীরা Ⓒ ঠুমরি Ⓓ জারি-সারি
C Solve ঠুমরি বাংলার লোক সঙ্গীতের কোন ধারা নয়। ঠুমরি গীতধারার প্রচলন করেন ভারতের লক্ষ্ণৌর বিশিষ্ট সঙ্গীতজ্ঞ নবাব ওয়াজেদ আলী শাহ্। তবে বাংলা গানে ঠুমরি ধারার প্রচলন করেন অতুলপ্রসাদ সেন।

11. REB-এ সংক্ষেপিত শব্দটির অর্থ
Ⓐ Railway Executive Board
Ⓑ Rajshahi Education Board
Ⓒ Railway Engineers of Bangladesh
Ⓓ Rural Electrification Board
D Solve REB-এর বর্তমান নাম Bangladesh Rural Electrification Board (BREB)। এটি প্রতিষ্ঠিত হয় ১৯৭৭ সালে।

12. সালদা গ্যাসক্ষেত্রটি বাংলাদেশের কোথায় অবস্থিত?
Ⓐ ব্রাহ্মণবাড়িয়া Ⓑ কুমিল্লা Ⓒ সিলেট Ⓓ ফেনী
A Solve সালদা গ্যাসক্ষেত্র ১৯৯৬ সালে ব্রাহ্মণবাড়িয়ায় আবিষ্কৃত হয়। সবচেয়ে বড় গ্যাসক্ষেত্র তিতাস। এটিও ১৯৬২ সালে ব্রাহ্মণবাড়িয়ায় আবিষ্কৃত হয়। এখান থেকেই ঢাকা শহরে গ্যাস সরবরাহ করা হয়।

13. রাজা রামমোহন রায় যে বিষয়ের বিরুদ্ধে আন্দোলন করেন-
Ⓐ প্রেস অর্ডিন্যান্স Ⓑ নীল চাষ Ⓒ নীল কমিশন Ⓓ রাইফেল ব্যবহার
A Solve ব্রিটিশ ভারতে ১৮২৩ সালে গভর্নর জেনারেল জন অ্যাডাম যখন ভারতীয় প্রেসের উপর বিধিনিষেধ আরোপ করে প্রেস অর্ডিন্যান্স জারি করেন তখন রামমোহন ও তাঁর বন্ধুগণ প্রিভি কাউন্সিলে স্মারকলিপি পেশ করে বলিষ্ঠভাবে এর প্রতিবাদ করেন।

14. যমুনা সেতু নির্মাণকারী কোম্পানির নাম কী?
Ⓐ দাইয়ু Ⓑ হুন্দাই Ⓒ স্যামসাং Ⓓ টাটা
B Solve যমুনা বহুমুখী সেতু বাংলাদেশের যমুনা নদীর উপর ১৯৯৮ সালে নির্মিত একটি সড়ক ও রেল সেতু। এটি যমুনা নদীর পূর্ব তীরের টাঙ্গাইল এবং পশ্চিম তীরের সিরাজগঞ্জকে যুক্ত করেছে।

15. দাবা খেলায় কতজন বাংলাদেশি গ্রান্ডমাস্টার উপাধি পায়?
Ⓐ ৩ Ⓑ ৪ Ⓒ ৫ Ⓓ ৬
C Solve বাংলাদেশে মোট ৫ জন গ্র্যান্ডমাস্টার খেতাব অর্জন করেছেন। আন্তর্জাতিক গ্রান্ডমাস্টার দাবা খেলার সর্বোচ্চ খেতাব যা দাবা খেলার আন্তর্জাতিক সংগঠন ফিদে কর্তৃক দেওয়া হয়।

16. বাংলাদেশি কোন সফটওয়্যার প্রকৌশলী ২০০৭ সনে 'অস্কার বৈজ্ঞানিক ও প্রকৌশল পুরস্কার' লাভ করেছেন?
Ⓐ নোরা আলী Ⓑ আবেদ আলী
Ⓒ নাফিস বিন সাত্তার Ⓓ আনোয়ার হোসেন
C Solve নাফিস বিন জাফর একজন বাংলাদেশি বংশোদ্ভূত সফটওয়্যার ইঞ্জিনিয়ার যিনি ২০০৭ সালে সাইন্স ও টেকনিক্যাল ক্যাটাগরিতে অস্কার / একাডেমি এ্যাওয়ার্ড লাভ করেছিলেন।

17. কান চলচ্চিত্র উৎসবের ইতিহাসে প্রথমবারের মত বাংলাদেশকে প্রতিনিধিত্বকারী চলচ্চিত্রটির নাম-
Ⓐ মাটির ময়না Ⓑ নিরন্তর Ⓒ স্বপ্নডানায় Ⓓ দিপু নং-২
A Solve ২০০২ সালে মুক্তিপ্রাপ্ত তারেক মাসুদ পরিচালিত মাটির ময়না বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধ সম্পর্কিত একটি ফিচার চলচ্চিত্র। প্রথম বাংলাদেশী চলচ্চিত্র হিসেবে শ্রেষ্ঠ বিদেশী ভাষার চলচ্চিত্র বিভাগে একাডেমি পুরস্কারে প্রতিদ্বন্দ্বিতার জন্য মনোনয়ন লাভ করেছিল।

18. নিউইয়র্কে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি-
Ⓐ সালমা খান Ⓑ ইসমাত জাহান
Ⓒ আনোয়ারুল করিম চৌধুরী Ⓓ হুমায়ুন কবির
Blank Solve বর্তমানে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি মোহাম্মদ সালাউদ্দিন নোমান চৌধুরি।

19. বাংলাদেশ জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে ১ম অংশগ্রহণ করে-
Ⓐ ১৯৮৫ Ⓑ ১৯৮৬
Ⓒ ১৯৮৭ Ⓓ ১৯৮৮
D Solve বাংলাদেশ প্রথম ১৯৮৮ সালে জাতিসংঘের ইরান-ইরাক শান্তিরক্ষা মিশনে (UNIIMOG) অংশগ্রহণ করে। বর্তমানে জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে বিশ্বে বাংলাদেশের অবস্থান তৃতীয় এবং প্রথম নেপাল।

20. বাংলাদেশের সর্ববৃহৎ রপ্তানি প্রক্রিয়াজাতকরণ অঞ্চল-
Ⓐ কুমিল্লা Ⓑ সাভার Ⓒ চট্টগ্রাম Ⓓ ঈশ্বরদী
C Solve বাংলাদেশে মোট ১০টি রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল রয়েছে (৮টি সরকারি ও ২টি বেসরকারি)। প্রথম ও সর্ববৃহৎ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল চট্টগ্রাম ইপিজেড যা ১৯৮৩ সালে প্রতিষ্ঠিত হয়। রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চলসমূহ নিয়ন্ত্রণ করে Bangladesh Export Processing Zone Authority – BEPZA. প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন এ সংস্থাটি ১৯৮০ সালে প্রতিষ্ঠিতত হয়। একমাত্র কৃষিভিত্তিক ইপিজেড উত্তরা, নীলফামারী।

21. ১৯৭১ সনে গৃহীত তেলিয়াপাড়া দলিলে যে রণকৌশল অবলম্বন করা হয় সেটির প্রণেতা-
Ⓐ মুক্তিবাহিনী Ⓑ পাকিস্তানি সেনা
Ⓒ ভারতীয় সেনা Ⓓ ইন্দো-বাংলা যৌথবাহিনী
A Solve ১৯৭১ সালের ৪ এপ্রিল হবিগঞ্জের মাধবপুর তেলিয়াপাড়া চা-বাগানে দ্বিতীয় ইস্ট বেঙ্গল রেজিমেন্টের উর্ধতন ২৭ জন সেনা কর্মকর্তার উপস্থিতিতে যুদ্ধের রণকৌশল গ্রহণ করা হয়।

22. খিয়াং সম্প্রদায় যেখানে বসবাস করে-
Ⓐ সিলেট Ⓑ দিনাজপুর
Ⓒ কুয়াকাটা Ⓓ পার্বত্য চট্টগ্রাম
D Solve পার্বত্য জেলা রাঙ্গামাটির রাজস্থলী উপজেলায় খিয়াং উপজাতিদের বসবাস। জানা গেছে, বান্দরবান জেলার রোয়াংছড়ি, নাইক্ষ্যংছড়ি এবং থানচি উপজেলায়ও কিছুসংখ্যক খিয়াং বসবাস করে।

23. এফডিসি কর্তৃক প্রযোজিত প্রথম সিনেমার নাম
Ⓐ মুখ ও মুখোশ Ⓑ আসিয়া
Ⓒ সংগম Ⓓ সূর্যস্নান
A Solve মুখ ও মুখোশ বাংলাদেশের (তৎকালীন পূর্ব পাকিস্তানের) প্রথম স্থানীয়ভাবে নির্মিত পূর্ণদৈর্ঘ্য সবাক চলচ্চিত্র। আব্দুল জব্বার খান পরিচালিত এ চলচ্চিত্রটি ১৯৫৬ সালের ৩ আগস্ট মুক্তি পায়।

24. অক্সিডেন্টাল মাগুরছড়া গ্যাসফিল্ড যার নিকট হস্তান্তর করে
Ⓐ এশিয়া এনার্জি Ⓑ বাপেক্স Ⓒ শেভরন Ⓓ ইউনোক্যাল
D Solve ১৯৯৭ সালের ১৪ জুন মৌলভীবাজার জেলার কমলগঞ্জ উপজেলার মাগুরছড়া গ্যাসক্ষেত্রে বিস্ফোরণ ঘটে এবং তখন এর খনন কার্যে নিয়োজিত ছিল মার্কিন কোম্পানি অক্সিডেন্টাল। ইউনোকলও আরেকটি মার্কিন তেল-গ্যাস অনুসন্ধান কোম্পানি।

25. ১৯৭০ সনে তৎকালীন পাকিস্তানের জাতীয় পরিষদ নির্বাচনে আওয়ামী লীগ কয়টি আসনে জয়লাভ করে?
Ⓐ ১৬৫টি Ⓑ ১৬৬টি Ⓒ ১৬৭টি Ⓓ ১৬৮টি
C Solve ১৯৭০ সালের ৭ ডিসেম্বর পাকিস্তানের জাতীয় পরিষদের নির্বাচন এবং ১৭ ডিসেম্বর তৎকালীন পূর্ব পাকিস্তানের প্রাদেশিক পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়। সংরক্ষিত ৭টি-সহ পূর্ব-পাকিস্তানে জাতীয় পরিষদের আসন ছিল ১৬৯টি এবং আওয়ামী লীগ পেয়েছিল ১৬৭টি আসন। প্রাদেশিক পরিষদের সংরক্ষিত ১০টি-সহ মোট ৩১০টি আসনের মধ্যে আওয়ামী লীগ পেয়েছিল ২৯৮টি আসন।



CamScanner